NETAJI SUBHAS OPEN UNIVERSITY

STUDY MATERIAL

APPLICATION ORIENTED COURSE

AOC 01

BASIC ACCOUNTANCY

Modules - 1, 2 & 3

পাক্‌কথন

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের সাম্মানিক স্নাতক স্তরের যে পাঠক্রম আছে তার অবিচ্ছেদ্য অঙ্গ হল পছন্দমতো সাম্মানিক বিষয়ের পাঠ শেষে একটি প্রয়োগ অভিমুখী বিষয়ে পাঠ গ্রহণ, যার সাহায্যে শিক্ষার্থী বিশেষ কোন ক্ষেত্রে কর্মসংস্থান এবং/অথবা স্বনিযুক্তির জন্য নিজেকে উপযোগী করে তুলতে পারেন। এই প্রয়োগমুখী বিষয়গুলির পাঠক্রম রচিত হয়েছে বিশেষজ্ঞদের দ্বারা, যাঁরা স্বক্ষেত্রে আমাদের রাজ্যে প্রতিষ্ঠিত ও খ্যাত। এ পর্যন্ত বাংলা ভাষায় এই সমস্ত বিষয়ের চর্চার অভাবের জন্য এই বইগুলি রচনায় তাঁদের বিশেষ শ্রম ও বিশ্লেষণ ধারার প্রতিফলন ঘটেছে।

দূর-সঞ্চারী শিক্ষাদানের স্বীকৃত পদ্ধতি অনুসরণ করেই এই সব পাঠ-উপকরণ লেখার কাজ চলছে। বিভিন্ন বিষয়ের অভিজ্ঞ পণ্ডিতমণ্ডলীর সাহায্য এ কাজে অপরিহার্য এবং যাঁদের নিরলস পরিশ্রমে লেখা, সম্পাদনা তথা বিন্যাসকর্ম সুসম্পন্ন হচ্ছে তাঁরা সকলেই ধন্যবাদের পাত্র। আসলে, এঁরা সকলেই অলক্ষ্যে থেকে দূরসঞ্চারী শিক্ষাদানের কার্যক্রমে অংশ নিচ্ছেন; যখনই কোনো শিক্ষার্থী এই পাঠ্যবস্তুনিচয়ের সাহায্য নেবেন, তখনই তিনি কার্যত একাধিক শিক্ষকমণ্ডলীর পরোক্ষ অধ্যাপনার তাবৎ সুবিধা পেয়ে যাচ্ছেন।

এইসব পাঠ-উপকরণের চর্চা ও অনুশীলনে যতটা মনোনিবেশ করবেন কোনও শিক্ষার্থী, বিষয়ের গভীরে যাওয়া তাঁর পক্ষে ততই সহজ হবে। বিষয়বস্তু যাতে নিজের চেষ্টায় অধিগত হয়, পাঠ-উপকরণের ভাষা ও উপস্থাপনা তার উপযোগী করার দিকে সর্বস্তরে নজর রাখা হয়েছে। এরপর যেখানে যতটুকু অস্পষ্টতা দেখা দেবে, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পাঠকেন্দ্রে নিযুক্ত শিক্ষা-সহায়কগণের পরামর্শে তার নিরসন অবশ্যই হ'তে পারবে। তার ওপর প্রতি পর্যায়ের শেষে প্রদত্ত অনুশীলনী ও অতিরিক্ত জ্ঞান অর্জনের জন্য গ্রন্থ-নির্দেশ শিক্ষার্থীর গ্রহণ-ক্ষমতা ও চিন্তাশীলতা বৃদ্ধির সহায়ক হবে।

এই অভিনব আয়োজনের বেশ কিছু প্রয়াসই এখনও পরীক্ষামূলক—অনেক ক্ষেত্রে একেবারে প্রথম পদক্ষেপ। স্বভাবতই ত্রুটি-বিচ্যুতি কিছু কিছু থাকতে পারে, যা অবশ্যই সংশোধন ও পরিমার্জনার অপেক্ষা রাখে। সাধারণভাবে আশা করা যায়, ব্যাপকতর ব্যবহারের মধ্য দিয়ে পাঠ-উপকরণগুলি সর্বত্র সমাদৃত হবে।

অধ্যাপক (ড.) শুভ শঙ্কর সরকার

উপাচার্য

তৃতীয় পুনর্মুদ্রণ : জুন, 2019

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের দূরশিক্ষা ব্যুরোর বিধি অনুযায়ী মুদ্রিত ।
Printed in accordance with the regulations of the Distance Education Bureau of the University Grants Commission.

পরিচিতি

বিষয় : প্রয়োগ অভিমুখী (প্রাথমিক হিসাবশাস্ত্র)

পাঠক্রম—পর্যায় ঃ প্রয়োগ অভিমুখী—১

	রচনা	সম্পাদনা
একক ১	অধ্যাপক রঞ্জিতকুমার বসু	অধ্যাপক নিখিল রঞ্জন বর্ধন
একক ২	ঐ	ঐ
একক ৩	ঐ	ঐ
একক ৪	ঐ	ঐ

পাঠক্রম—পর্যায় ঃ প্রয়োগ অভিমুখী—২

	রচনা	সম্পাদনা
একক ১	অধ্যাপক পিন্টু সরকার	অধ্যাপক নিখিল রঞ্জন বর্ধন
একক ২	ঐ	ঐ

পাঠক্রম—পর্যায় ঃ প্রয়োগ অভিমুখী—৩

	রচনা
একক ১	অধ্যাপক নিখিল রঞ্জন বর্ধন
একক ২	ঐ
একক ৩	ঐ

প্রজ্ঞাপন

এই পাঠ-সংকলনের সমুদয় স্বত্ব নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের দ্বারা সংরক্ষিত। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের লিখিত অনুমতি ছাড়া এর কোন অংশের পুনর্মুদ্রণ বা কোনভাবে উদ্ধৃতি সম্পূর্ণ নিষিদ্ধ।

মোহন কুমার চট্টোপাধ্যায়
নিবন্ধক

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

AOC-01

প্রয়োগ অভিমুখী

পাঠ্যক্রম

(প্রাথমিক হিসাবশাস্ত্র)

পর্যায়

1

একক 1 হিসাবশাস্ত্রের ভূমিকা 7-11

একক 2 হিসাবশাস্ত্র-সম্বন্ধীয় মৌলিক ধারণাসমূহ 12-17

একক 3 হিসাবশাস্ত্র-সম্বন্ধীয় দুই-তরফা দাখিলা পদ্ধতি 18-28

একক 4 হিসাবের বই 29-73

পর্যায়

2

একক 1 নগদান বই ও ব্যাঙ্ক সমন্বয় বিবরণী 77-135

একক 2 ক্রয় ও বিক্রয় বই 136-152

পর্যায়

3

একক 1 রেওয়ামিল (Trial Balance) 155-172

একক 2 চূড়ান্ত হিসাব ও উদ্বর্ত-পত্র (Final Accounts and Balance Sheet) 173-207

একক 3 এক-তরফা দাখিলা পদ্ধতি (Single Entry System) 208-223

একক ১ ☐ হিসাবশাস্ত্রের ভূমিকা

গঠন

১.০ উদ্দেশ্য

১.১ প্রস্তাবনা

১.২ হিসাবশাস্ত্রের সংজ্ঞা

১.৩ হিসাবশাস্ত্রের প্রকৃতি ও উদ্দেশ্য

১.৪ হিসাবশাস্ত্রের সুবিধা ও সীমাবদ্ধতা

১.৪.১ সুবিধা

১.৪.২ সীমাবদ্ধতা

১.৫ সারাংশ

১.৬ অনুশীলনী

১.৭ উত্তর সংকেত

১.৮ গ্রন্থপঞ্জি

১.০ উদ্দেশ্য

এই এককটি পাঠ করে আপনি জানতে পারবেন—

- হিসাবশাস্ত্র কী
- হিসাবশাস্ত্রের উদ্দেশ্য
- হিসাবশাস্ত্রের সুবিধা ও সীমাবদ্ধতা

১:১ প্রস্তাবনা

হিসাবশাস্ত্রের প্রকৃতি, উদ্দেশ্য, সুবিধা ইত্যাদি সম্পর্কে আপনাদের একটা ধারণা এখানে দেওয়া হয়েছে। আমাদের দৈনন্দিন জীবনে হিসাবশাস্ত্রের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। কারণ, আমাদের প্রতিদিনের আয় ও ব্যয়গুলি যদি সুসংবদ্ধভাবে লিপিবদ্ধ করে রাখি তবে আমরা সহজেই ভবিষ্যতের জন্য যেমন সঞ্চয়ের পরিকল্পনা করতে পারি, তেমনি আয় বুঝে ব্যয় করতেও পারি। একইভাবে এই অভিজ্ঞতা একটি প্রতিষ্ঠানের ক্ষেত্রেও প্রয়োগ করা যায়।

১.২ হিসাবশাস্ত্রের সংজ্ঞা

হিসাবশাস্ত্রবিদ্ পিক্সলী (Francis Pixley)-র মতে 'হিসাবশাস্ত্রকে একটি বিজ্ঞান বর্ণনা করা যেতে পারে যাহা যে-কোন ধরনের আর্থিক লেনদেন লিপিবদ্ধ করার কাজে লিপ্ত থাকে'। ('Accountancy may be described as a science which deals with the monetary transactions of every description'.)

১৯৬১ খ্রিস্টাব্দে American Institute of Certified Public Accountants-এর Committee of Terminology-হিসাবশাস্ত্রের একটি সংজ্ঞা দেন। এই সংজ্ঞা অনুযায়ী 'যে সকল লেনদেন ও ঘটনাসমূহ আংশিকভাবে হলেও আর্থিক চরিত্রবিশিষ্ট তাদের লিপিবদ্ধ করা, শ্রেণিবদ্ধ করা এবং এক বিশিষ্টরূপে সংক্ষেপণ করার মাধ্যমে ফলাফল বিশ্লেষণ করার কলাকে হিসাবশাস্ত্র বলে'। ('Accountancy is the art of recording, classifying and summarising in a significant manner and in terms of money, transactions and events which are, in part, at least, of a financial character and interpreting the results thereof'.)

A. W Johnson-এর বক্তব্য অনুযায়ী 'ব্যবস্থাপনাকে জ্ঞাত করানো এবং পথনির্দেশনার জন্য আর্থিকমূল্যে কারবারি লেনদেনসমূহের সংগ্রহ, সংকলন এবং নিয়মানুগ লিপিবদ্ধকরণের মাধ্যমে চূড়ান্ত ফলাফল প্রস্তুত, বিশ্লেষণ ও পর্যালোচনা করাকে হিসাবশাস্ত্র বলা হয়'। ('Accountancy may be defined as the collection, compilation and systematic recording of business transactions in terms of money, the preparation of final reports, the analysis and interpretation of these reports and the use of these reports for the information and guidance of management'.)

উপরের আলোচনা অনুসারে বলা যায় হিসাবনিকাশকরণ হল মূলত লেনদেন লিপিবদ্ধকরণ (recording)। লিপিবদ্ধ করবার সময় সহজে বোধগম্য হবার জন্য উহাদের শ্রেণিবদ্ধকরণ (Classifying) এবং সংক্ষেপণ (summarising) করা হয়। যে সকল ঘটনা টাকার অঙ্কে পরিমাণযোগ্য, কেবলমাত্র সেগুলিই লিপিবদ্ধ করা হয়। পরিশেষে এই লিপিবদ্ধ হিসাবের মাধ্যমে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার ফলাফল বিশ্লেষণ করা হয়।

১৯৬৬ খ্রিস্টাব্দে American Accounting Association হিসাবশাস্ত্রের এক গুরুত্বপূর্ণ সংজ্ঞা দিয়েছেন। তাদের মতে 'তথ্য-ব্যবহারকারীদের সঠিক বিচার-বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণে সক্ষম করার জন্য আর্থিক তথ্যের শনাক্তকরণ (identification), পরিমাপকরণ এবং পরিবেশনের প্রক্রিয়াকে' হিসাবনিকাশকরণ বলা হয় ('The process of identifying, measuring and communicating

economic information to permit informed judgement and decisions by the users of information' is called Accounting).

এই সংজ্ঞা অনুসারে—(১) সমাজের বিভিন্ন অংশ আর্থিক তথ্য ব্যবহার করেন; (২) সঠিক সিদ্ধান্ত গ্রহণে এই আর্থিক তথ্যগুলি তাদের সহায়তা করে; (৩) সুতরাং আর্থিক তথ্য যথাযথভাবে পরিবেশন সমাজের বিভিন্ন পক্ষের স্বার্থরক্ষা করে থাকে।

১.৩ হিসাবশাস্ত্রের প্রকৃতি ও উদ্দেশ্য

হিসাবশাস্ত্রের সংজ্ঞা বিশ্লেষণ করে এই শাস্ত্রের প্রকৃতি ও উদ্দেশ্য সম্পর্কে যে ধারণা হয় তা নিম্নে উল্লেখ করা হল ঃ

(১) লেনদেন লিপিবদ্ধকরণ, শ্রেণিবিদ্ধকরণ এবং সংক্ষেপণের মাধ্যমে আর্থিক বিবরণী প্রস্তুত ও বিশ্লেষণ করা। আর্থিক তথ্য-ব্যবহারকারীদের প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা।

(২) তথ্য প্রদানের মাধ্যমে ব্যবস্থাপকগণকে পরিকল্পনা গ্রহণ ও রূপায়ণে সাহায্য করা।

(৩) পূর্ব নির্ধারিত তথ্যের সাথে বাস্তব তথ্যের তুলনা করা এবং উহাদের পার্থক্য বিশ্লেষণ করে কারবার কার্যকলাপ নিয়ন্ত্রণ করা।

১.৪ হিসাবশাস্ত্রের সুবিধা ও সীমাবদ্ধতা

১.৪.১ সুবিধা

হিসাবনিকাশকরণের মাধ্যমে নিম্নলিখিত সুবিধা পাওয়া যায় ঃ

(১) ইহার মাধ্যমে নির্দিষ্ট সময়ান্তরে প্রতিষ্ঠানের আর্থিক কার্যাবলির ফলাফল জানা যায়।

(২) সঠিক হিসাবরক্ষণের মাধ্যমে তহবিল তছরূপ এবং অন্যান্য জাল-জুয়াচুরি সহজে ধরা পড়ে।

(৩) দেনাপাওনা হিসাবের বই থেকে বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট কত ধার আছে অথবা কত পাওনা আছে তাহা জানা যায়।

(৪) যথাযথ রক্ষিত হিসাব বই বিক্রয়কর, আয়কর ইত্যাদি নির্ধারণ সহজসাধ্য করে।

(৫) হিসাব-সংক্রান্ত যাবতীয় তথ্যাবলির উপর ভিত্তি করে সরকার ন্যায্য মূল্য নির্ধারণ,

শিল্পনীতি নির্ধারণ, আমদানি-রপ্তানি নীতি নির্ধারণ, অর্থনৈতিক পরিকল্পনা প্রস্তুত, শ্রমিক-মালিক বিরোধের সালিশিকরণ প্রভৃতি গুরুত্বপূর্ণ কার্য সম্পাদন করে থাকে।

(৬) ঋণদাতাগণ রক্ষিত হিসাবনিকাশের মাধ্যমে প্রস্তুত তথ্যাবলি বিশ্লেষণ করে প্রতিষ্ঠানের আর্থিক সচ্ছলতা বিচার করে ঋণ দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন।

(৭) কোনো মামলা-সংক্রান্ত ব্যাপারে হিসাবখাতাগুলি প্রামাণিক তথ্য হিসাবে আদালতে পেশ করা যায়।

(৮) হিসাবনিকাশকরণের মাধ্যমে প্রাপ্ত তথ্যের তুলনামূলক বিচার করে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার গতিপ্রকৃতি নিরূপণ করা যায় এবং তদনুযায়ী প্রয়োজনী সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয়।

১.৪.২ সীমাবদ্ধতা

হিসাবনিকাশকরণের সীমাবদ্ধতা সম্বন্ধে সাধারণত নিম্নলিখিত বক্তব্য রাখা হয় ঃ

(১) আর্থিক তথ্য ব্যতীত কোনো গুণগত বিষয়সমূহ হিসাবনিকাশকরণের মাধ্যমে জানা যায় না, যদিও এই সকল বিষয়সমূহ প্রতিষ্ঠানের কার্যকলাপকে প্রভাবিত করে। উদাহরণস্বরূপ শ্রমিক ও কর্মচারীদের দক্ষতা ও বিশ্বস্ততার কথা উল্লেখ করা যায়।

(২) উদ্বর্তপত্রে দায় ও সম্পত্তিগুলি বিভিন্ন মূল্য পদ্ধতিতে মূল্যায়ন করা হয়ে থাকে। স্থায়ী সম্পদগুলি নানা রকমের অতীত ক্রয়মূল্যে, চলতি সম্পদ চলতি মূল্যে এবং আর্থিক সম্পদ ও দায়গুলি চুক্তিবদ্ধ মূল্যে লিখিত হয়। সুতরাং উদ্বর্তপত্র রচনার দিনে অর্থের যে ক্রয়ক্ষমতা ছিল সেই মূল্যে উদ্বর্তপত্রে সকল তথ্যগুলি প্রকাশিত হয় না।

(৩) একই ক্রয়ক্ষমতাসম্পন্ন অর্থের এককে আয় ও খরচকে পরিমাপ করা হয় না বলে প্রচলিত হিসাব-ব্যবস্থা প্রতিষ্ঠানের যথার্থ ও ন্যায্য লাভ বা লোকসান নির্ণয় করতে পারে না।

(৪) মূল্য নির্ধারণে বিভিন্ন প্রতিষ্ঠান ইচ্ছামতো বিভিন্ন পদ্ধতি অনুসরণ করে। যেমন—অন্ত মজুত পণ্য বা অবচয় নির্ধারণে বিভিন্ন পদ্ধতির যে কোনটি গ্রহণ করা। ফলস্বরূপ, তুলনামূলক বিচার-বিশ্লেষণ করা যায় না।

(৫) প্রতিবেদনগুলি প্রস্তুতের সময় হিসাবরক্ষকগণ বিভিন্ন অনুমানের উপর নির্ভর করে অবচয়, অনাদেয় বাকি ও অন্যান্য ভবিষ্যৎ সংস্থান (provision) ইত্যাদি হিসাব করে। সুতরাং এদের পরিমাণ প্রশ্নাতীতভাবে সঠিক একথা বলা যায় না।

(৬) প্রচলিত হিসাবনিকাশকরণ পদ্ধতিতে মুদ্রাস্ফীতিতে যথাযথ গুরুত্ব দেওয়া হয় না। টাকার অঙ্কে হিসাব-ব্যবস্থায় সবকিছু পরিমাণ করা হয়। মুদ্রাস্ফীতির জন্য টাকার মূল্য কমতে থাকে; কিন্তু এই একককে স্থির ধরে নিয়ে হিসাবনিকাশকরণের কাজ করা হয়।

১.৫ সারাংশ

এই এককে আলোচনা করা হয়েছে যে, আধুনিক যুগে হিসাবশাস্ত্র শুধুমাত্র আর্থিক লেনদেনই লিপিবদ্ধকরণে সীমাবদ্ধ থাকে না, উপরন্তু বিবিধ মূল্যবান আর্থিক তথ্য সরবরাহ করে তথ্য ব্যবহারকারীদের উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণে সাবলম্বী করে তোলে।

এছাড়া এই এককে হিসাব-নিকাশ ব্যবস্থার সুবিধা ও সীমাবদ্ধতা সম্পর্কেও আলোকপাত করা হয়েছে।

১.৬ অনুশীলনী

তত্ত্বগত প্রশ্নাবলি

(১) হিসাব বলতে কী বোঝেন? হিসাবশাস্ত্রের উদ্দেশ্য কী?
What do you understand by the term 'Accountancy'? What are the objects of Accountancy?

(২) একজন ব্যবসায়ী তার হিসাবের বই থেকে কী কী তথ্য পেতে আশা করেন?
What kinds of information does a trader expect from his books?

(৩) হিসাবশাস্ত্রের সুবিধা ও সীমাবদ্ধতা সম্বন্ধে আলোচনা করুন।
Discuss the advantages and limitations of Accountancy.

১.৭ উত্তর সংকেত

(১) ১.২ এবং ১.৩ দেখুন।

(২) ১.৪.১ দেখুন।

(৩) ১.৪ দেখুন।

১.৮ গ্রন্থপঞ্জি

1. Goswami and Bardhan–*Higher Secondary Accountancy.*
2. Bhattacharya, S.–*Accountancy.*
3. Shukla, M.C. and Grewal, T.S.–*Advance Accounts.*

একক ২ ❑ হিসাবশাস্ত্র-সম্বন্ধীয় মৌলিক ধারণাসমূহ

গঠন

২.০ উদ্দেশ্য

২.১ প্রস্তাবনা

২.২ হিসাবশাস্ত্র ও হিসাবনিকাশকরণ

২.৩ হিসাবশাস্ত্রের মৌলিক ধারণাসমূহ

২.৩.১ মালিকানা

২.৩.২ সত্তা ধারণা

২.৩.৩ তহবিল ধারণা

২.৩.৪ চলমান প্রতিষ্ঠান সংক্রান্ত ধারণা

২.৩.৫ দ্বৈত বৈশিষ্ট্যমূলক ধারণা

২.৩.৬ মূলধনি, মুনাফা এবং বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়

২.৪ সারাংশ

২.৫ অনুশীলনী

২.৬ উত্তর সংকেত

২.৭ গ্রন্থপঞ্জি

২.০ উদ্দেশ্য

এই এককটি পাঠ করে আপনি জানতে পারবেন—

- হিসাবশাস্ত্র ও হিসাবনিকাশকরণ কী
- বিভিন্ন ধারণাসমূহ, এবং
- বিভিন্ন ধরনের ব্যয়

২.১ প্রস্তাবনা

আমাদের প্রচলিত হিসাবনিকাশকরণ ব্যবস্থা কয়েকটি প্রচলিত ধারণা বা রীতির উপর প্রতিষ্ঠিত। এই ধারণাগুলি সমস্ত প্রতিষ্ঠানই তাদের হিসাব প্রস্তুতিতে অনুসরণ করে। আবার সঠিকভাবে হিসাবপত্র রাখতে হলে আপনাকে বিভিন্ন ধরনের ব্যয় (যেমন—মূলধনি ব্যয়, মুনাফাজাতীয় ব্যয়) সম্পর্কে জানতে হবে।

২.২ হিসাবশাস্ত্র ও হিসাবনিকাশকরণ

হিসাবশাস্ত্র এবং হিসাবনিকাশকরণ শব্দ দুটি প্রায়শ একই অর্থে প্রয়োগ করা হয়। কিন্তু ইহারা এক নয়। হিসাবশাস্ত্র হচ্ছে এইরূপ একটি বিজ্ঞান যেখানে যাবতীয় আর্থিক লেনদেন লিপিবদ্ধ করার রীতিনীতি, পদ্ধতি ও কলাকৌশল পর্যালোচনা করা হয়। অপরদিকে হিসাবশাস্ত্রে উল্লিখিত রীতিনীতি, পদ্ধতি ও প্রণালী প্রয়োগের মাধ্যমে যথাযথ লিপিবদ্ধ লেনদেনসমূহ শ্রেণিবদ্ধ করে সংক্ষিপ্ত আকারে রূপান্তরিত করে তথ্য প্রস্তুত ও ব্যাখ্যা করা এবং পরিচালকমণ্ডলী ও অন্যান্যদের পরিবেশন করাকে হিসাবনিকাশকরণ বলে। সুতরাং হিসাবশাস্ত্র হচ্ছে মূল বিষয়বস্তু। হিসাবনিকাশকরণ উহার একটি শাখা মাত্র। হিসাবশাস্ত্রের ব্যাবহারিক প্রয়োগ হল হিসাবনিকাশকরণ।

২.৩ হিসাবশাস্ত্রের মৌলিক ধারণাসমূহ

হিসাবরক্ষকগণ যে সকল প্রচলিত ধারণা স্বীকার করে নিয়ে হিসাবরক্ষণের কাজ সম্পাদন করেন সেইগুলিকে হিসাবশাস্ত্রের মৌলিক ধারণা বলে। এই সকল প্রতিষ্ঠিত ধারণা, প্রথা ও রীতিনীতির দ্বারা হিসাবনিকাশ কার্যাবলি পরিচালিত হয়।

২.৩.১ মালিকানা ধারণা (Proprietary Concept)

এই ধারণা অনুযায়ী মালিককে ব্যবসায়ের মূল কেন্দ্রবিন্দু বলে ধরা হয় এবং ব্যবসায়কে মালিক থেকে পৃথক বলে মনে করা হয় না। প্রতিষ্ঠানের সমস্ত সম্পত্তির মালিকানা এবং সকল দেনা পরিশোধের দায়িত্ব মালিকের। এই ধারণা অনুযায়ী মালিককে হিসাবরক্ষণের কেন্দ্রবিন্দু ধরা হয়। প্রতিষ্ঠানের সম্পত্তি ও দেনার হ্রাসবৃদ্ধি মালিকের সম্পত্তি ও দেনার হ্রাসবৃদ্ধি ধরে নিয়ে যাবতীয় লেনদেনগুলি হিসাব খাতায় লেখা হয়। বৎসর শেষে এই দৃষ্টিভঙ্গির ভিত্তিতেই চূড়ান্ত হিসাব প্রস্তুত করা হয়। মালিকানা তত্ত্ব অনুসারে $P = \sum A - \sum L$; এখানে P হচ্ছে মালিকানা, A হচ্ছে সম্পত্তি এবং L হচ্ছে দেনা।

এই তত্ত্বটি উনবিংশ শতাব্দীর প্রথম ভাগ পর্যন্ত জনপ্রিয় আছে। কিন্তু বর্তমানে অধিকাংশ ব্যবসায়ের আয়তন বৃহৎ বলে একক মালিকের পক্ষে যাবতীয় কার্যকলাপ পরিচালনা করা সম্ভব নয়। তাই বর্তমানে এই তত্ত্বের ব্যবহার অনেকাংশে হ্রাস পেয়েছে।

২.৩.২ সত্তা ধারণা (Entity Concept)

এই ধারণায় কারবারকে মালিক থেকে সম্পূর্ণ পৃথক একটি আলাদা অস্তিত্ব সম্পন্ন সত্তা বলে স্বীকার করা হয়। কারবারি প্রতিষ্ঠান উহার মালিক থেকে পৃথক এবং স্বতন্ত্র ব্যক্তি বলে গণ্য হয়। যেমন---মহেন্দ্র দত্ত নামক একজন ব্যক্তি 'মহেন্দ্র দত্ত এন্ড সন্স' নামে একটি প্রতিষ্ঠান তৈরি করেছিলেন। এখানে মহেন্দ্র দত্ত এবং 'মহেন্দ্র দত্ত এন্ড সন্স' পরস্পর পৃথক এবং স্বতন্ত্র ব্যক্তি বলে গণ্য হবে। হিসাবরক্ষণের যাবতীয় কাজকর্ম প্রতিষ্ঠানকে কেন্দ্র করে লিপিবদ্ধ করা হয়। প্রতিষ্ঠানের যাবতীয় সম্পত্তি ও দেনা প্রতিষ্ঠানের নিজস্ব; উহা মালিকের নয়। এমনকি মালিকের নিয়োজিত মূলধন এবং অর্জিত লাভও প্রতিষ্ঠানের দায় বলে গণ্য করা হয়। অবশ্য অগ্রাধিকারের ক্ষেত্রে মালিকের দায় সর্বশেষ গুরুত্ব পায়। কারবার উঠে গেলে অন্যান্য সকল দায় শোধ করবার পর অবশিষ্ট অর্থ মূলধন খাতে মালিককে ফেরত দেওয়া হয়। এই তত্ত্ব অনুসারে প্রতিটি লেনদেন প্রতিষ্ঠানের সম্পত্তি ও দায়ের হ্রাসবৃদ্ধি ঘটায়। প্রতিষ্ঠানের হয়েই যাবতীয় আয় সংগৃহীত হয় এবং প্রতিষ্ঠানের হয়েই সব খরচ করা হয়। প্রতিষ্ঠানের নীট আয়কে মালিকের আয় বিবেচনা করা হয় না; উহা প্রতিষ্ঠানের নিজস্ব আয় বলে গণ্য হয়। এই আয়ের যে অংশ মালিকদের লভ্যাংশরূপে নির্ধারণ করা হয় উহাই প্রতিষ্ঠানের নিকট মালিকের পাওনা এবং প্রতিষ্ঠানের দেনা হিসাবে লিপিবদ্ধ হয়। এই ধারণা অনুযায়ী উদ্বর্তপত্রের সমীকরণটি হল---

$$\sum A = \sum L + P$$

এখানে $\sum A$ = যাবতীয় সম্পত্তির মূল্য, $\sum L$ = বহির্দায়ের সমষ্টি এবং P = মালিকের পাওনা অর্থাৎ অন্তর্দায়।

উনবিংশ শতাব্দীর মধ্যভাগে যৌথ মূলধনি কারবারের প্রসারের ফলে সত্তার ধারণা বিকাশ লাভ করে।

২.৩.৩ তহবিল ধারণা (Fund Concept)

এই ধারণা অনুসারে হিসাবরক্ষণের কেন্দ্রবিন্দু মালিক বা প্রতিষ্ঠান কেউই নয়; বিষয়বস্তু হল তহবিল। তহবিল ধারণা অনুসারে এক একটি নির্দিষ্ট কাজ করার জন্য কিছু সম্পত্তি বিনিয়োগ করা হয়। ভিন্ন ভিন্ন উদ্দেশ্যে নির্ধারিত সম্পত্তিগুলি নিয়ে বিভিন্ন তহবিল গঠিত হয়। প্রতিটি সম্পত্তি নির্দিষ্ট

তহবিলের উদ্দেশ্যসাধনের জন্য ব্যবহৃত হয়। এই তহবিলগুলিই হিসাবনিকাশের একক (Accounting Unit)। যেমন—ঋণপত্র পরিশোধ সঞ্চিতি তহবিল (Debenture Redemption Fund), স্থায়ী সম্পত্তি পুনঃসংস্থাপন তহবিল (Fixed Asset Replacement Fund) ইত্যাদি। প্রতিটি তহবিলের উপর ভিত্তি করেই হিসাবের বই লিপিবদ্ধ করা হয়। প্রতিটি তহবিলের জন্য এক একটি পৃথক আয়-ব্যয়ের হিসাব এবং উদ্বর্তপত্র রচনা করা যেতে পারে। এই ধারণার সার্থক প্রয়োগ হবে সেইসব ক্ষেত্রে যেখানে কোন মালিক নেই এবং সেখানে লাভ উপার্জন মুখ্য উদ্দেশ্য নয়। হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান প্রভৃতি সেবামূলক প্রতিষ্ঠানে এবং বিভিন্ন সরকারি বিভাগে তহবিল ধারণার প্রয়োগ দেখা যায়।

২.৩.৪ চলমান প্রতিষ্ঠান সংক্রান্ত ধারণা (Going Concern Concept)

এই ধারণায় বলা হয় যে কারবারি প্রতিষ্ঠানগুলি ভবিষ্যতে অনির্দিষ্টকাল ধরে চলবে। কারবার ধারবাহিকভাবে পণ্যের ক্রয়বিক্রয়, উৎপাদন প্রভৃতি কাজকর্ম করে চলে। বিক্রয়ের জন্য সর্বদাই পণ্য কিছু পরিমাণে মজুত থাকে; উৎপাদনের জন্য কাঁচামাল ও অন্যান্য উপাদান নিঃশেষিত হওয়ার আগেই নতুন করে ঐগুলি সংগ্রহ করা হয়। অবিরামভাবে কারবারি কার্যকলাপ চলার এই ধারাবাহিকতার উপর ভিত্তি করে বিভিন্ন প্রকার ব্যয়গুলিকে দু'ভাগে বিভক্ত করা হয়।

(১) যে সকল ব্যয়ের ফলে স্থায়ী সম্পদ সংগৃহীত হয় যা' কারবারে দীর্ঘকাল ব্যবহার করা যাবে তাকে মূলধন জাতীয় ব্যয় বলে। এই সম্পদগুলি বিক্রয়ের উদ্দেশ্যে সংগ্রহ করা হয় না। এদের মূল্যায়নের ক্ষেত্রে জীবনীকাল, ব্যবহারজনিত ক্ষয় অর্থাৎ অবচয়, ক্রয়মূল্য ও আনুষঙ্গিক ব্যয় ইত্যাদি বিবেচনা করা হয়।

(২) যে সকল ব্যয়ের উপযোগ একটি আর্থিক বছরের মধ্যে শেষ হয় তাকে মুনাফা জাতীয় ব্যয় বলে। চলমান প্রতিষ্ঠানের জীবনীকালকে ক্ষুদ্র ক্ষুদ্র সময়কালে বিভক্ত করা হয়। এক একটি সময়কাল হচ্ছে এক একটি আর্থিক বছর। প্রতিষ্ঠানকে চলমান ধরে প্রতিটি আর্থিক বছরের শেষে ঐ বছরের লেনদেনের ফলাফল নির্ধারণ করা আবশ্যক হয়ে পড়ে। যে সকল ব্যয়ের প্রভাব একটি নির্দিষ্ট আর্থিক বছরের মধ্যে সীমাবদ্ধ থাকে তাকে মুনাফা জাতীয় ব্যয় বলে। চলমান প্রতিষ্ঠান প্রতিটি আর্থিক বছরের শেষে লাভক্ষতির হিসাবের মাধ্যমে ঐ আর্থিক বছরের কাজের ফলাফল স্থির করে। এছাড়া উদ্বর্তপত্র প্রস্তুতের মাধ্যমে কারবারের দায় ও সম্পত্তির পরিমাণ নির্ধারণ করে।

২.৩.৫ দ্বৈত বৈশিষ্ট্যমূলক ধারণা (Dual Aspect Concept)

এই ধারণার উপর ভিত্তি করে দুই-তরফা দাখিলা পদ্ধতি (Double-Entry System of Accounting) গড়ে উঠেছে। এই ধারণা অনুযায়ী প্রতিটি লেনদেনের দুটি দিক আছে—একটি

গ্রহীতার দিক এবং অপরটি দাতার দিক। অর্থাৎ লেনদেন দ্বারা একটি পক্ষ সুবিধা গ্রহণ করবে এবং অপর পক্ষ সুবিধা দান করবে। এই দুটি পক্ষের জন্য দুটি হিসাবখাত থাকে— যে হিসাবখাত সুবিধা গ্রহণ করে তাকে ডেবিট এবং যে হিসাবখাত সুবিধা দান করে তাকে ক্রেডিট করা হয়।

২.৩.৬ মূলধনি, মুনাফা ও বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয় (Capital, Revenue and Deferred Revenue Expenditure)

যেসব ব্যয়ের সুবিধা একটি আর্থিক বছরের মধ্যে শেষ হয় না, একাধিক আর্থিক বছরের ঐ ব্যয়ের উপযোগিতা লাভ করা যায় তাকে মূলধনি ব্যয় বলে। এই ব্যয়গুলি অপৌনঃপুনিক ধরনের। যেমন যন্ত্রপাতি, গৃহসম্পত্তি, আসবাবপত্র ইত্যাদি সংগ্রহের জন্য যে ব্যয় করা হয় তা থেকে প্রাপ্ত সুবিধা একাধিক আর্থিক বছরে ভোগ করা যায়।

যে সকল ব্যয় থেকে প্রাপ্ত সুবিধা একটি হিসাব বছরের মধ্যে শেষ হয়ে যায়, পরবর্তীকালে এ থেকে আর কোনো সুবিধা পাওয়া যায় না তাকে মুনাফা জাতীয় ব্যয় বলে। যেমন—কোনো শ্রমিক-কর্মচারীকে কোনো নির্দিষ্ট সময়ের কাজের জন্য যে পারিশ্রমিক দেওয়া হল তা থেকে পরবর্তীকালে তার কাছ থেকে শ্রম সংগ্রহ করা যাবে না। উক্ত শ্রম প্রদানের জন্য তাকে আবার পারিশ্রমিক দিতে হবে।

কোনো মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ যদি খুব বেশি হয় এবং ঐ ব্যয় থেকে প্রাপ্ত সুবিধা যদি কয়েকটি হিসাবরক্ষণ কাল ধরে পাওয়া যায় তবে তাকে বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় বলা হয়। যেমন—কোনো প্রতিষ্ঠান বিজ্ঞাপন বাবদ যে ব্যয় করল তার প্রভাব আগামী তিনটি আর্থিক বছর ধরে পাওয়া যাবে বলে অনুমান করা হল; এই ব্যয়ের অর্থ তিন ভাগে ভাগ করে প্রতিটি হিসাবরক্ষণ কালে একটি ভাগকে মুনাফা জাতীয় ব্যয় রূপে দেখানো হবে। একেই বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় বলে।

২.৪ সারাংশ

এই এককে হিসাবশাস্ত্র এবং হিসাবনিকাশকরণের পার্থক্য উল্লেখ করা হয়েছে। অর্থনৈতিক চিন্তাধারার পরিবর্তনের সঙ্গে সঙ্গে যে হিসাবশাস্ত্রের ধারণাসমূহও পরিবর্তিত হয়েছে মালিকানা ধারণা, তহবিল ধারণা ও সত্তা ধারণার আলোচনার মাধ্যমে যে ব্যাখ্যা করা হয়েছে।

এছাড়া 'চলমান প্রতিষ্ঠান সংক্রান্ত ধারণা', 'দ্বৈত বৈশিষ্ট্যমূলক ধারণা' প্রভৃতি প্রচলিত ধারণাগুলি যে হিসাবশাস্ত্র গড়ে তুলেছে সে সম্পর্কেও এই এককে আলোকপাত করা হয়েছে।

২.৫ অনুশীলনী

তত্ত্বগত প্রশ্নাবলি

(১) 'হিসাবশাস্ত্র ও হিসাবনিকাশকরণ এক নয়।' আলোচনা করুন।
'Accountancy and Accounting are not the same.' Discuss.

(২) নিম্নলিখিতগুলি ব্যাখ্যা করুন (Explain the following) :

(ক) মালিকানা ধারণা (Proprietary Concept)

(খ) সত্তা ধারণা (Entity Concept)

(গ) তহবিল ধারণা (Fund Concept)

(ঘ) চলমান প্রতিষ্ঠান সংক্রান্ত ধারণা (Going Concern Concept)

(ঙ) দ্বৈত বৈশিষ্ট্যমূলক ধারণা (Dual Aspect Concept)

(৩) মূলধনি ব্যয়, মুনাফা জাতীয় ব্যয় এবং বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় বলতে কী বোঝেন উদাহরণসহ আলোচনা করুন।
Discuss with examples 'Capital Expenditure', 'Revenue Expenditure' and 'Deferred Revenue Expenditure'.

২.৬ উত্তর সংকেত

(১) ২.২ দেখুন

(২) (ক) ২.৩.১ দেখুন; (খ) ২.৩.২ দেখুন;
(গ) ২.৩.৩ দেখুন; (ঘ) ২.৩.৪ দেখুন;
(ঙ) ২.৩.৫ দেখুন।

(৩) ২.৩.৬ দেখুন।

২.৭ গ্রন্থপঞ্জি

1. Goswami and Bardhan–*Higher Secondary Accountancy.*
2. Bhattacharya, S. – *Accountancy.*
3. Shukla, M. C. and Grewal, T. S. – *Advance Accounts.*

একক ৩ ❑ হিসাবশাস্ত্র-সম্বন্ধীয় দুই-তরফা দাখিলা পদ্ধতি

গঠন

৩.০ উদ্দেশ্য

৩.১ প্রস্তাবনা

৩.২ দুই-তরফা দাখিলা পদ্ধতি ব্যাখ্যা

৩.৩ দুই-তরফা দাখিলা পদ্ধতির সুবিধা ও সীমাবদ্ধতা

৩.৩.১ সুবিধা

৩.৩.২ সীমাবদ্ধতা

৩.৪ হিসাবখাত

৩.৫ লেনদেন

৩.৬ হিসাবনিকাশ সমীকরণ

৩.৭ ডেবিট ও ক্রেডিট

৩.৮ হিসাবখাতের শ্রেণীবিভাগ

৩.৯ ডেবিট ও ক্রেডিট নির্ধারণের নিয়ম

৩.১০ সারাংশ

৩.১১ অনুশীলনী

৩.১২ উত্তর সংকেত

৩.১৩ গ্রন্থপঞ্জি

৩.০ উদ্দেশ্য

এই এককটি পাঠ করে আপনি জানতে পারবেন—

- দুই-তরফা দাখিলা পদ্ধতি কী এবং এর সুবিধা ও অসুবিধা
- লেনদেন কী
- হিসাবখাত কী ও এর প্রকারভেদ, এবং
- সুবর্ণ নীতি

৩.১ প্রস্তাবনা

হিসাবনিকাশের ক্ষেত্রে লেনদেন ও ঘটনার পার্থক্য খুব গুরুত্বপূর্ণ। আমরা হিসাবনিকাশকরণে কেবলমাত্র লেনদেনগুলিকে লিপিবদ্ধ করি। এই লেনদেনগুলিকে যে নিয়মে বিভিন্ন বইতে লেখা হয় সেটি হল দুই-তরফা দাখিলা পদ্ধতি। বিভিন্ন ধরনের হিসাবগুলিকে ডেবিট ও ক্রেডিট, এই দু'ভাগে ভাগ করে আমরা লেনদেনগুলিকে হিসাবের বইতে লিখি। দুই-তরফা দাখিলা পদ্ধতিই ব্যবসা ক্ষেত্রে প্রচলিত পদ্ধতি।

৩.২ দুই-তরফা দাখিলা পদ্ধতির ব্যাখ্যা

প্রতিটি লেনদেনের ক্ষেত্রে দুটি পক্ষ জড়িত থকে—এক পক্ষ সুবিধা পায় এবং অপর পক্ষ সুবিধা দেয়। যে পক্ষ সুবিধা পায়, তাকে বলে দেনাদার (Debtor) পক্ষ এবং যে পক্ষ সুবিধা দেয়, তাকে বলে পাওনাদার (Creditor) পক্ষ।

কোনো লেনদেনের সঠিক ফলাফল নির্ণয় করতে হলে এই লেনদেনের সঙ্গে জড়িত দু'টি পক্ষকে চিহ্নিত করতে হবে এবং দেনাদার পক্ষকে Debit ও পাওনাদার পক্ষকে Credit করতে হবে। প্রতিটি লেনদেন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার দুটি পরিবর্তন ঘটায়—উহার একটিকে ডেবিট এবং অপরটিকে ক্রেডিট হিসাবে লিপিবদ্ধ করতে হয়। উদাহরণস্বরূপ বলা যায় যে যদি ১১,০০০ টাকা মূল্যের যন্ত্রপাতি ক্রয় করা হয়ে থাকে, সেক্ষেত্রে দুটি পরিবর্তন হল—(১) ১১,০০০ টাকার যন্ত্রপাতি বৃদ্ধি এবং (২) সমপরিমাণ নগদ অর্থ হ্রাস। এই দুটি পরিবর্তন বিবেচনা করে লেনদেনটি হিসাবখাতায় লেখা হবে। সুতরাং যে-কোনো লেনদেনের জন্য একটি হিসাবখাতকে ডেবিট এবং সমপরিমাণ অর্থে অপর একটি হিসাবখাতকে ক্রেডিট করতে হবে।

যে পদ্ধতিতে প্রতিটি লেনদেনের সঙ্গে জড়িত পক্ষ দুটিকে চিহ্নিত করে একটি পক্ষকে ডেবিট এবং অপর পক্ষকে সমপরিমাণ টাকার অঙ্কে ক্রেডিট করা হয়, তাকে দুই-তরফা দাখিলা পদ্ধতি (Double-Entry System) বলা হয়।

৩.৩ দুই-তরফা দাখিলা পদ্ধতির সুবিধা ও সীমাবদ্ধতা

৩.৩.১ সুবিধা

(১) এই পদ্ধতিতে প্রতিটি লেনদেনের উভয়দিক লিপিবদ্ধ করা হয়। সুতরাং ইহার দ্বারা সম্পূর্ণ হিসাব রাখা সম্ভব।

(২) এই পদ্ধতিতে প্রতিটি ডেবিট হিসাবখাতের জন্য একটি করে সমপরিমাণ অঙ্কের ক্রেডিট হিসাবখাত থাকে; ফলে মোট ডেবিট এবং মোট ক্রেডিট সমান। এই কারণে এই পদ্ধতিতে রেওয়া মিল (Trial Balance)-এর মাধ্যমে হিসাব বইয়ের গাণিতিক শুদ্ধতা যাচাই করা সম্ভব।

(৩) লেনদেন সংক্রান্ত যে-কোনো প্রয়োজনীয় তথ্য অতি অল্প সময়ে ও সহজে পাওয়া যায়।

(৪) এই পদ্ধতিতে ক্রয়বিক্রয় এবং লাভক্ষতির হিসাব তৈরি করে কারবারের ফলাফল নির্ণয় করা যায়।

(৫) যাবতীয় সম্পত্তি ও দায় (Assets and Liabilities) সংক্রান্ত হিসাবখাতগুলির সাহায্যে উদ্‌বর্তপত্র (Balance Sheet) তৈরি করে কারবারের আর্থিক অবস্থা যাচাই করা যায়।

(৬) এই পদ্ধতিতে ভুল ও জালিয়াতি সহজে ধরা যায় বলে হিসাবরক্ষক ও অন্যান্য কর্মচারীদের উপর নৈতিক চাপ সৃষ্টি হয়।

(৭) দেনাদারদের নিকট কত টাকা পাওনা এবং পাওনাদারদের নিকট কত টাকা দেনা আছে তা সহজেই নির্ণয় করা যায়।

(৮) এই পদ্ধতিতে প্রস্তুত বিবরণীগুলি বিচার-বিশ্লেষণ করে কারবারের ব্যবস্থাপকগণ ভুল-ভ্রান্তি ও ত্রুটি-বিচ্যুতিগুলি চিহ্নিত করতে পারেন। ফলে ভবিষ্যতে কারবার পরিচালনার জন্য সঠিক ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়।

(৯) এই পদ্ধতিতে হিসাবনিকাশ করলে অত্যাধুনিক যন্ত্রপাতি ব্যবহার করা সম্ভব হয় এবং নিখুঁত তথ্য সংগ্রহ করা সম্ভব হয়।

উপরিউক্ত সুবিধাগুলি পাওয়া যায় বলে এই পদ্ধতি বর্তমানে সর্বশ্রেষ্ঠ পদ্ধতি বলে স্বীকৃত।

৩.৩.২ সীমাবদ্ধতা

এই পদ্ধতির বিবিধ সুবিধা থাকলেও নিম্নলিখিত কিছু অসুবিধাও রয়েছে ঃ

(১) এই পদ্ধতি প্রতিটি লেনদেন দুটি দিকে (Debit and Credit) এবং দুটি পর্যায়ে (Journal and Ledger) হিসাবের বইতে লেখা হয়। ফলে হিসাবের বইয়ের সংখ্যা ও আকার বৃদ্ধি পায় এবং জটিলতার সৃষ্টি হয়।

(২) এই পদ্ধতি ব্যয়বহুল এবং সময় সাপেক্ষ। সুতরাং ছোট প্রতিষ্ঠানের পক্ষে এই পদ্ধতিতে হিসাব রাখা কষ্টকর।

(৩) এই পদ্ধতিতে হিসাব লেখার জন্য দক্ষ কর্মচারী নিয়োগের প্রয়োজন হয়।

(৪) জটিলতার জন্য এই পদ্ধতিতে ভুল হবার সম্ভাবনা বেশি থাকে।

অবশ্য দুই-তরফা দাখিলা পদ্ধতির সুবিধার পরিমাণ অসুবিধার তুলনায় বহুগুণ বেশি বলে এই পদ্ধতি সর্বজনস্বীকৃত এবং বহুল প্রচলিত।

৩.৪ হিসাবখাত

নির্দিষ্ট কোনো ব্যক্তি বা বিষয় সংক্রান্ত যাবতীয় লেনদেনগুলি একত্রিত করে তারিখ অনুযায়ী পরপর লিপিবদ্ধ করে সংক্ষিপ্ত আকারে যে খতিয়ানের বিবরণী প্রস্তুত করা হয়, প্রতিটি ব্যক্তি বা বিষয় সংক্রান্ত ঐ বিবরণীকে হিসাবখাত বলে।

'An account is ledger record, in a summarised form of all the transactions that have taken place with particular person or thing specified.' – *R. N. Carter.*

৩.৫ লেনদেন

সাধারণ অর্থে যে-কোনো প্রকার আদানপ্রদানকে লেনদেন বলা হলেও হিসাবশাস্ত্রে এই শব্দটি একটি বিশেষ অর্থে ব্যবহৃত হয়। অর্থের মাপকাঠিতে মাপা যায় এইরূপ কোনো ঘটনার ফলে যদি কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটে তবে হিসাবশাস্ত্রে ঐ ঘটনাকে ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠানের লেনদেন বলে গণ্য করা হবে। যে-কোনো ঘটনাই লেনদেন নয়। লেনদেন হতে গেলে ঘটনাটি অর্থের মাপকাঠিতে মাপা যাবে এবং ঐ ঘটনার ফলে ব্যক্তি বা প্রতিষ্ঠানটির আর্থিক অবস্থার পরিবর্তন ঘটবে। লেনদেনগুলিকেই হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয়। লেনদেনের মাধ্যমে কোন সম্পত্তি, দেনা ও আয়-ব্যয়ের হ্রাসবৃদ্ধি বোঝায়। কোনো লেনদেন সংঘটিত হলে ঠিক কোনো সম্পত্তি, দেনা ও আয়-ব্যয়ের হ্রাসবৃদ্ধি ঘটেছে, তা খুঁজে বের করে সেই পরিবর্তনকেই হিসাব বইতে ডেবিট/ক্রেডিট-এর মাধ্যমে লিপিবদ্ধ করতে হবে।

৫০০ টাকা মাসিক ভাড়া শর্তে একটি বাড়িভাড়ার চুক্তি সম্পাদিত হল। ইহা লেনদেন নয়, কারণ এর দ্বারা কারবারের আর্থিক অবস্থার পরিবর্তন হয়নি। কিন্তু যখন বাড়িভাড়া বাবদ ৫০৯০ টাকা দেওয়া হল তখন এই অর্থ প্রদান লেনদেন রূপে গণ্য হবে।

নগদ অর্থের আদানপ্রদানের মাধ্যমে লেনদেন সংঘটিত হলে তাকে নগদ লেনদেন এবং ভবিষ্যতে নগদ অর্থের আদানপ্রদান হবার শর্তে বর্তমানে লেনদেন ঘটলে তাকে বাকি লেনদেন বলে।

৩.৬ হিসাবনিকাশ সমীকরণ (Accounting Equation)

দুই-তরফা দাখিলা পদ্ধতি সঠিকভাবে বুঝতে গেলে হিসাবনিকাশ সমীকরণের সাহায্য নিতে হয়। এই সমীকরণ অনুসারে—মোট সম্পত্তি = মোট দায় ($\sum$ASSETS = $\sum$LIABILITIES)। এর অর্থ হল কোনো প্রতিষ্ঠানের যে-কোনো সময় মোট সম্পত্তি ও মোট দায় সমান হবে। কোনো লেনদেন সংঘটিত হলে সম্পত্তি ও দায়ের পরিবর্তন অবশ্যই হবে; কিন্তু এই পরিবর্তনের ফলে সমীকরণটির কোনো পরিবর্তন হবে না। প্রতিটি লেনদেনের সঙ্গে জটিত দুটি পক্ষের প্রভাবে সম্পত্তি ও দায়ের নিম্নলিখিত পরিবর্তন ঘটে ঃ

(১) একটি সম্পত্তি বৃদ্ধি পেলে, অপর একটি সম্পত্তি হ্রাস পাবে।

(২) একটি সম্পত্তি বৃদ্ধি পেলে, একটি দায়ও সমপরিমাণে বৃদ্ধি পাবে।

(৩) একটি সম্পত্তি হ্রাস পেলে, একই সঙ্গে একটি দায়ও হ্রাস পাবে।

(৪) একটি দায় বৃদ্ধি পেলে, অপর একটি দায় হ্রাস পাবে।

৩.৭ ডেবিট ও ক্রেডিট

হিসাবশাস্ত্রের প্রতিটি লেনদেন বিশ্লেষণ করে দুটি পক্ষ চিহ্নিত করা হয়। যে পক্ষ লেনদেনের সুবিধা গ্রহণ করে উহাকে ডেবিট করা হয় অর্থাৎ ঐ হিসাবখাতের ডেবিট দিকে লেনদেনের বিবরণ লেখা হয়। যে পক্ষ লেনদেনের সুবিধা দান করে উহাকে ক্রেডিট করা হয় অর্থাৎ উহার ক্রেডিট দিকে লেনদেনের বিবরণ লেখা হয়।

৩.৮ হিসাবখাতের শ্রেণিবিভাগ

যে সকল হিসাবখাতের মাধ্যমে লেনদেনগুলিকে লেখা হয় উহাদিগকে তিনটি শ্রেণিতে বিভক্ত করা হয়—

(১) ব্যক্তি-সম্পর্কিত হিসাবখাত (Personal Account); (২) সম্পত্তি-সম্পর্কিত হিসাবখাত (Real Account); এবং (৩) নামিক হিসাবখাত (Nominal Account)। কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান সংক্রান্ত হিসাবখাতকে ব্যক্তি সম্পর্কিত হিসাবখাত বলে। যেমন— Rahim A/c, Barasat College Account, Biswas Brothers' Account, UTI Bank Ltd. A/c ইত্যাদি।

কোনো সম্পত্তি সংক্রান্ত লেনদেন যে হিসাবখাতে লেখা হয় তাকে Real A/c বা সম্পত্তি-সংক্রান্ত হিসাবখাত বলে। যেমন—Plant and Machinery A/c, Furniture A/c, Land and Building A/c ইত্যাদি।

আয়-ব্যয়, লাভ ও ক্ষতি সংক্রান্ত হিসাবখাতগুলিকে নামিক হিসাবখাত বা Nominal Account বলে। যেমন— Rent, Salary, Discount Allowed ইত্যাদি ব্যয় এবং Discount Received, Commission Received ইত্যাদি আয় সংক্রান্ত হিসাবখাতগুলি নামিক হিসাবখাত রূপে গণ্য হয়।

৩.৯ ডেবিট ও ক্রেডিট নির্ধারণের নিয়ম

কোনো লেনদেন হিসাব বইতে লিপিবদ্ধ করতে হলে প্রথমে লেনদেনটির সঙ্গে জড়িত হিসাবখাতের দু'পক্ষকে চিহ্নিত করতে হবে। অতঃপর কোন্ হিসাবখাত ডেবিট হবে এবং কোন্ হিসাবখাত ক্রেডিট হবে তা নির্ণয় করতে হবে। এই ডেবিট-ক্রেডিট নির্ণয়ের দুটি পদ্ধতি আছে—

১। হিসাবখাতের শ্রেণি অনুযায়ী নির্ণয়

২। হিসাবনিকাশ সমীকরণ অনুযায়ী নির্ণয়

(১) **হিসাবখাতে শ্রেণি অনুযায়ী ডেবিট / ক্রেডিট নির্ণয় ঃ** ব্যক্তি সম্পর্কিত হিসাবখাতের ক্ষেত্রে, ব্যক্তি বা প্রতিষ্ঠান সুবিধা গ্রহণ করলে তাকে ডেবিট করা হয় এবং সুবিধা প্রদান করলে তাকে ক্রেডিট করা হয় (Debit–the receiver of benefit and Credit–the giver of benefit)।

সম্পত্তি সম্পর্কিত হিসাবখাতের ক্ষেত্রে সম্পত্তি আসলে ডেবিট এবং সম্পত্তি চলে গেলে ক্রেডিট করা হয় (Debit–what comes in and Credit–what goes out)।

নামিক হিসাবখাতের ক্ষেত্রে ব্যয় ও ক্ষতির হিসাবখাতকে ডেবিট এবং লাভ ও আয়ের হিসাবখাত ক্রেডিট করা হয় (Debit–expenses and losses; Credit–incomes and gains)।

(২) **হিসাবনিকাশ সমীকরণ অনুযায়ী ডেবিট / ক্রেডিট নির্ণয় ঃ**

(ক) সম্পত্তি বৃদ্ধি পেলে — সম্পত্তির হিসাবখাত ডেবিট হবে
সম্পত্তি হ্রাস পেলে — সম্পত্তির হিসাবখাত ক্রেডিট হবে

(খ) দায় বৃদ্ধি পেলে — দায়ের হিসাবখাত ক্রেডিট হবে
দায় হ্রাস পেলে — দায়ের হিসাবখাত ডেবিট হবে

(গ) মূলধন বৃদ্ধি পেলে — ক্রেডিট

মূলধন হ্রাস পেলে — ডেবিট

(ঘ) ব্যয় ও ক্ষতি হলে — ডেবিট

আয় ও লাভ হলে — ক্রেডিট

উদাহরণ :

(১) Started business with cash (নগদ অর্থ নিয়ে ব্যবসা চালু করা হল) :

Cash (সম্পত্তি) বৃদ্ধি পাবে — Cash A/c ডেবিট হবে

Capital (মূলধন) বৃদ্ধি পাবে — Capital A/c ক্রেডিট হবে

(২) Cash deposited into Bank (নগদ টাকা ব্যাঙ্কে জমা দেওয়া হল) :

ব্যাঙ্কে জমা (সম্পত্তি) বৃদ্ধি পাবে — Bank A/c ডেবিট হবে

নগদ অর্থে (সম্পত্তি) হ্রাস পাবে — Cash A/c ক্রেডিট হবে

(৩) Purchased Machine from X & Co. (X & Co.-র কাছ থেকে মেশিন কেনা হয়েছে) :

মেশিন (সম্পত্তি) বৃদ্ধি পাবে — Machine A/c ডেবিট হবে

X & Co.-এর কাছে দায় (দায়) বৃদ্ধি পাবে — X & Co. A/c ক্রেডিট হবে

(৪) Paid salary by cheque (চেক দ্বারা বেতন দেওয়া হল) :

বেতন বাবদ ব্যয় বৃদ্ধি পাবে — Salary A/c ডেবিট হবে

ব্যাঙ্কে জমা (সম্পত্তি) হ্রাস পাবে — Bank A/c ক্রেডিট হবে

(৫) Earned discount from a creditor (একজন পাওনাদারের কাছ থেকে বাট্টা পাওয়া গেল) :

Creditor-এর নিকট বকেয়া অর্থ (দায়) হ্রাস পাবে — Creditor A/c ডেবিট হবে

বাট্টা বাবদ আয় বৃদ্ধি পাবে — Discount Received A/c ক্রেডিট হবে

৩.১০ সারাংশ

এই এককে লেনদেনগুলি লিপিবদ্ধ করার একমাত্র বৈজ্ঞানিক পদ্ধতি দুই-তরফা দাখিলা পদ্ধতি সম্পর্কে আলোচনা করা হয়েছে। লেনদেন কাকে বলে, হিসাবখাত কি, হিসাবনিকাশ সমীকরণ এবং প্রতিটি লেনদেনের সঙ্গে সংশ্লিষ্ট দুটি পক্ষের হিসাবখাতগুলির ডেবিট/ক্রেডিট নির্ণয় পদ্ধতি সম্পর্কে বিস্তৃত আলোচনা অন্তর্ভুক্ত হয়েছে। হিসাবখাতগুলি তিন শ্রেণির—ব্যক্তিক হিসাবখাত, সম্পত্তির হিসাবখাত এবং নামিক হিসাবখাত। ব্যক্তিক হিসাবখাতের ক্ষেত্রে গ্রহীতাকে ডেবিট এবং দাতাকে ক্রেডিট, সম্পত্তির হিসাবখাতের ক্ষেত্রে আগত সম্পত্তিকে ডেবিট এবং নির্গত সম্পত্তিকে ক্রেডিট এবং নামিক হিসাবখাতের ক্ষেত্রে ব্যয়-ক্ষতিকে ডেবিট ও আয়-লাভকে ক্রেডিট করা হয়। অর্থের মাপকাঠিতে মাপা যায় এই প্রকার ঘটনাকেই লেনদেন বলে। লেনদেনগুলি প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটায়। এই লেনদেনগুলিকেই দুই-তরফা দাখিলা পদ্ধতির নিয়ম অনুযায়ী হিসাববদ্ধ করা হয়। হিসাবখাতগুলির ডেবিট ও ক্রেডিট নির্ণয় হিসাবনিকাশ সমীকরণের সাহায্যেও করা সম্ভব।

৩.১১ অনুশীলনী

তত্ত্বগত প্রশ্নাবলি

(১) দুই-তরফা দাখিলা পদ্ধতি বলতে কী বোঝেন? এর সুবিধা ও সীমাবদ্ধতা বর্ণনা করুন।
What do you understand by Double-Entry System? State its advantages and limitations.

(২) লেনদেন বলতে কী বোঝেন? 'সকল লেনদেনই ঘটনা কিন্তু সকল ঘটনা লেনদেন নয়'— উদাহরণসহ ব্যাখ্যা করুন।
What do you mean by a transaction? 'All transactions are events but all events are not transactions'. Explain with examples.

(৩) সংক্ষিপ্ত টীকা লিখুন :
Write short notes on :

(ক) হিসাবখাত (Account)

(খ) হিসাবনিকাশ সমীকরণ (Accounting Equation)

(গ) ডেবিট ও ক্রেডিট (Debit and Credit)

(ঘ) হিসাবনিকাশের সুবর্ণ নিয়মাবলি (Golden Rules in Accounting)

(৪) হিসাবখাতগুলির শ্রেণিবিভাগ করুন। বিভিন্ন শ্রেণির হিসাবখাতগুলি ডেবিট ও ক্রেডিট করবার নিয়মাবলি কী?
Classify accounts. What are the rules of debiting and crediting different classes of accounts?

(৫) সঠিক শব্দ/শব্দসমূহ চয়ন করে বাক্য সম্পূর্ণ করুন ঃ

Select the correct word/words and complete the sentence :

(a) In Double-Entry System every transaction affects two accounts/two sides of the same account.

(b) Double-Entry System means–entry of two sets of books/entry for two aspects of the transactions.

(c) Furniture Account is a Nominal Account/Real Account.

(d) Appointment of an Accountant at a monthly salary of Rs. 4,500 is an event/ a transaction.

(e) Purchase of a machine is an internal transaction/external transaction.

(f) Depreciation of machinery is an internal transaction/external transaction.

(৬) নিম্নলিখিতগুলি লেনদেন কি-না নির্ণয় করুন ঃ

Determine which of the following are transactions :

(a) Appointed Mr. Gargari as office manager at a monthly salary of Rs. 3,500.

(b) Sold old newspapers–Rs. 240.

(c) Submitted a tender for a work for Rs. 1,80,000.

(d) Purchased furniture for Rs. 1,200 from Hadaram on credit.

(e) Placed an order to a supplier for supply of different goods– Rs. 6,700

(f) Gave an advance of Rs. 2,000 to a supplier.

(g) Gave a donation to a charitable organization–Rs. 800.

(৭) নিম্নলিখিত হিসাবখাতগুলির শ্রেণিবিভাগ করুন ঃ

Classify the following accounts :

(a) Purchase A/c

(b) Furniture A/c

(c) Capital A/c

(d) Dividend Received A/c

(e) Trade Mark A/c

(f) Sales A/c

(g) Bank Overdraft A/c

(h) Outstanding Salary A/c

(i) Prepaid Insurance A/c

(j) Debtors A/c

(k) Drawings A/c

(l) Stock of Goods A/c

(m) Cash A/c

(n) Leasehold Premises A/c

(o) Purchase Return A/c

(p) Provision for Doubtful Debts A/c

(q) Bills Receivable A/c

(r) Loan A/c

(s) General Reserve A/c

(t) Goodwill A/c

(u) Bank A/c

(v) Depreciation A/c

(w) Bills payable A/c

(x) Office Equipment A/c

(৮) নিম্নলিখিত লেনদেনগুলি থেকে নগদ অথবা বাকি লেনদেনগুলি যুক্তিসহ নির্ণয় করুন ঃ

Determine cash or credit transactions and give reasons :

(a) Rent due but not paid – Rs. 3,000

(b) Returned Goods to Rahim, a supplier–Rs. 2,000.

(c) Bad debts written off–Rs. 300

(d) Sold an old furniture to Bikash–Rs. 350.

(e) Purchased a computer for–Rs. 32,000

(f) Repaid loan to Mukul–Rs. 5,000

(g) Goods taken over by the proprietor for personal use–Rs. 1,200

(h) Opened a Bank A/c with State Bank of India by depositing–Rs. 4,000

৩.১২ উত্তর সংকেত

(১) ৩.২ এবং ৩.৩ দেখুন

(২) ৩.৫ দেখুন।

(৩) (ক) ৩.৪ দেখুন; (খ) ৩.৬ দেখুন

(গ) ৩.৭ দেখুন; (ঘ) ৩.৯ দেখুন;

(৪) ৩.৮ এবং ৩.৯ দেখুন।

(৫) (a) Two accounts; (b) Entry for two aspects of the transactions; (c) Real Account; (d) An Event; (e) External transaction; (f) Internal transaction.

(৬) লেনদেন ঃ b, d, f এবং g

লেনদেন নয় ঃ a, c এবং e

(৭) Personal Accounts : c, g, h, i, j, k, q, r, u এবং w

Real Accounts : b, e, l, m, n, t এবং x

Nominal Accounts : a, d, f, o, p, s এবং g

(৮) নগদ ঃ e, f এবং h বাকি ঃ a, b, c, d এবং g

৩.১৩ গ্রন্থপঞ্জি

1. Goswami and Bardhan–*Higher Secondary Accountancy.*
2. Bhattacharya, S.–*Accountancy.*
3. Shukla, M.C. and Grewal, T.S.– *Advance Accounts.*

একক ৪ ❑ হিসাবের বই

গঠন

৪.০ উদ্দেশ্য

৪.১ প্রস্তাবনা

৪.২ জাবেদা (Journal)

৪.২.১ জাবেদা কাকে বলে?

৪.২.২ জাবেদা লিখবার নিয়মাবলি

৪.২.৩ জাবেদার দাখিলা—উদাহরণ

৪.৩ খতিয়ান (Ledger)

৪.৩.১ খতিয়ান কাকে বলে?

৪.৩.২ খতিয়ান লিখবার নিয়মাবলি

৪.৩.৩ হিসাবখাতের জের টানা

৪.৪ জাবেদা ও খতিয়ান সম্পর্কিত উদাহরণ

৪.৫ জাবেদার শ্রেণিবিভাগ

৪.৬ খতিয়ানের শ্রেণিবিভাগ

৪.৭ সারাংশ

৪.৮ অনুশীলনী

৪.৯ উত্তর সংকেত

৪.১০ গ্রন্থপঞ্জি

৪.০ উদ্দেশ্য

এই এককটি পাঠ করে আপনি জানতে পারবেন—

- প্রাথমিক হিসাবের বই (জাবেদা) কী ও এর প্রয়োজনীয়তা
- খতিয়ান কী ও এর প্রয়োজনীয়তা

৪.১ প্রস্তাবনা

আমরা ইতিমধ্যে লেনদেন কী এবং কীভাবে ডেবিট ও ক্রেডিট নির্ণয় করতে হয় তা জেনেছি। এখন আসুন এই হিসাবগুলিকে কীভাবে প্রাথমিক হিসাবের বই এবং পাকা হিসাবের বইতে (খতিয়ান) লিপিবদ্ধ করা হয় তা আলোচনা করি।

৪.২ জাবেদা (Journal)

৪.২.১ জাবেদা কাকে বলে?

কোনো লেনদেন যে বইতে প্রাথমিকভাবে লেখা হয় তাকে জাবেদা বই বলে। লেনদেনগুলি সংগঠিত হবার সঙ্গে সঙ্গে সেগুলির ডেবিট ও ক্রেডিট দু'পক্ষ নির্ধারণ করে পর পর তারিখ অনুসারে সংক্ষিপ্ত বিবরণসহ লেনদেনগুলিকে এই বইতে লিপিবদ্ধ করা হয়। সর্বপ্রথম লেনদেনগুলিকে এই বইতে লেখা হয় বলে একে প্রাথমিক বইও (Book of Primary Entry) বলা হয়। জাবেদায় লিপিবদ্ধকরণকে 'জাবেদা দাখিলা' (Journalising) বলে।

৪.২.২ জাবেদা লিখবার নিয়মাবলি

লেনদেনগুলিকে জাবেদা বইতে লেখার জন্য সাধারণত যে ছক ব্যবহার করা হয় তা' নীচে দেওয়া হল ঃ

				Dr.	Cr.
Date	Particulars	V.N.	L.F.	Amount Rs.	Amount Rs.
(1)	(2)	(3)	(4)	(5)	(6)

(1) Date : এই ঘরে লেনদেনের তারিখ উল্লেখ করা হয়।

(2) Particulars : এই ঘরে লেনদেনের দুটি পক্ষের হিসাবখাতগুলির নাম পৃথকভাবে দুটি লাইনে লেখা হয়। প্রথম লাইনে ডেবিট হিসাবখাতটি এবং দ্বিতীয় লাইনে ক্রেডিট হিসাবখাতটি লেখা হয়। ডেবিট হিসাবখাতটি লেখার পর 'Dr.' শব্দটি এবং ক্রেডিট হিসাবখাতটির পূর্বে 'To' শব্দটি ব্যবহার করা হয়, হিসাবখাত দুটির নীচে লেনদেনটির সংক্ষিপ্ত ব্যাখ্যা (Narration) লিখতে হয়।

(3) V. N. (Voucher Number) : প্রতিটি লেনদেনের প্রামাণ্য দলিল থাকে। এই দলিলগুলিতে ক্রমানুসারে নম্বর দেওয়া হয়। প্রতিটি দাখিলার পাশে এই ঘরে উক্ত লেনদেনের প্রামাণ্য দলিলের নম্বরটি বসানো হয় যাতে পরবর্তীকালে লেনদেনের প্রমাণ্য দলিল সহজে খুঁজে বের করা হয়।

(4) L. F. (Ledger Folio) : জাবেদায় লিখিত হিসাবখাতগুলি খতিয়ানের বিভিন্ন পাতায় পৃথকভাবে লেখা হয়। প্রতিটি হিসাবখাতের জন্য পৃষ্ঠা নির্দিষ্ট থাকে। এই ঘরটিতে প্রতিটি ডেবিট এবং ক্রেডিট হিসাবখাতের পাশাপাশি ঐ হিসাবখাতটি খতিয়ানের যে পাতায় লেখা আছে, সেই পাতার নম্বরটি উল্লেখ করা হয়।

(5) ও (6) ডেবিট হিসাবখাতটি যে লাইনে লেখা হয়েছে সেই লাইনে (5) নম্বর ঘরে টাকার অঙ্ক এবং ক্রেডিট হিসাবখাতের নামের লাইনে (6) নম্বর ঘরে টাকার অঙ্ক লিখতে হবে।

৪.২.৩ জাবেদার দাখিলা—উদাহরণ

উদাহরণ-১ শ্রী A.K. Basu-এর জাবেদা বইতে ২০০২ সালের জানুয়ারি মাসের নিম্নলিখিত লেনদেনগুলি লিপিবদ্ধ করুন ঃ

Enter the following transactions in the Journal of Sri A. K. Basu for the month of January, 2002 :

2002			Rs.
January	1	Started business with Capital	50,000
	3	Bought machines from Bengal Machine Tools Ltd.	15,000
	5	Bought furniture from Bharat Furniture & Co. in cash	2000
	8	Purchased goods from Kuber Bros.	12,500
	10	Paid rent	1,500
	12	Opened a Bank Account with State Bank of India and deposited cash	18,000
	13	Paid Kuber Bros. in full settlement by cash	12,000

			Rs.
January	15	Sold good in cash and deposited the proceeds into Bank	8,600
	18	Paid salary by cheque	6,200
	20	Withdrew cash from Bank for office use	7,500
	22	Sold goods to Kuntal on credit	4,500
	22	Paid carriage on goods sent to Kuntal	200
	25	Withdrew cash from Bank for personal use	600
	26	Paid electricity	850
	28	Borrowed from Amarnath	5,000
	30	Paid commission to selling Agent	1,100
	31	Charged depreciation on Machinery	900

সমাধান ঃ

In the books of Sri A. K. Basu

JOURNAL

Date		Particulars	V.N.	L.F.	Dr. Amount Rs.	Cr. Amount Rs.
2002						
Jan.	1	Cash A/c Dr. To Capital A/c (Being cash introduced as capital)			50,000	50,000
"	3	Machine A/c Dr. To Bengal Machine Tools Ltd. A/c (Being Machines Purchased on credit			15,000	15,000

[Contd.

2002					Rs.	Rs.
Jan.	5	Furniture A/c Dr. To Cash A/c (Being Furniture Purchased in cash)			2,000	2000
"	8	Purchased A/c Dr. To Kuber Bros. A/c (Being goods purchased on Credit)			12,500	12,500
"	10	Rent A/c Dr. To Cash A/c (Being cash paid for rent)			1,500	1,500
"	12	Bank A/c Dr. To Cash A/c (Being Bank Account opened by depositing cash)			18,000	18,000
"	13	Kuber Bros. A/c Dr. To Cash A/c To Discount Received A/c (Being Cash paid and discount earned)			12,500	12,000 500
"	15	Bank A/c Dr. To Sales A/c (Being goods sold and sale proceeds deposited into Bank)			8,600	8,600
"	18	Salary A/c Dr. To Bank A/c (Being salary paid by cheque)			6,200	6,200

[Contd.

2002					Rs.	Rs.
Jan.	20	Cash A/c Dr. To Bank A/c (Being cash withdrawn from Bank for office use			7,500	7,500
"	22	Kuntal A/c Dr. To Sales A/c (Being Goods sold on credit)			4,500	4,500
"	22	Carriage Outward A/c Dr. To Cash A/c (Being carriage paid on goods sold			200	200
"	25	Drawing A/c Dr. To Bank A/c (Being cash withdrawn from Bank for personal purpose)			600	600
"	26	Electricity A/c Dr. To Cash A/c (Being cash paid for electricity)			850	850
"	28	Cash A/c Dr. To Loan from Amarnath A/c (Being cash taken from Amarnath as loan)			5,000	
"	30	Commission A/c Dr. To Cash A/c (Being commission paid in cash)			1,100	1,100
"	31	Depreciation A/c Dr. To Machinery A/c (Being machinery depreciated)			900	900

উদাহরণ-২ নিম্নলিখিত লেনদেনগুলি জাবেদায় লিপিবদ্ধ করুন ঃ

Journalise the following transactions :

2001		
July	1	Started business with cash – Rs. 45,000, Furniture–Rs. 2,500 and Land & Building–Rs. 40,000
"	2	Purchased goods in cash–Rs. 18,000
"	3	Purchased goods on credit from Panchugopal–Rs. 7,500
"	4	Sold goods to Abhijit on credit–Rs. 13,500
"	5	Sold goods in cash – Rs. 7,000
"	7	Returned goods to Panchugopal–Rs. 1,200
"	8	Returned goods by Abhijit–Rs. 1,800
"	10	Paid Salary–Rs. 800
"	12	Paid advertisement expense–Rs. 450
"	13	Opened a bank account by depositing–Rs. 8,750 into Bank
"	15	Paid Panchugopal by cheque–Rs. 6,000 in full settlement of his account
"	16	Received cash from Abhijit–Rs. 10,000
"	18	Sold a defective machine–Rs. 1,200
"	20	Received rent from Manas–Rs. 900
"	21	Paid wages–Rs. 2,400
"	22	Withdrawn for personal use–Rs. 600
"	23	Purchased postal stamps and stationery items–Rs. 480
"	25	Received commission–Rs. 2,400
"	27	Received Loan from Atul De–Rs. 12,000

" 28 Paid interest–Rs. 625

" 30 Repaid loan taken from Atul De–Rs. 12,000

" 31 Cash deposited into Bank–Rs. 2,000

" 31 Paid salary to domestic servant–Rs.300

সমাধান ঃ

In the books of.....

JOURNAL

Date	Particulars	V.N.	L.F.	Dr. Amount Rs.	Cr. Amount Rs.
2001					
July 1	Land and Building A/c Dr.			40,000	
	Furniture A/c Dr.			2,500	
	Cash A/c Dr.			45,000	
	To Capital A/c				87,500
	(Being land and building, furniture and cash introduced as capital)				
" 2	Purchase A/c Dr.			18,000	
	To Cash A/c				18,000
	(Being goods purchased in cash)				
" 3	Purchase A/c Dr.			7,500	
	To Panchugopal A/c				7,500
	(Being goods purchased on credit)				

[Contd.

2001				Rs.	Rs.
July 4	Abhijit A/c Dr. To Sales A/c (Being goods sold on credit)			13,500	13,000
„ 5	Cash A/c Dr. To Sales A/c (Being goods sold in cash)			7,000	7,000
„ 7	Panchugopal A/c Dr. To Return Outward A/c (Being goods returned to Panchugopal)			1,200	1,200
„ 8	Return Inward A/c Dr. To Abhijit A/c (Being goods turuned by Abhijit)			1,800	1,800
„ 10	Salary A/c Dr. To Cash A/c (Being cash paid for salary)			800	800
„ 12	Advertisement A/c Dr. To Cash A/c (Being advertisement expense paid off)			450	450
„ 13	Bank A/c Dr. To Cash A/c (Being cash deposited into Bank)			8,750	8,750
„ 15	Panchugopal A/c Dr To Bank A/c To Discount Received A/c (Being cheque issued in settlement of account and discount earned)			6,300	6,000 300

[Contd.

2001				Rs.	Rs.
July 16	Cash A/c Dr. To Abhijit A/c (Being cash Received)			10,000	10,000
„ 18	Cash A/c Dr. To Machinery A/c (Being cash received on sales of defective machine)			1,200	1,200
„ 20	Cash A/c Dr. To Rent Received A/c (Being rent received)			900	900
„ 21	Wages A/c Dr. To Cash A/c (Being wages paid)			2,400	2,400
„ 22	Drawing A/c Dr. To Cash A/c (Being cash taken by the proprietor for personal purpose)			600	600
„ 23	Postage and Starionery A/c Dr. To Cash A/c (Being cash paid for purchase of stamp and stationery items)			480	480
„ 25	Cash A/c Dr. To Commission Received A/c (Being commission earned)			2,400	2,400
„ 27	Cash A/c Dr To Loan from Atul De A/c (Being loan taken from Atul De)			12.000	12,000

[Contd.

2001					Rs.	Rs.
July 28	Interest A/c To Cash A/c (Being interest Paid)	Dr.			625	625
„ 30	Loan from Atul De A/c To Cash A/c (Being loan repaid)	Dr.			12,000	12,000
„ 31	Bank A/c To Cash A/c (Being cash deposited into Bank)	Dr.			2,000	2,000
„ 31	Drawings A/c To Cash A/c (Being salary paid to domestic servant)	Dr.			300	300

কয়েকটি গুরুত্বপূর্ণ লেনদেন লিপিবদ্ধকরণের পদ্ধতি

(১) Goods বা পণ্যসামগ্রী ক্রয়-বিক্রয় প্রতিষ্ঠানের অন্যতম প্রধান উদ্দেশ্য। এই পণ্যসামগ্রী লেনদেনের জন্য কেবলমাত্র Goods Account (Real Account) রক্ষিত হলে কোনো নির্দিষ্ট সময়ের মোট ক্রয়, মোট বিক্রয়, ক্রয় ফেরত এবং বিক্রয় ফেরতের পরিমাণ জানা সম্ভব নয়। এই কারণে Goods Account-এর পরিবর্তে একটি প্রতিষ্ঠান Purchase Account, Sales Account, Purchase Return Account এবং Sales Return Account-এর (প্রত্যেকটিই Nominal Account) মাধ্যমে পণ্যসামগ্রীর আদানপ্রদান সংক্রান্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করে থাকে।

(২) পণ্যসামগ্রী ব্যতীত অপর কোনো সম্পত্তির (যেমন— Furniture, Machinery, Patent Right, Land and Building) আদানপ্রদানের ক্ষেত্রে ঐ বিশেষ সম্পত্তির Account কে ডেবিট-ক্রেডিট করতে হবে।

(৩) অফিসের প্রয়োজনী কোনো যন্ত্রপাতি ক্রয় করা হ'লে Office Equipment Account কে ডেবিট করতে হবে।

(৪) বাকিতে পণ্যসামগ্রী অথবা অন্য সম্পত্তি ক্রয়-বিক্রয় করা হলে যে ব্যক্তি বা প্রতিষ্ঠানের সঙ্গে লেনদেনটি সংগঠিত হয়েছে ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠানটি লেনদেনের একটি পক্ষরূপে গণ্য হবে এবং উহা অবস্থা অনুসারে ডেবিট/ক্রেডিট করতে হবে।

৪.৩ খতিয়ান (Ledger)

৪.৩.১ খতিয়ান কাকে বলে?

খতিয়ান হিসাবের পাকা খাতা। জাবেদায় সকল লেনদেনের ডেবিট ও ক্রেডিট তারিখ অনুযায়ী পর পর লেখা হয়। খতিয়ানে একই পাতায় একাধিক হিসাবখাত থাকে না। প্রতিটি হিসাবখাতের জন্য পৃথক পৃথক পাতা নির্দিষ্ট থাকে। প্রতিটি হিসাবখাতের জন্য নির্দিষ্ট পাতায় ঐ হিসাবখাতটি জাবেদায় ডেবিট করা হলে উহার ডেবিট দিকে এবং জাবেদায় উহা ক্রেডিট করা হলে উহার ক্রেডিট দিকে অর্থমূল্যসহ বিপরীত দিকের হিসাবখাতটির নাম লিখতে হয়। এইরূপে খতিয়ানে প্রতিটি হিসাবখাতের পৃথক বিশ্লেষণ থাকে। সুতরাং জাবেদায় লিপিবদ্ধ লেনদেনগুলিই খতিয়ানের সংশ্লিষ্ট হিসাবখাতে তোলা হয়। এই লিখবার প্রক্রিয়াকে 'হিসাব তোলা' বা Posting বলে।

খতিয়ানে লিপিবদ্ধ যাবতীয় হিসাবখাতগুলির জের (Balance) নিয়ে হিসাব বছর শেষে চূড়ান্ত ফলাফলের হিসাব (Final Account) তৈরি করা হয়। সুতরাং জাবেদার তুলনায় খতিয়ান অনেক বেশি গুরুত্বপূর্ণ।

৪.৩.২ খতিয়ান লিখবার নিয়মাবলি

খতিয়ানে হিসাবখাতগুলি যে ছকে লেখা হয় তা নীচে দেওয়া হল ঃ

.....A/c

Dr. Cr.

Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.

এই ছক থেকে দেখা যাচ্ছে যে প্রতিটি হিসাবখাতে দুটি দিক আছে—একটিকে Debit (Dr.) দিক এবং অপরটিকে Credit (Cr.) দিক বলা হয়। হিসাবখাতটির নাম ছকের উপরে লিখতে হয়। ছকের প্রতিটি দিকে একইরকম ভাগ আছে।

Date : এই ঘরে লেনদেনের তারিখ লিখতে হয়।

Particulars : এই ঘরে অপর যে হিসাবখাতটির সঙ্গে লেনদেনটি ঘটেছে তার নাম উল্লেখ করতে হয়। Debit দিকে 'To' এবং Credit দিকে 'By' লিখে তারপর হিসাবখাতটির নাম লেখা হয়।

J. F. (Journal Folio) : জাবেদায় লেনদেনটি যে পাতায় লেখা রয়েছে সেই পাতার নম্বর এই ঘরে লেখা হয়।

Amount : লেনদেনটির টাকার অঙ্ক এই ঘরে লেখা হয়।

খতিয়ানে হিসাবখাতগুলিকে লেনদেনগুলি কিভাবে লেখা তার নমুনা নীচে দেওয়া হল :

Transactions in the books of *Y*

On 12th December, 2001, Purchased goods from X & Co. for Rs. 2,500

On 15th December, 2001, Returned goods to X & Co. worth Rs. 350, being inferior in quality.

On 22nd December, 2001, Issued a cheque of Rs. 1,200 to X & Co.

In the Books of *Y*

JOURNAL (Folio No. 5)

Date	Particulars	V.N.	L.F.	Dr. Amount Rs.	Cr. Amount Rs.
12.12.01	Purchase A/c Dr. To X & Co. A/c (Being goods purchased on credit)		26 32	2,500	 2,500
15.12.01	X & Co. A/c Dr. To Return Outward A/c (Being goods returned to the supplier)		32 27	350	 350
22.12.01	X & Co. A/c Dr. To Bank A/c (Being cheque issued)		32 15	1,200	 1,200

LEDGER

X & Co. A/c (Folio No. 32)

Dr. Cr.

Date	Particulars	J.F.	Amonnt Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
15.12.01	To Return Outward A/c	5	350	12.12.01	By Purchase A/c	5	2,500
22.12.01	To Bank A/c	5	1,200				
22.12.01	To Balance c/d		950				
			2,500				2,500
				23.12.01	By Balance b/d		950

Purchase A/c (Folio No. 26)

Dr. Cr.

Date	Particulars	J.F.	Amonnt Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
12.12.01	To X & Co. A/c	5	2,500	22.12.01	By Balance c/d		2,500
			2,500				2,500
23.12.01	To Balance b/d		2,500				

Return Outward A/c (Folio No. 27)

Dr. Cr.

Date	Particulars	J.F.	Amonnt Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
নগদ অর্থ (Currency Notes & Coins) পেলে অর্থাৎ নগদ জমার জন্য

ব্যাঙ্কে টাকা জমা পড়লে

নগদ অর্থ প্রদান করা হলে অর্থাৎ নগদ ব্যয়

চেক মারফত যাবতীয় প্রদান বা ব্যয়ের জন্য

বিপরীত দাখিলা (Contra Entry) : দুই-তরফা দাখিলা পদ্ধতি অনুযায়ী প্রতিটি লেনদেনের জন্য একটি পৃথক হিসাবখাত Debit করা হয় এবং অপর একটি পৃথক হিসাবখাত Credit করা হয়। ফলত জাবেদা হইতে দাখিলাটি (Entry) খতিয়ানে তোলার (posting) সময় দুইটি পৃথক পৃথক হিসাবখাতে উহা লেখা হয়, একই হিসাবখাতের দুদিকেই ঐ দাখিলাটি পাশাপাশি সাধারণ ক্ষেত্রে লেখা যায় না। কিন্তু ক্যাশ বইয়ের ক্যাশঘর এবং ব্যাঙ্কঘর খতিয়ানের Cash A/c এবং Bank A/c এর বিকল্প। সেইজন্য Cash A/c এবং Bank A/c-এর মধ্যে কোনো লেনদেন ঘটলে দুটি দাখিলাই দুই ও তিনঘরা ক্যাশ বইয়ের দুদিকে পাশাপাশি লেখা হয়। এইরূপ দাখিলাকে বিপরীত দাখিলা (Contra Entry) বলে। এরূপ দাখিলা করার সময় নগদান বই-এর উভয় দিকে L.F.-এর ঘরে খতিয়নের পাতার সংখ্যার পরিবর্তে 'C' (Contra শব্দটির সংক্ষেপ) এই অক্ষরটি লেখা হয়। অতএব, কোনো লেনদেনের Debit এবং Credit উভয়দিক একই হিসাবখাতের উভয়দিকে লিপিবদ্ধ করা হলে তাকে বিপরীত দাখিলা (Contra Entry) বলা হয়। যেমন, ব্যাঙ্কে টাকা জমা দিলে (Cash deposited into Bank) দাখিলাটি হবে—

Bank A/c.....Dr.

To Cash A/c

ইহা দুই-ঘরা নগদান বইয়ের ডেবিট দিকে Bank-এর ঘরে 'To Cash' বলে বসবে এবং পাশাপাশি ক্রেডিট দিকে Cash-এর ঘরে 'By Bank' বলে বসবে।

প্রসঙ্গত উল্লেখযোগ্য, যখনই কোনো প্রদান (payment) চেক মারফত করা হবে, তখনই Bank A/c অবশ্যই Credit হবে এবং ইহা দুই-ঘরা নগদান বই-এর ক্রেডিট দিকে ব্যাঙ্কের ঘরে বসবে। কিন্তু কারও কাছ থেকে কোন চেক পাওয়া গেলে, তা সর্বদাই Bank-এর ঘরে যে বসবে, তা বলা যাবে না। যদি উহা ঐদিনই ব্যাঙ্কে জমা দেওয়া হয়, তবে Bank-এর ঘরে বসবে। যদি ঐদিন ক্যাশ-বাক্সে রাখা হয়, তবে পাওয়ার দিন Debit দিকে Cash-এর ঘরে বসবে এবং যেদিন ঐ চেক ব্যাঙ্কে জমা দেওয়া হবে, সেদিন Bank A/c-কে ডেবিট ও Cash A/c-কে ক্রেডিট করে Contra Entry হবে।

দুই-ঘরা নগদান বই-সংক্রান্ত অতিরিক্ত জ্ঞাতব্য বিষয় (Additional information about Double Column Cash Book) :

	লেনদেন (Transaction)			দাখিলা (Entry)
(ক)	বিক্রয় বাবদ/ দেনাদারের কাছ থেকে কোনো চেক পাওয়া গেলে (A cheque received from sales / debtors)	☞ চেক পাওয়ার দিন কি দাখিলা হবে, তার জন্য লক্ষ্য করুন, ঐ চেকটি পাওয়ার পর ঐ দিনই ব্যাঙ্কে জমা দেওয়া হয়েছে, না কোনো কারণে জমা দেওয়া সম্ভব না হলে ঐদিন ঐ চেকটি ক্যাশ-বাক্সে রাখা হয়েছে	১ম সম্ভাবনা ↓ চেকটি পাওয়ার দিনই ব্যাঙ্কে জমা দেওয়া হয়েছে। (বিঃদ্রঃ— অন্য কিছু উল্লেখ না থাকলে, চেকটি পাওয়ার দিনই ব্যাঙ্কে জমা দেওয়া হয়েছে, অনুমান করতে হবে। যদি কোনোরূপ উল্লেখ ছাড়া পরবর্তী কোন দিনে চেকটি প্রত্যাখ্যাত হয়, তাহলে বুঝতে হবে চেকটি পাওয়ার দিনই ব্যাঙ্কে জমা দেওয়া হয়েছে।)	Bank A/c.....Dr. To Sales A/c of Debtors A/c (পাওয়ার দিন যথা জমা দেওয়ার দিন) পরবর্তী কোনো দিনে কোনো কারণবশতঃ ব্যাঙ্ক চেকের টাকা প্রদান না করে ফেরত দিলে অর্থাৎ চেকটি ব্যাঙ্ক কর্তৃক প্রত্যাখ্যাত (Dishonour) হলে, প্রত্যাখ্যানের দিন— Debtors A/c.....Dr. To Bank A/c

[Contd.

লেনদেন (Transaction)		দাখিলা (Entry)
	২য় সম্ভাবনা ↓ যদি চেকটি পাওয়ার দিন ক্যাশ-বাক্সে রেখে দেওয়া হয়।	
	এখন লক্ষ্য করতে হবে, ঐ চেকটি নিয়ে পরবর্তী দিনে কী করা হয়েছে, এর উপর পরবর্তী দিনের দাখিলা নির্ভর করছে। পরবর্তী দিনে চেকটি সম্পর্কে নিম্নলিখিত বিকল্পগুলি লেনদেন ঘটতে পারে:	
১ম বিকল্প (কোন চেকের গ্রাপক বা ধারক যখন চেকের পিঠে স্বাক্ষর করে তার স্বত্ব অপরকে অর্পণ করে, তখন তাকে স্বত্বান্তর বা হস্তান্তর বলা হয়।)	পরবর্তী দিনে চেকটি পাওনাদারকে স্বত্বান্তর করা হলে	Creditors A/c....Dr. To Cash A/c পরবর্তী কোনো দিনে ঐ চেকটি ব্যাঙ্ক প্রত্যাখ্যান করলে— Debtors A/c....Dr. To Creditors A/c
২য় বিকল্প	পরবর্তী কোনো দিনে চেকটি ব্যাঙ্কে যথা-বিহিত জমা করা হলে	Bank A/c....Dr. To Cash A/c (জমার দিন বিপরীত দাখিলা) পরে ঐ চেকটি প্রত্যাখ্যান হলে— Debtors A/c....Dr. To Bank A/c

[Contd.

লেনদেন (Transaction)		দাখিলা (Entry)
৩য় বিকল্প (বাহকদেয় (Bearer) এবং আদেশবাহী (Order) চেকবিশিষ্ট খোলা (open) চেক সরাসরি ব্যাঙ্ক কাউন্টারে ভাঙিয়ে নগদ টাকা পাওয়া যায়)	পরবর্তী কোনো দিনে চেকটি ব্যাঙ্ক কাউন্টারে ভাঙিয়ে টাকা পাওয়া গেলে	কোনো দাখিলার প্রয়োজন নাই। যেহেতু পাওয়ার দিনই Cash A/c-কে Dr. করা হয়েছে। পরে ঐ চেকটি ব্যাঙ্ক প্রত্যাখ্যান করলে— Debtors A/c....Dr. To Bank A/c
৪র্থ বিকল্প	পরবর্তী কোনো দিনে চেকটি ব্যাঙ্কে জমা দেওয়ার সময় কোন কারণবশত ব্যাঙ্ক কাউন্টারেই উহা প্রত্যাখ্যাত হলে	Debtors A/c....Dr. To Cash A/c
(খ) যদি কোনো চেক পাওয়ার দিনই পাওনাদারকে স্বত্বান্তর বা হস্তান্তর করা হয়	এক্ষেত্রে নগদ টাকার কোনো পরিবর্তন হয় না। সুতরাং নগদান বইতে কোনো দাখিলা হবে না। এর জন্য দাখিলা হবে— Creditors A/c....Dr. To Debtors A/c	
(গ) পণ্য ক্রয় বাবদ কিংবা পাওনাদারকে চেক মারফত অর্থ পরিশোধ করলে (Issued a cheque against purchase of goods/ to a creditor from whom goods were purchased earlier)	চেক দেওয়ার দিন। Purchase A/c/ Creditors A/c.....Dr. To Bank A/c কিন্তু পরবর্তীকালে ঐ চেক কোনো কারণে প্রত্যাখ্যান (Dishonour) হলে বা কোনো পাওনাদারকে চেক দেওয়ার পর যদি কোনো কারণে তাকে চেকের টাকা প্রদান না করার জন্য ব্যাঙ্ককে সেই মর্মে নির্দেশনামা (stop order) দেওয়া হলে Bank A/c....Dr. To Creditors A/c (চেকটি প্রত্যাখ্যান বা বাতিলকরণের দিন)	

[Contd.

লেনদেন (Transaction)	দাখিলা (Entry)
(ঘ) ব্যাঙ্ক থেকে ব্যবসায়ের প্রয়োজনে অর্থ তুললে (withdrew cash from Bank for office use)	Cash A/c.....Dr. To Bank A/c (ইহা একটি বিপরীত দখিলা)
(ঙ) ব্যাঙ্ক থেকে মালিকের ব্যক্তিগত প্রয়োজনে টাকা তুললে (withdrew cash from Bank for personal/private use)	Drawings A/c.....Dr. To Bank A/c ঐ টাকা ব্যক্তিগত প্রয়োজনে ক্যাশ-বাক্স থেকে নিলে বা তুললে— Drawings A/c.....Dr. To Cash A/c
(চ) কোনো দেনাদার সরাসরি কোনো অর্থ আমাদের ব্যাঙ্কে জমা দিলে	ব্যাঙ্কের নিকট থেকে ঐ খবর পাওয়ার পর— Bank A/c.....Dr. To Debtors A/c
(ছ) কোনো বন্ধুবান্ধবের চেক ভাঙানোর (Encashment) জন্য চেকের পরিবর্তে নগদ অর্থ পেলে	পাওয়ার জন্য কোনো দাখিলা হবে না, কিন্তু ঐ চেক জমা দেওয়ার সময়— Bank A/c.....Dr. To Cash A/c
(জ) ব্যাঙ্কের জমা টাকার ওপর সুদ পেলে	Bank A/c.....Dr. To Interest A/c
(ঝ) আমাদের কাজ করার জন্য ব্যাঙ্ক পারিশ্রমিক বাবদ কোনো টাকা অর্থাৎ আনুষঙ্গিক খরচ কিংবা জমাতিরিক্ত উত্তোলনের ওপর সুদ (Interest on overdraft) ধার্য করলে	Bank charges / Interest on Overdraft A/c.....Dr To Bank A/c

উদাহরণ ৩ ঃ নিম্নলিখিত লেনদেনগুলি বাগনান স্টেশনারি হাউসের মালিক এ. কে. সেন-এর নগদ ও ব্যাঙ্ক-সংক্রান্ত। আপনাকে একটি উপযুক্ত ক্যাশ বই প্রস্তুত করতে হবে এবং মাসের শেষে জেরগুলি নির্ণয় করতে হবে :

The following are the Cash and Bank transactions of Mr. A. K. Sen, owner of Bagnan Stationery House. You are required to

prepare a suitable Cash Book and strike the balances at the end of the month :

1993		
March	1	Cash in hand–Rs. 2,400
		Cash at Bank–Rs. 3,500
"	3	Purchased goods from M/s Jhunjhuniwalla for Rs. 700 and paid by cheque
"	9	Cash purchases–Rs. 760
"	10	Purchased Stamps, etc.–Rs. 50
"	12	Cash sales Rs. 2,000 and banked the same
"	14	Drew cash for personal use–Rs. 160
"	15	Received from Abdul Hamid cash Rs. 300 and cheque Rs. 500, both deposited into Bank
		Withdrawn from Bank for office use–Rs. 800
"	16	Paid Wages–Rs. 300 and Rent–Rs. 500
"	19	Paid M/s Milly & Co. by cheque–Rs. 2,400
"	23	Received a cheque from Manab for sale of old goods–Rs. 800
"	25	Paid M/s Jhunjhuniwalla cash–Rs. 750 and cheque–Rs. 360
"	26	Dolly, a customer, deposited into Bank–Rs. 2,600
"	29	Withdrew from Bank for personal use–Rs. 200
"	31	Withdrew cash from Bank Rs. 2,000 and paid Office Salary by it
		Bank charged commission–Rs. 100

সমাধান ঃ

In the Books of A. K. Sen–Cash Book (Double Column)

Dr. | Cr.

Date	Particulars	V.N.	L.F.	Cash	Bank	Date	Particulars	V.N.	L.F.	Cash	Bank
1993				Rs.	Rs	1993				Rs.	Rs
March 1	To Balance b/f			2,400	3,500	March 3	By Purchases A/c (Being goods purchased and paid by cheque)				700
,, 12	,, Sales A/c (Being goods sold in cash and deposited into Bank				2,000	,, 9	,, Purchases A/c (Being goods purchased in cash)			760	
,, 15	,, Abdul Hamid A/c (Being cash and cheque received and both deposited into Bank)				800	,, 10	,, Postage A/c (Being stamps purchased)			50	
,, 15	,, Bank A/c (Being cash withdrawn from Bank for office use as per contra)		C	800		,, 14	,, Drawings A/c (Being cash withdrawn for personal use)			160	
,, 23	,, Sales A/c (Being old goods sold by cheque and the cheque deposited into Bank)				800	,, 15	,, Cash A/c (Being cash withdrawn from Bank for office use as per contra)		C		800
,, 26	,, Dolly A/c (Being the amount deposited into our Bank by Dolly, a customer)				2,600	,, 16	,, Wages A/c (Being wages paid in cash)			300	
						,, 16	,, Rent A/c (Being rent paid)			500	
						,, 19	,, M/s Milly & Co. A/c (Being M/s Milly & Co. paid by cheque)				2,400
						,, 25	,, M/s Jhunjhuniwalla A/c (Being cash paid and cheque issued)			750	360
						,, 29	,, Drawing A/c (Being cash withdrawn from Bank for personal use)				200
						,, 31	,, Salary A/c (Being office salary paid by withdrawing cash from Bank)				2,000
						,, 31	,, Bank Charges A/c (Being Commission charged)				100
						,, 31	,, Balance c/d			680	3,140
				3,200	9,700					3,200	9,700
April 1	To Balance b/d			680	3,140						

১.২.৪ তিন-ঘরা নগদান বই (Triple or Treble Column Cash Book)

যে নগদান বইয়ের দু-দিকে (অর্থাৎ ডেবিট ও ক্রেডিটের দিকে) তিনটি করে অর্থের পরিমাণের ঘর থাকে এবং প্রত্যেক প্রকার ঘরে পৃথক শ্রেণির লেনদেনগুলি লেখা হয়, তাকে তিন-ঘরা নগদান বই' বলে। এই তিনটি ঘরে নগদ, ব্যাঙ্ক ও বাট্টার পরিমাণ লেখা হয়, সুতরাং যে নগদান বই-এর উভয়দিকে তিনটি করে টাকার অঙ্কের ঘর 'Cash Column', 'Bank Column' এবং 'Discount Column' থাকে, থাকে তিন-ঘরা নগদান বই বলে। তিন-ঘরা নগদান বই-এর নমুনা নীচে দেওয়া হল :

In the Books of.....

Cash Book (Triple Col· mn)

Dr. Cr.

Date	Particulars	V.N.	L.F.	Cash	Bank	Discount	Date	Particulars	V.N.	L.F.	Cash	Bank	Discount.
				Rs.	Rs.	Rs.					Rs.	Rs.	Rs.

'Cash Column'-এ নগদ লেনদেন, Bank Column'-এ ব্যাঙ্কের লেনদেন, ডেবিটের দিকে, 'Discount Column'-এ 'Discount Allowed' অর্থাৎ প্রদত্ত নগদ বাট্টা এবং ক্রেডিটের দিকে 'Discount Column'-এ 'Discount Received' অর্থাৎ প্রাপ্ত নগদ বাট্টা লিপিবদ্ধ করা হয়।

বাট্টা (Discount) ঃ লেনদেনের চুক্তি বা প্রচলিত নিয়ম অনুসারে পণ্যের স্বাভাবিক মূল্য বা প্রাপ্য অর্থের পরিমাণ থেকে যে পরিমিত অর্থ বাদ দেওয়া হয়, তাকে বাট্টা বলে। এই বাট্টা দুই প্রকার—(ক) ব্যবসায়িক বাট্টা (Trade Discount) এবং (খ) নগদ বাট্টা (Cash Discount)।

ব্যবসায়িক বাট্টা ঃ বাজারে পণ্যটি একই মূল্যে বা তালিকা মূল্যে বিক্রয়ের জন্য উৎপাদনকারী বা পাইকারি ব্যবসায়ী খুচরা ব্যবসায়ীকে পণ্য বিক্রয় করার সময় ঐ পণ্যের লিখিত বা তালিকা-মূল্যে (List or Catalogue Price) উপর যে ছাড় দিয়ে থাকে, তাকেই ব্যবসায়িক বাট্টা বলে।

নগদ বাট্টা ঃ ক্রেতাকে ঠিক সময়ে পণ্যের মূল্য প্রদান করতে উৎসাহিত করার জন্য ক্রেতা

যথাসময়ে পণ্যের মূল্য প্রদান করলে পণ্যের নীট বিক্রয় মূল্যের ওপর যে অতিরিক্ত বাট্টা পায়, তাকে নগদ বাট্টা বলে। নগদ বাট্টাকে দুটি শ্রেণিতে বিভক্ত করা যায়—

(ক) **প্রদত্ত বাট্টা (Discount Allowed)** ঃ দেনাদারগণ নগদ অর্থ পরিশোধের সময় ব্যবসায়ী যে নগদ বাট্টা দিয়ে থাকে, তাকে প্রদত্ত বাট্টা বলে।

(খ) **প্রাপ্ত বাট্টা (Discount Received)** ঃ পাওনাদারকে নগদ অর্থ পরিশোধের সময় ব্যবসায়ী যে নগদ বাট্টার সুবিধা পেয়ে থাকে, তাকে প্রাপ্ত বাট্টা বলে।

প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য নগদান বইতে Cash এবং Bank ঘরের দাখিলাগুলি দুই-তরফা দাখিলার অংশ বলে খতিয়ানে আর পৃথকভাবে Cash A/c এবং Bank A/c খুলতে হয় না। কিন্তু Discount ঘরের দাখিলাগুলি খতিয়ানে Discount Allowed A/c এবং Discount Received A/c-এ পৃথকভাবে দেখানো হয়।

উদাহরণ ৪ ঃ নিম্নলিখিত লেনদেনগুলি শ্রীচণ্ডীচরণ ঘোড়ার তিন-ঘরা নগদান বইতে লিপিবদ্ধ করুন ও জের টানুন :

From the following particulars, prepare a Triple Column Cash Book of Sri Chandi Charan Ghora and balance the Cash Book:

			Rs.
1999			
January	1	Cash in hand	5,000
		Cash at Bank	15,000
"	4	Purchased goods for Cash for Rs. 4,000 *less* trade discount @ 10% and cash discount @ 5%	
"	5	Purchased goods from M on credit	4,000
"	8	Received 3 cheques–(i) for sales Rs. 4,000, paid into bank immediately, (ii) for sale of old furniture Rs. 500 from K. Bose (bearer cheque), (iii) from M. M. Ghosh Rs. 300 on A/c	
"	9	Endorsed the cheque of M. M. Ghosh to B. Kar against purchased of goods	

1999			Rs.
January	10	K. Bose's cheque was dishonoured on presentation at the Bank counter	--
"	11	Paid salary by cheque	3,000
"	12	Cash sales worth Rs. 8000 *less* trade discount @ 5% and cash discount @ 10%	
"	18	Paid to Salil Dhar cash Rs. 400 and cheque for Rs. 550 in full settlement of his dues for Rs. 1,000	--
"	19	Received a cheque from Chandan	1,000
"	20	Endorsed the above cheque to Ramen	--
"	22	Cash withdrew from Bank for office use	2,000
"	23	Ramen reported that the cheque was dishonoured While collecting through his bank	--
"	24	Issued cheque to R. Singh	150
"	25	Stopped payment of the above cheque by giving order to him	
"	26	Received a bearer cheque from C. Nag for goods sold to him	600
"	27	Cashed the above bearer cheque over Bank counter	--
"	28	Gave wife for household expenses	200
"	29	Cashed for Bapi (friend) and Bapi's cheque paid into Bank on the following day	500
"	31	Bank credited Pass Book with Rs. 40 for interest on deposit and debited Pass Book with Rs. 15 for Bank charges	--

সমাধান ঃ

In the Books of Sri Chandi Charan Ghora

Cash Book (Triple Column)

Dr. | Cr.

Date	Particulars	V. N.	L. F.	Cash	Bank	Dis-Count	Date	Particulars	V. N.	L. F.	Cash	Bank	Dis-Count
1999				Rs.	Rs.	Rs.	1999				Rs.	Rs.	Rs.
Jan. 1	To Balance b/f			5,000	15,000		Jan. 4	By Purchases A/c (Being goods purchased for Rs. 4,000 less trade discount @ 10% and cash discount @ 5%)			3,420		180
,, 8	,, Sales A/c (Being cheque received from sales and paid into Bank				4,000								
,, 8	,, Furniture A/c (Being old furniture sold and cheque received from K. Bose)			500			,, 9	,, Purchase A/c (Being M. M. Ghosh's cheque endorsed to B. Kar against purchase of goods)			300		
,, 8	,, M. M. Ghosh A/c (Being a cheque received from M. M. Ghosh on A/c)			300			,, 10	,, K. Bose A/c (Being K. Bose's cheque dishonoured at the Bank counter)			500		
,, 12	,, Sales A/c (Being goods sold and discount allowed)			6,800		760	,, 11	,, Salary A/c (Being salary paid by cheque)				3,000	
,, 19	,, Chandan A/c (Being a cheque received from Chandan)			1,000			,, 18	,, Salil Dhar A/c (Being amount paid to Salil Dhar and discount received)			400	550	50
,, 22	,, Bank A/c (Being cash withdrawn from Bank)		C	2,000			,, 20	,, Ramen A/c (Being Chandan's cheque endorsed to Ramen)			1,000		
,, 25	,, R. Singh A/c (Being the cheque to R. Singh stopped for payment)				150		,, 22	,, Cash A/c (Being cash withdrawn from Bank)		C		2,000	
,, 26	,, Sales A/c (Being a bearer cheque received from C. Nag)			600			,, 24	,, R. Singh A/c (Being a cheque issued to R. Singh)				150	
,, 30	,, Cash A/c (Being Bapi's cheque paid into Bank)		C		500		,, 28	,, Drawings A/c (Being amount paid to wife for household expenses)			200		
,, 31	,, Bank Interest A/c (Being interest credited by Bank)				40		,, 30	,, Bank A/c Being Bapi's cheque paid into Bank)		C	500		
							,, 31	,, Bank Charges A/c (Being Bank charges debited by Bank)				15	
							,, 31	,, Balance c/d			9,920	13,975	
				16,240	19,690	760					16,240	19,690	230
Feb. 1	To Balance b/d			9,920	13,975								

বিঃ দ্রঃ— (ক) 5 তারিখের লেনদেনটি ধারে লেনদেন; সেজন্য নগদান বইতে লেখা হল না।

(খ) কারবারি বাট্টা (Trade Discount) হিসাবের বইতে সাধারণত লেখা হয় না। আবার নগদ বাট্টা তালিকামূল্য হতে কারবারি বাট্টা বাদ দেবার পর বাকি অর্থের উপর গণনা করা হয়। তাই 4 তারিখের নগদ বাট্টা হল—

$$\left\{\text{Rs.}\left(4000-4000\times\frac{10}{100}\right)\times\frac{5}{100}\right\}=\text{Rs. }180$$

এবং 12 তারিখের নগদ বাট্টা—

$$\frac{10}{100}\times\left\{\text{Rs.}\left(8000-8000\times\frac{5}{100}\right)\right\}=\text{Rs. }760$$

(গ) 23 তারিখে চন্দনের চেকটি যেটি রমেনকে হস্তান্তর করা হয়েছিল, তা প্রত্যাখ্যাত হওয়ার জন্য Chandan A/c..... Dr. এবং Ramen A/c....Cr. হবে। তাই এজন্য নগদান বইতে কোনো দাখিলা হবে না।

(ঘ) 27 তারিখে C. Nag-র থেকে প্রাপ্ত বাহকদেয় চেকটি ব্যাঙ্ক কাউন্টারে ভাঙানোর দরুন নগদ টাকার কোনো হেরফের হয়নি যেহেতু উহা আগের দিন ক্যাশ-বাক্সে ছিল, তাই কোনো দাখিলার প্রয়োজন নেই।

১.২.৫ বহু-ঘরা নগদান বই (Multi-columnar Cash Book)

বাস্তব ক্ষেত্রে উপরোক্ত তিন-ঘরা নগদান বই ব্যবসায়ের বিভিন্ন প্রকার লেনদেনগুলির লিপিবদ্ধকরণের প্রয়োজনীয়তা চট্‌জলদি মেটাতে সঠিকভাবে সক্ষম নয়। বাস্তব অভিজ্ঞতার নিরীখে এখন বেশিরভাগ প্রতিষ্ঠানেই যেসব নগদ আদান ও প্রদানের দফাগুলি বারংবার সংঘটিত হয়, সেই সমস্ত নিয়মিত ও পুনঃ পুনঃ সংঘটিত আদান ও প্রদানের দফাগুলির জন্য নগদান বইয়ের ডেবিট ও ক্রেডিট দিকে বহু ঘর রাখা হয়। এরূপ বহু-ঘরবিশিষ্ট নগদান বইয়ের প্রতিটি দফার জন্য সংরক্ষিত ঘরের মোট যোগফল থেকে একটি নির্দিষ্ট সময়ের শেষে ঐ নির্দিষ্ট আয়-উৎস থেকে মোট প্রাপ্ত অর্থ এবং সেরূপে ঐ নগদ-প্রদান খাতে মোট প্রদত্ত অর্থ এক নজরে জানা যায়, ফলে শ্রম ও সময় সাশ্রয় হয়। মাসের শেষে প্রতিটি খাতের মোট যোগফল ঐ নির্দিষ্ট খাত অনুযায়ী হিসাবখাতে সরাসরি তোলা যায় (Posting)। নিম্নলিখিত নমুনা থেকে বহু-ঘরা নগদান বইয়ের একটা ধারণা পাওয়া যাবে।

Cash Book

Dr. Cr

Date	Particulars	Total	Receipts								Date	Particulars	Total	Payments						
			Sales	Debtors	B/R	Interest	Rent	Loan	Dividend	Other Receipts				Purchased	Creditors	B/P	Interest	Salary	Rent	Other Payments
		Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.			Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.

উদাহরণ ১ ঃ নিম্নলিখিত লেনদেনগুলি গোয়েঙ্কা কলেজের বহু-ঘরা নগদান বইতে লিপিবদ্ধ করুন ঃ

Enter the following transactions in a Multi-column Cash Book with columns for :

(a) Tuition fees, (b) Admission fees, (c) Session charges, (d) Library Deposits and (e) Miscellaneous Receipts on the debit side and (i) Salaries, (ii) Library Purchase, (iii) Electric, (iv) Rent & Taxes and (v) Miscessaneous expenses of Goenka College for the second week of August from 3rd to 8th August, 2001 :

			Rs.
August	3	Cash in hand	2,000
		Received Admission Fees	400
		Received Tuition Fees	2,000
		Received Session charges	4,000
		Received Library Deposits	100
"	4	Received Tuition Fees	4,000
		Received Admission Fees	800
		Received Session charges	8,000
		Received Library Deposits	200
"	5	Paid Salary	4,000
		Paid Rent	400
		Paid Electric Bills	1,000
"	6	Received Government grants	10,000
		Recovered cost of books lost by students	50
		Paid for Bus and Tram fares	10
"	7	Paid for Library purchase	4,000
		Paid for repairs to Furniture	2,000
"	8	Received Interest on investments	300
		Paid Municipal taxes	200
		Paid sweeper, his wages	100

৪ই আগস্ট, 1981 তারিখে নগদান বইটির জের টানুন।

Balance the Cash Book on 8th August, 1981.

সমাধান :

In the Books of Goenka College

Multi-Column Cash Book

Dr. | Cr.

Date	Particulars	Receipt No.	Total	Tution Fees	Admission Fees	Session charges	Library Deposits	Misc. Receipts	Date	Particulars	V. N.	Total	Salary	Library Purchase	Electricity	Rent & Taxes	Misc. Exp.
			Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.				Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.
2001									2001								
Aug. 3	To Balance b/f		2,000						Aug. 5	By Salary		4,000	4,000				
" 3	To Admission Fees		400		400				" 5	By Rent		400				400	
" 3	To Tuition Fees		2,000	2,000					" 5	By Electric Bills		1,000			1,000		
" 3	To Session charges		4,000			4,000			" 6	By Bus & Tram fares		10					10
" 3	To Library Deposits		100				100		" 7	By Library Purchase		4,000		4,000			
" 4	To Tuition Fees		4,000	4,000					" 7	By Repairs to Furniture		2,000					2,000
" 4	To Admission Fees		800		800												
" 4	Session Charges		8,000			8,000			" 8	By Municipal Taxes		200				200	
" 4	Library Deposits		200				200		" 8	By Wages to Sweeper		100	100				
" 6	To Govt. Trants		10,000					10,000									
" 6	Recovery of Cost of library Books		50					50	" 8	By Balance c/d		20,140					
" 8	To Interest on Investments		300					300									
			31,850	6,000	1,200	12,000	300	10,350				31,850	4,100	4,000	1,000	600	2,010
Aug. 9	To Balance b/d		20,140														

উদাহরণ ২ ঃ 23 শে জানুয়ারি, 1988 তারিখে অনুষ্ঠিত খালোড় শিশু সংঘের কোশাধ্যক্ষ সৌভিক সরকার নিম্নলিখিত আয়-ব্যয় বিবরণী দাখিল করল ঃ

Souvik Sarkar, treasurer of Khalore Shishu Sangha, submits the vouchers and documents of following receipts and payments in connection with Saraswati Puja, which was held on 23rd January, 1988 :

1988			Rs.
January	14	Cash in hand	200
		Subscriptions received from members	1,250
		Payment for clothes of Goddess	45
		Purchased clothes for priest	35
		Advance to decorator	450
"	15	Subscriptions from Public	1,500
		Advance for Amplifier	100
		Paid Printing expenses	150
		Purchase of rice	25
"	16	Purchase of banana	20
		Purchase of apple, orange, etc.	30
		Purchase of coconut	12
		Purchase of other fruits and sweets	70
"	17	Withdrawn from Puja Fund	500
		Purchase of various articles for worship	200
"	20	Final Payment to decorator	600
		Amount received from advertisement in Souvenir	1,000
"	21	Contribution from public	450

1988			Rs.
January	21	Other contributions	220
		Printing charges of Souvenir paid	500
"	22	Payment for lighting	300
		Payment for cost of Image	115
		Expenses for bringing the Image	20
		Advertisement money received	200
"	23	Entertainment expenses for guests	180
		Tiffin to volunteers	200
		Received from Banner in Puja Pandal	100
"	24	Honorarium to priest	50
		Final Payment to amplifier	60
		Hire charges of lorry for immersion paid	250
		Paid Band party for immersion	100
		Conveyance expenses paid	50
		Sundry expenses paid	75
		Donation to Chief Minister's Relief Fund	501

উপরের তথ্য থেকে একটি উপযুক্ত নগদান বই তৈরি করুন এবং 24 শে জানুয়ারি 1988 তারিখে হস্তস্থ নগদ টাকার জের নির্ণয় করুন।

From the above data, prepare a suitable Cash Book and Balance it on 24.01.1988

সমাধান ঃ

In the Books of Khalore Shishu Sangha
Cash Book

Dr. | Cr.

Date	Particulars	Receipt No.	RECEIPTS Total	Subscription	Puja Fund	Advertisement	Miscellaneous	Date	Particulars	V. N.	PAYMENTS Total	Image	Decoration and Lighting,etc.	Puja and oblation	Entertainment	Immersion	Printing	Miscellaneous
			Rs.	Rs.	Rs.	Rs.	Rs.				Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.
1988 Jan.14	To Balance b/f		200					1988 Jan.14	By Payment for Clothes of Goddess		45			45				
„ 14	To Subscription from Members		1,250	1,250				„ 14	By Purchase of Clothes for priest		35			35				
„ 15	To Subscription from Public		1,500	1,500				„ 14	By Advance to Decorator		450		450					
„ 17	To Puja Fund		500		500			„ 15	By Advance for amplifier		100		100					
„ 20	To Advertisement in Sovenir		1,000			1,000		„ 15	By Printing		150						150	
„ 21	To Contribution from Public		450	450				„ 15	By Purchase of Rice		25			25				
„ 21	To Other Contributions		220				220	„ 16	By Purchase of Banana		20			20				

[Contd.

Dr. Cr.

Date	Particulars	Receipt No.	RECEIPTS Total	Subscription	Puja Fund	Advertisement	Miscellaneous	Date	Particulars	V. N.	PAYMENTS Total	Image	Decoration and Lighting etc.	Puja and oblation	Entertainment	Immersion	Printing	Miscellaneous
			Rs.	Rs.	Rs.	Rs.	Rs.				Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.
1988 Jan.22	To Advertisement		200			200		1988 Jan.16	By Purchase of Apples Oranges, etc.		30			30				
„ 23	To Collection from Banner		100			100		„ 16	By Purchase of Coconut		12			12				
								„ 16	By Purchase of other fruits and sweets		70			70				
								„ 17	By Worship articles		200			200				
								„ 20	By Decorator		600		600					
								„ 21	By Printing Charges of Souvenir		500						500	
								„ 22	By Lighting		300		300					
								„ 22	By Image		115	115						
								„ 22	By Carriage of Image		20	20						
								„ 23	By Entertainment of guests		180				180			

[Contd.

Dr. Cr.

Date	Particulars	Receipt No.	RECEIPTS Total	Subscription	Puja Fund	Advertisement	Miscellaneous	Date	Particulars	V. N.	PAYMENTS Total	Image	Decoration and Lighting etc.	Puja and oblation	Entertainment	Immersion	Printing	Miscellaneous
			Rs.	Rs.	Rs.	Rs.	Rs.				Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.
1988								1988 Jan. 23	By Tiffin to volunteers		200				200			
								„ 24	By Honorarium to Priests		50			50				
								„ 24	By Final Payment to amplifier		60		60					
								„ 24	By Hire charges of lorry for immersion		250					250		
								„ 24	By Band Party for Immersion		100					100		
								„ 24	By Conveyance		50							50
								„ 24	By Sundry Expenses		75							75
								„ 24	By Donation to Chief Minister's Relief Fund		501							501
								„ 24	By Balance c/d		1,282							
			5,420	3,200	500	1,300	220				5,420	135	1,510	487	380	350	650	626
„ 25	To Balance b/d		1,282															

১.৩ ব্যাঙ্ক জমার সঙ্গতিবিধায়ক বিবরণী (Bank Reconciliation Statement)

কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যখন ব্যাঙ্কে কোনো অর্থ জমা দেয় এবং ব্যাঙ্ক থেকে কোনো টাকা তুলে নেয়, তখন ঐ জমা এবং খরচ তার নগদান বইয়ের ব্যাঙ্কের ঘরে ডেবিট (জমা) এবং ক্রেডিট (খরচ) করা হয়। ব্যাঙ্কের বইয়ে ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠানের হিসাব ব্যক্তিগত হিসাবখাত হওয়ার ফলে ব্যাঙ্কও তাদের খতিয়ানে ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যক্তিগত যে হিসাব আছে সেই হিসাবে ক্রেডিট (জমা) এবং ডেবিট (খরচ করে; এবং ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠানের সঙ্গে ব্যাঙ্কের যাবতীয় লেনদেনের একটি হুবহু নকল (কারণ, কোনো আমানতকারীকেই (Account-holder) ব্যাঙ্কের খতিয়ান সাধারণত দেখতে দেওয়া হয় না) এই বইয়ের মাধ্যমে আমানতকারীকে দেওয়া হয়, যে বইটিকে ব্যাঙ্কের পাশ বই (Pass Book) বলে। প্রসঙ্গত উল্লেখযোগ্য, চলতি হিসাবের (Current Account) ক্ষেত্রে পাশ বই না দিয়ে অনুরূপ ছক কাটা একটি বিবরণী দেওয়া হয়, যাকে ব্যাঙ্কের বিবরণী (Bank Statement) বলে।



উপরে প্রদর্শিত ছক অনুযায়ী যেহেতু ব্যাঙ্ক ও আমানতকারী পরস্পর বিপরীতমুখী কাজ করে, সেইজন্য ক্যাশ বই এবং পাশ বই দাখিলা একই অঙ্কের জন্য বিপরীত দিকে হবে। অর্থাৎ ক্যাশ বইয়ের জের ডেবিট হলে, পাশ বইয়ের জের ক্রেডিট হবে। আবার, ব্যাঙ্কে আমানতকারী ধার (জমাতিরিক্ত) (overdraft) থাকলে, ক্যাশ বইয়ের জের ক্রেডিট হবে, কিন্তু পাশ ভইয়ের জের ডেবিট হবে। অতএব, যে-কোনো তারিখে নগদান বই অনুযায়ী ব্যাঙ্কের জের এবং পাশ বইয়ের জের বিপরীত দিকে সমান অঙ্কের হওয়া উচিত। কিন্তু বাস্তবক্ষেত্রে কতকগুলি কারণের জন্য উভয়ের জের সমান হয় না। কোনো নির্দিষ্ট তারিখে নগদান বইয়ের ব্যাঙ্কের জের এবং পাশ বই অনুযায়ী ব্যাঙ্কের জের না মিলিলে উক্ত দুই জেরের গরমিলের কারণগুলি দর্শাইয়া যে বিবরণীর মাধ্যমে উভয় জেরের মধ্যে মিল করান হয়, তাহাকে ব্যাঙ্ক জমার সঙ্গতিবিধায়ক বিবরণী বা ব্যাঙ্ক জমার মিলকরণের বিবরণী বা ব্যাঙ্ক সমন্বয় বিবরণী (Bank Reconciliation Statement) বলে।

১.৩.১ ক্যাশ বই ও পাশ বইয়ের ব্যাঙ্কের জেরের গরমিলের কারণসমূহ

(১) চেক ব্যাঙ্কে জমা দেওয়া হয়েছে, কিন্তু ব্যাঙ্ক এখনও চেকের টাকা আদায় করেনি। (Cheques deposited but not collected or credited by Bank.)

(২) আমানতকারী কোনো ব্যক্তিকে চেকের মাধ্যমে টাকা দিয়েছে, কিন্তু ব্যাঙ্ক এখনও চেকের টাকা প্রদান করেনি। (Cheques issued but not presented to the Bank or not paid by Bank.)

(৩) আমানতকারীর কোনো দেনাদার আমানতকারীর ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি টাকা জমা দিয়েছে, কিন্তু আমানতকারী তা জানতে না পারার জন্য ক্যাশ বইতে এখনও লিপিবদ্ধ করেনি। (Amount directly deposited by a debtor in trader's bank account but nor recorded in Cash Book.)

(৪) স্থায়ী আদেশানুসারে ব্যাঙ্ক কোনো অর্থ প্রদান (যেমন—বিমার প্রিমিয়াম, অফিস ভাড়া, কর প্রদান ইত্যাদি) করেছে, কিন্তু ব্যবসায়ীর অজ্ঞাত থাকার দরুন ক্যাশ বইতে ইহা লিপিবদ্ধ করা হয়নি। (Amount paid by Bank under standing order and debited in Pass Book but nor recorded in Cash Book.)

(৫) আমাদের নির্দেশমতো ব্যাঙ্ক অনেক সময় আমাদের বিভিন্ন অর্থ (যেমন—শেয়ারের লভ্যাংশ, ঋণপত্রের উপর সুদ, বিমার দাবি আদায় ইত্যাদি) আদায় করে এবং আমাদের হিসাবে জমা করে, কিন্তু এগুলি অজ্ঞাত থাকার দরুন এখনও ক্যাশ বইতে লিপিবদ্ধ করা হয়নি। (Dividend, Interest, etc., collected by Bank but not recorded in Cash Book.)

(৬) ব্যাঙ্ক জমার উপর সুদ ক্রেডিট করা হয়েছে, কিন্তু ক্যাশ বইতে লেখা হয়নি। (Interest credited by Bank but not recorded in Cash Book.)

(৭) ব্যাঙ্কের আনুষঙ্গিক খরচ ও জমাতিরিক্ত জেরের উপর সুদ কেটে নেওয়া হয়েছে কিন্তু ক্যাশ বইতে লেখা হয়নি। (Incidental charges and interest on overdraft debited by Bank but not recorded in the Cash Book.)

(৮) এছাড়া ক্যাশ বই অথবা পাশ বইতে লেনদেন লিপিবদ্ধকরণে কোনো ভুল-ত্রুটি [যেমন হিসাবের বেশি জের (over casting) বা কম জের (undercasting) টানা থাকলে (Errors and omission in Cash Book or Pass Book.)]

উপরোক্ত কারণে ক্যাশ বই ও পাশ বই-এর জের সমান হয় না। তাই গরমিলের কারণগুলি বিশ্লেষণ করে একটি সমন্বয় বিবরণী তৈরি করার প্রয়োজন হয়।

১.৩.২ ব্যাঙ্ক সমন্বয় বিবরণী প্রস্তুত করার প্রয়োজনীয়তা (Necessities or uses of Bank Reconciliation Statement)

একটি বৃহদায়তন কারবারের অধিকাংশ লেনদেন ব্যাঙ্কের মাধ্যমে সম্পাদিত হলে ক্যাশ বইয়ের ব্যাঙ্ক কলমে হিসাব লিখবার সময় ভুল-ত্রুটি ঘটতে পারে এবং অন্যান্য কারণেও ক্যাশ বইয়ের ব্যাঙ্কের জের ও পাশ বইয়ের জেরের মধ্যে গরমিল দেখা দিতে পারে। ব্যাঙ্কের সঙ্গতিবিধায়ক বিবরণী প্রস্তুত করলে এই কারণগুলি জানা যায়, ক্যাশ বই ও পাশ বই লিখতে ভুল-ত্রুটি ধরা পড়ে এবং সময়মত সংশোধন করা সহজ হয়, ব্যাঙ্কে জমা দেওয়া চেক অনাদায়ের কারণ জানা যায় এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সত্বর আদায়ের চেষ্টা করা যায়, এবং সর্বোপরি কারবারের ও ব্যাঙ্কের কর্মচারীরা কোনো জাল-জুয়াচুরি (Fraud) করলে, তা নিরূপণ করা সম্ভবপর হয়।

১.৩.২ ব্যাঙ্ক সমন্বয় বিবরণী প্রস্তুত করার নিয়মাবলি

এই বিবরণী তৈরি করতে ক্যাশ বই অথবা পাশ বই—যে-কোনো একটি বইয়ের জের নিয়ে আরম্ভ করতে হবে এবং এর সঙ্গে যোগ-বিয়োগ করে অপর বইয়ের জেরে পৌঁছাতে হবে। অর্থাৎ ক্যাশ বইয়ের জের নিয়ে শুরু করলে পাশ বইয়ের জেরে পৌঁছানো যাবে, আবার পাশ বইয়ের জের নিয়ে শুরু করলে ক্যাশ ভইয়ের জেরে পৌঁছানো যাবে। এখন দেখা যাক, গরমিলের কারণগুলি কখন যোগ করতে হবে এবং কখন বিয়োগ করতে হবে। নিম্নের নিয়মাবলি এ কাজে অগ্রসর হতে হবে ঃ

প্রথমত, কোন্ বইয়ের (অর্থাৎ ক্যাশ বই না পাশ বই) জের (Balance) নিয়ে বিবরণী শুরু করা হয়েছে।

দ্বিতীয়ত, কোন্ বইয়ের জেরে শেষ হবে, অর্থাৎ পৌঁছানো যাবে।

তৃতীয়ত, শুরুর বইয়ের সঙ্গে শেষের বইয়ের তুলনা করে দেখতে হবে—শুরুর বইয়ের জের বেশি আছে বা কম আছে। বেশি থাকলে বিয়োগ করতে হবে, আবার কম থাকলে যোগ করতে হবে। যোগগুলি আগে করতে হয়।

চতুর্থত, যোগ-বিয়োগের নীটফল ধনাত্মক (Positive) হলে সমাপ্তি জের (Closing Balance) প্রারম্ভিক জেরের (Opening Balance) অনুরূপ হবে। অর্থাৎ অনুকূল (Favourable) জের নিয়ে শুরু করলে, সমাপ্তি জেরও অনুকূল হবে।

যোগ-বিয়োগের নীট ফল ঋণাত্মক (Negative) হলে, সমাপ্তি জের প্রারম্ভিক জেরের বিপরীত হবে। অর্থাৎ অনুকূল (Favourable) জের নিয়ে শুরু করলে, সমাপ্তি জের প্রতিকূল (Unfavourable or Overdraft) হবে।

নীচে কয়েকটি উদাহরণ দেওয়া হল ঃ

(১) চেক জমা দেওয়া হয়েছে কিন্তু ব্যাঙ্ক এখনও চেকের টাকা আদায় করেনি (Cheques deposited but not collected or cleared)

(ক) ক্যাশ বইয়ের অনুকূল (**Favourable**) জের নিয়ে শুরু করলে ঃ যেহেতু পাশ বইয়ের তুলনায় ক্যাশ বইয়ের জের বেশি, সেহেতু ক্যাশ বইয়ের জের থেকে বিয়োগ করতে হবে।

(খ) ক্যাশ বইয়ের প্রতিকূল (**Overdraft**) জের নিয়ে শুরু করলে ঃ পাশ বইয়ের তুলনায় ক্যাশ বইয়ের জের কম, অতএব ক্যাশ বইয়ের প্রতিকূল জেরের সঙ্গে যোগ করতে হবে।

(গ) পাশ বইয়ের অনুকূল (**Favourable**) জের নিয়ে আরম্ভ করলে ঃ ক্যাশ বইয়ের তুলনায় পাশ বইয়ের জের কম, অতএব পাশ বইয়ের জেরের সঙ্গে যোগ করতে হবে।

(ঘ) পাশ বইয়ের প্রতিকূল (**Overdraft**) জের নিয়ে আরম্ভ করলে ঃ ক্যাশ বইয়ের তুলনায় পাশ বইয়ের জের বেশি, অতএব পাশ বইয়ের প্রতিকূল জেরের সঙ্গে বিয়োগ করতে হবে।

(২) চেক কাটা হয়েছে কিন্তু ব্যাঙ্ক এখনও চেকের টাকা প্রদান করেনি (Cheques issued but not paid by Bank)

(ক) ক্যাশ বইয়ের অনুকূল জের নিয়ে আরম্ভ করলে ঃ পাশ বইয়ের তুলনায় ক্যাশ বইয়ের জের কম, অতএব ক্যাশ বইয়ের জেরের সঙ্গে যোগ করতে হবে।

(খ) ক্যাশ বইয়ের প্রতিকূল জের নিয়ে আরম্ভ করলে ঃ পাশ বইয়ের তুলনায় ক্যাশ বইয়ের জের বেশি, অতএব ক্যাশ বইয়ের প্রতিকূল জেরের থেকে বিয়োগ করতে হবে।

(গ) পাশ বইয়ের অনুকূল জের নিয়ে শুরু করলে ঃ ক্যাশ বইয়ের তুলনায় পাশ বইয়ের জের বেশি, অতএব পাশ বইয়ের জেরের থেকে বিয়োগ করতে হবে।

(ঘ) পাশ বইয়ের প্রতিকূল জের নিয়ে শুরু করলে ঃ ক্যাশ বইয়ের তুলনায় পাশ বইয়ের জের কম, অতএব পাশ বইয়ের প্রতিকূল জেরের সঙ্গে যোগ করতে হবে।

(৩) দেনাদার কর্তৃক সরাসরি ব্যাঙ্কে টাকা জমা দেওয়া, ব্যাঙ্ক কর্তৃক আমাদের বিভিন্ন আয় আদায় করা, ব্যাঙ্ক কর্তৃক জমা টাকার উপর সুদ প্রদান করা ইত্যাদি (Direct deposit by customers into Bank, Incomes collected by Bank, Interest allowed on Bank deposits, etc.)—

(ক) ক্যাশ বইয়ের অনুকূল জের নিয়ে শুরু করলে ঃ পাশ বইয়ের তুলনায় ক্যাশ বইয়ের জের কম, অতএব ক্যাশ বইয়ের জেরের সঙ্গে যোগ করতে হবে।

(খ) ক্যাশ বইয়ের প্রতিকূল জের নিয়ে শুরু করলে ঃ পাশ বইয়ের তুলনায় ক্যাশ বইয়ের জের বেশি, অতএব ক্যাশ বইয়ের প্রতিকূল জের থেকে বিয়োগ করতে হবে।

(গ) পাশ বইয়ের অনুকূল জের নিয়ে শুরু করলে ঃ ক্যাশ বইয়ের তুলনায় পাশ বইয়ের জের বেশি অতএব পাশ বইয়ের জেরের থেকে বিয়োগ করতে হবে।

(ঘ) পাশ বইয়ের প্রতিকূল জের নিয়ে শুরু করলে ঃ ক্যাশ বইয়ের তুলনায় পাশ বইয়ের জের কম, অতএব পাশ বইয়ের প্রতিকূল জেরের সঙ্গে যোগ করতে হবে।

(৪) আমাদের বিভিন্ন ব্যয় ব্যাঙ্ক কর্তৃক প্রদান করা, ব্যাঙ্কের আনুষঙ্গিক খরচ এবং জমাতিরিক্ত জেরের উপর ব্যাঙ্ক কর্তৃক সুদ কেটে নেওয়া ইত্যাদি (Expenses paid by Bank, Incidental charges and Interest on Overdraft dibited by Bank, etc.)

(ক) ক্যাশ বইয়ের অনুকূল জের নিয়ে শুরু করলে ঃ পাই বইয়ের তুলনায় ক্যাশ বইয়ের জের বেশি, অতএব ক্যাশ বইয়ের জেরের থেকে বিয়োগ করতে হবে।

(খ) ক্যাশ বইয়ের প্রতিকূল জের নিয়ে শুরু করলে ঃ পাশ বইয়ের তুলনায় ক্যাশ বইয়ের জের কম, অতএব ক্যাশ বইয়ের জেরের সঙ্গে যোগ করতে হবে।

(গ) পাশ বইয়ের অনুকূল জের নিয়ে শুরু করলে ঃ ক্যাশ বইয়ের তুলনায় পাশ বইয়ের জের কম, অতএব পাশ বইয়ের জেরের সঙ্গে যোগ করতে হবে।

(ঘ) পাশ বইয়ের প্রতিকূল জের নিয়ে শুরু করলে ঃ ক্যাশ বইয়ের তুলনায় পাশ বইয়ের জের বেশি, অতএব পাশ বইয়ের প্রতিকূল জেরের থেকে বিয়োগ করতে হবে।

১.৩.৪ উদাহরণ

উদাহরণ ১ ঃ 31.12.97 তারিখে নিম্নের তথ্যগুলি থেকে একটি ব্যাঙ্ক সমন্বয় বিবরণী প্রস্তুত করুন ঃ

From the following particulars, prepare a Bank Reconciliation Statement as on 31.12.97 :

(i) Bank Balance as per Cash Book as on 31.12.97–Rs. 4,200

(ii) Cheques deposited but not collected by Bank–Rs. 2,400

(iii) Cheques issued but not presented for payment–Rs. 3,100

(iv) Our customer directly deposited into our Bank Account Rs. 1,400 but not informed

(v) According to our standing order, Bank paid insurance premium Rs. 800, but not recorded in Cash Book

(vi) Bank debited Bank charges Rs. 60 and creadited Rs. 120 for interest on deposits but not informed to the depositors

(vii) Dividend Collected by Bank Rs. 1,340 but not recorded in Cash Book

সমাধান ঃ

Bank Reconciliation Statement as on 31.12.97

Particulars	Amount	Amount
	Rs.	Rs.
Bank Balance as per Cash Book		4,200
Add : Cheque issued but not presented for payment	3,100	
" Our customer directly deposited into our Bank but not recorded in Cash Book	1,400	
" Bank credited interest on deposit but not recorded in Cash Book	120	
" Dividend collected by Bank but not recorded in Cash Book	1,340	5,960
		10,160
Less : Cheques deposited but not collected by Bank	2,400	
" Bank according to standing order, paid insurance premium but not recorded in Cash Book	800	
" Bank charges debited by Bank but not recorded in Cash Book	60	3,260
Bank Balance as per Pass Book		6,900

উদাহরণ ২ ঃ 31.03.98 তারিখে নিম্নের তথ্যগুলি থেকে Current A/c-এর জন্য একটি ব্যাঙ্ক সমন্বয় বিবরণী তৈরি করুন ঃ

From the following particulars, prepare a Bank Reconciliation Statement for Current A/c as on 31.03.98 :

		Rs.
(i)	Bank Balance of Current A/c as per Pass Book on 31.03.98	6,400
(ii)	Cheques issued but not presented before 31.03.98	1,600
(iii)	Interest on securities collected by Bank but not recorded in Cash Book	4,600

(iv)	Credit side of Cash Book overcast by	400
(v)	Cheque issued against Current A/c but wrongly charged by Bank to Savings A/c	2,000
(vi)	Insurance Premium paid by Bank but not recorded in Cash Book	700
(vii)	Cheques deposited and credited by Bank but omitted to be recorded in Cash Book	4,200
(viii)	Cheque issued and paid by Bank but wrongly entered in Cash Column of Cash Book	400
(ix)	Interest on Bank Deposit credited by Bank on 24.03.98 but entered in Cash Book on 31.03.98	600
(x)	Cheque issued to ram on 31.03.98 but not entered in Cash Book	200

[The cheque is not yet paid by Bank neither included in No. (ii) above]

সমাধান ঃ

Bank Reconciliation Statement as on 31.03.98 (Current Account)

Particulars	Amount	Amount
	Rs.	Rs.
Bank Balance as per Pass Book		6,400
Add : Insurance premium paid by Bank but not recorded in Cash Book	700	
" Cheque issued but wrongly entered in the Cash Column of Cash Book	800	1,500
		7,900
Less : Cheques issued but not presented before 31.03.98	1,600	
" Interest collected by Bank but not recorded in Cash Book	4,600	
" Credit side of Cash Book overcast	400	
" Cheque issued against Current Account but wrongly charged by Bank to Savings A/c	2,000	
" Cheques deposited but not recorded in Cash Book	4,200	12,800
Bank Overdraft Balance as per Cash Book		4,900

বিঃদ্রঃ— (ক) যোগ-বিয়োগের নীট ফল ঋণাত্মক 4,900 (Negative 4,900) হওয়ায় সমাপ্তি জের, প্রারম্ভিক জেরের (Deposit Balance) বিপরীত জের Overdraft Balance হবে।

(খ) (ix) বিষয়টি বিবরণীতে আসবে না। কারণ 31.03.98 তারিখের মধ্যে উভয় বইতেই লেখা হয়েছে।

(গ) (x) বিষয়টি বিবরণীতে আসবে না। কারণ কোনো বইতেই এটা লিপিবদ্ধ করা হয়নি।

উদাহরণ ৩ ঃ নিম্নলিখিত বিববণী থেকে শ্রীগোবিন্দ-র 30.09.81 তারিখে ব্যাঙ্ক জমার সঙ্গতিবিধায়ক বিবরণী প্রস্তুত করুন ঃ

From the following particulars, prepare a Bank Reconciliation Statement of Sri Gobinda as at 30.09.81 :

		Rs.
(i)	Bank Balance as per Cash Book (Cr. Balance, i.e., Overdraft Balance)	12,500
(ii)	Cheques issued but not yet presented at the Bank	2,500
(iii)	Cheques deposited but not yet cleared by the Bank	4,000
(iv)	Interest on Overdraft debited in the pass Book	300
(v)	Bank Charges debited in the Pass Book but not credited in the Cash Book	10
(vi)	Cheque entered in the Cash Book but not deposited into the Bank	1,250
(vii)	Cheque deposited into Bank but not entered in Cash Book	2,000
(viii)	Cheque sent to the Bank but returned dishonoured	3,000

সমাধান ঃ

Bank Reconciliation Statement as at 30.09.81

Particulars	Amount	Amount
	Rs.	Rs.
Overdraft Balance as per Cash Book		12,500
Add : Cheques deposited but not cleared by the Bank	4,000	
" Interest on Overdraft debited in Pass Book	300	
" Bank Charges debited in Pass Book but not credited in Cash Book	10	
" Cheques entered in Cash Book but not sent to Bank	1,250	
" Cheque sent to Bank but returned dishonoured	3,000	8,560
		21,060
Less : Cheques issued but not yet presented for payment	2,500	
" Cheques deposited into the Bank but not recorded in Cash Book	2,000	4,500
Overdraft Bank Balance as per Pass Book		16,560

১.৩.৫ গরমিলের কারণগুলি বের করার নিয়ম

বাস্তবক্ষেত্রে নগদান বই ও পাশ বইয়ের ব্যাঙ্কের জেরের গরমিলের কারণগুলি সরাসরি প্রাপ্তব্য নয়। কোনো একটি নির্দিষ্ট সময়ের ক্যাশ বই ও পাশ বইতে লিপিবদ্ধ সমগ্র লেনদেনগুলিকে পর্যবেক্ষণ করে ঐ দুই বইয়ের তুলনান্তে গরমিলের কারণগুলি খুঁজে বের করতে হয় এবং তারপর ব্যাঙ্ক জমার সঙ্গতিবিধায়ক বিববণী প্রস্তুত করা যায়।

গরমিলের কারণগুলি বের করার জন্য কোনো একটি নির্দিষ্ট সময়ের ক্যাশ বইয়ের ব্যাঙ্ক ঘরের Debit দিকের দফাগুলির সঙ্গে পাশ বইয়ের Credit দিকের বিষয়গুলি মেলাতে হবে এবং ক্যাশ বইয়ের ব্যাঙ্ক ঘরের Credit দিকের দফাগুলির সঙ্গে পাশ বইয়ের Debit দিকের দফাগুলি মেলাতে হবে। যে বিষয়গুলি মিলে যাবে, সেগুলির পাশে উভয় বইতেই একটি করে টিক (✓) দিতে হবে। যে বিষয়গুলি মিলবে না, অর্থাৎ যেগুলির পাশে টিক (✓) পড়ল না, সেইগুলি গরমিলের কারণ হবে।

উদাহরণ ঃ ধর ব্রাদার্সের 2000 সালের 31 শে ডিসেম্বর ক্যাশ বই ও পাশ বই থেকে ব্যাঙ্কের হিসাব মিলকরণ বিবরণী প্রস্তুত করুন ঃ

From the following Cash Book and Pass Book of Dhar Bros., prepare Bank Reconciliation Statement as at 31.12.2000 :

Cash Book (Bank Column)

Dr. Cr.

Date	Particulars	L.F.	Amount	Date	Particulars	L.F.	Amount
2000			Rs	2000			Rs
Dec. 1	To Balance b/d		2,650	Dec. 5	By Basu & Co. (Cheque No. 780)		✓ 340
,, 9	,, K. Bhaduri		✓ 1,500	,, 10	,, P. Raju (Cheque No. 781)		780
,, 13	,, K. Rana		✓ 850	,, 17	,, Rent (Cheque No. 782)		✓ 230
,, 18	,, S. Neogi		✓ 980	,, 23	,, K & Co. (Cheque No. 783)		✓ 310
,, 26	,, B. Kar		820	,, 24	,, Singh & Co. (Cheque No. 785)		170
,, 31	,, V. Rao		360	,, 31	,, Balance c/d		5,300
			7,130				7,130
2001							
Jan. 1	To Balance b/d		5,300				

Pass Book

Date	Particulars	Withdrawls	Deposits	Balance
2000		Rs.	Rs.	Rs.
Dec. 1	By Balance	–	–	2,620
,, 11	By Cheque	–	✓ 1,500	
,, 13	To Cheque No. 780	✓ 340	–	
,, 17	By Cheque	—	✓ 850	
,, 21	To Cheque No. 782	✓ 230	–	
,, 22	By Cheque	–	✓ 980	
,, 26	To Cheque No. 783	✓ 310	–	
,, 31	By Interest	–	40	
,, 31	To Bank Charges	30		5,080

সমাধান ঃ

In The Books of Dhar Bros.

Bank Reconciliation Statement as at 31.12.00

Particulars		Amount	Amount
		Rs.	Rs.
Bank Balance as per Cash Book		5,300	
Add : Cheques issued but not presented for payment			
P. Raju (Cheque No. 781)	780		
Singh & Co. (Cheque No. 785)	170	950	
" Interest credited in Pass Book but not recorded in Cash Book		40	990
			6,290
Less : Cheques deposited but not credited			
B. Kar	820		
V. Rao	360	1,180	
Bank Charges recorded in Pass Book but not recorded in Cash Book		30	1,210
Bank Balance as per Pass Book			5,080

১.৪ খুচরা ক্যাশ বই

১.৪.১ খুচরা ক্যাশ বই কাকে বলে এবং কেন তৈরি করতে হয়?

বৃহদাকার ব্যবসায় প্রতিষ্ঠানে প্রধান ক্যাশিয়ারকে অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে লিপ্ত করতে হয় এবং প্রচুর টাকার দায়িত্ব নিতে হয়। ছোট ছোট খরচের জন্য প্রধান ক্যাশিয়ারকে বিরক্ত করা সমীচিন হবে না। এজন্য ছোট ছোট খরচের (যেমন ডাক টিকিটের খরচ, কুলি ভাড়া, ঠেলা ভাড়া, ট্রাম-বাসের ভাড়া, স্টেশনারি খরচ ইত্যাদি) জন্য একজন ছোট ক্যাশিয়ার (Petty Cashier) নিযুক্ত করা হয়। যে বইতে ছোট ছোট নগদ খরচগুলি ঘটার সঙ্গে সঙ্গে প্রাথমিকভাবে দু-তরফা দাখিলা অনুযায়ী লেখা হয়, তাকে খুচরা ক্যাশ বই বা খুচরা নগদান বই (Petty Cash Book) বলে।

খুচরা ক্যাশের হিসাবনিকাশ করবার অনেক পদ্ধতি আছে। এসবের মধ্যে অগ্রদত্ত পদ্ধতি (Imprest

System) প্রধান ও বহুল প্রচলিত। এই পদ্ধতিতে কোনো নির্দিষ্ট সময়কালের (সপ্তাহ ও মাস) জন্য একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রধান ক্যাশিয়ার ছোট ক্যাশিয়ারকে অগ্রিম হিসাব দেয়। এই পরিমাণ টাকাকে বলা হয় অগ্রদত্ত অর্থ **(Imprest Cash)**। নির্দিষ্ট সময়ের শেষে ছোট ক্যাশিয়ার তার খরচের একটি বিবরণী তৈরি করে প্রধান ক্যাশিয়ারকে দাখিল করে। এই বিবরণীকে খুচরা খরচের বিবরণী **(Statement of Petty Expenses)** বলা হয়। প্রধান ক্যাশিয়ার এই বিবরণী দেখে সন্তুষ্ট হলে যে পরিমাণ টাকা খরচ হয়েছে, ঠিক সেই পরিমাণ টাকা ছোট ক্যাশিয়ারকে প্রদান করে। এই টাকা এবং ছোট ক্যাশিয়ারের হাতে অব্যয়িত টাকা একত্রে অগ্রদত্ত অর্থের সমান হবে। ফলে প্রতি সময়কালের শুরুতেই ছোট ক্যাশিয়ার অগ্রদত্ত অর্থের সমপরিমাণ অর্থ নিয়ে কাজ আরম্ভ করবে।

১.৪.২ বৈশ্লেষিক খুচরা ক্যাশ বই (Analytical Petty Cash Book)

বিভিন্ন খুচরা ব্যয়গুলির মধ্যে অধিকাংশ ব্যয়ই বার বার ঘটে থাকে। এই জন্য খুচরা ক্যাশ বইয়ের ক্রেডিট দিকে টাকার অঙ্কের একটি ঘরের পরিবর্তে অনেকগুলি ঘর রাখা হয় এবং সমজাতীয় ব্যয়গুলি এক-একটি পৃথক ঘরে লেখা হয়। এরূপ যে খুচরা ক্যাশ-বই-এর ক্রেডিট অর্থাৎ প্রদানের দিকে কয়েকটি ঘর যোগ করে পৃথক পৃথক ঘরে বিশেষ শ্রেণির খুচরা খরচের পরিমাণ লেখা হয় এবং নির্দিষ্ট সময়ের শেষে প্রত্যেক শ্রেণির খরচের সমষ্টির পরিমাণ নির্ণয় করা হয়, তাকে বহু-ঘরা খুচরা ক্যাশ বই বা বৈশ্লেষিক খুচরা ক্যাশ বই **(Analytical Petty Cash Book)** বলে। এই জাতীয় ক্যাশ বইয়ের নমুনাটি হল :

Analytical Petty Cash Book

Dr. Cr.

Amount	L.F.	Date	Particulars	Voucher No.	Total Amount	Carriage	Postage & Telegram	Printing & Stationery	Travelling Expenses	Sundries	Ledger Accounts	
											Amount	L.F.
Rs.					Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	

লেনদেনের সংখ্যা খুব কম বলে Debit দিকে সাধারণত আলাদাভাবে Date এবং Particulars-এর ঘর রাখা হয় না। Credit দিকের Date এবং Particulars-এর ঘরেই Debit ও Credit উভয়দিকের লেনদেনগুলির তারিখ ও বিবরণ লেখা হয়।

Real অথবা Personal Account সংক্রান্ত কোনো খরচ হলে 'Ledger Accounts'-এর ঘরে লিখতে হবে। এই ঘরের প্রতিটি লেনদেন পৃথক পৃথকভাবে খতিয়ানের হিসাবখাতে তুলতে হবে। কিন্তু ক্রেডিট দিকে সমশ্রেণিভুক্ত ব্যয়গুলির জন্য যে পৃথক পৃথক ঘর (Carriage, Postage ইত্যাদি) রাখা হয়, নির্দিষ্ট সময়ের শেষে তার মোট যোগফল বার করা হয় এবং তা সরাসরি খতিয়ানের হিসাবখাতে তোলা হয়। ফলে অনেক শ্রম ও সময়ের সাশ্রয় হয়।

১.৪.৩ উদাহরণ

নিম্নলিখিত তথ্য থেকে অগ্রদত্ত পদ্ধতি অনুসারে রক্ষিত খুচরা ক্যাশ বইটি লিপিবদ্ধ করুন এবং জানুয়ারি মাসের 8 তারিখে Petty Cashier-কে কত টাকা দেওয়া হবে তাহা দেখান এবং খতিয়ানেও হিসাবগুলি দেখান ঃ

From the following particulars, write up Petty Cash Book kept under Imprest System and show how much will the paid to the Petty Cashier on 8th January and also show the Ledger Accounts :

1992

January	2	Received from chief cashier as Imprest Cash–Rs. 100
		Paid Taxi hire–Rs. 5
"	3	Paid Postage–Rs. 7 and Stationery–Rs. 15
"	4	Purchase Stationery–Rs. 12
"	5	Paid Telegram charges–Rs. 7 and Bus fare–Rs. 1
"	6	Bought Furniture–Rs. 18 and Postage Stamp–Rs. 6
"	7	Paid A. Roy on account–Rs. 10 and for Repairs to Typewriter–Rs. 8

সমাধান :

Petty Cash Book

Dr. Cr.

Amount	L.F.	Date	Particulars	Voucher No.	Total Amount	Travelling Expenses	Postage	Stationery	Office Expenses	Ledger Accounts Amount	Ledger Accounts L.F.
Rs.		1992			Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	
100		Jan. 2	To Cash A/c (Cash received								
		,, 2	By Taxi hire		5	5					
		,, 3	By Postage		7		7				
		,, 3	By Stationery		15			15			
		,, 4	By Stationery		12			12			
		,, 5	By Telegram Charges		7		7				
		,, 5	By Bus Fare		1	1					
		,, 6	By Furniture		18					18	L.F.
		,, 6	By Postage		6		6				
		,, 7	By A. Roy A/c		10					10	L.F.
		,, 7	By Repairs to Typewriter		8				8		
					89	6	20	27	8	28	
		,, 7	By Balance c/d		11						
100					100	L.F.	L.F.	L.F.	L.F.	L.F.	
11		Jan. 8	To Balance b/d								
89		,, 9	To Cash A/c (Cash received)								

LEDGER

Travelling Expenses A/c (Folio.....)

Dr. Cr.

Date	Particulars	J.F.	Amount	Date	Particulars	J.F.	Amount
1992			Rs.				Rs.
Jan. 7	To Petty Cash A/c		6				

Postage A/c (Folio.....)

Dr. Cr.

Date	Particulars	J.F.	Amount	Date	Particulars	J.F.	Amount
1992			Rs.				Rs.
Jan. 7	To Petty Cash A/c		20				

Stationery A/c (Folio.....)

Dr. Cr.

Date	Particulars	J.F.	Amount	Date	Particulars	J.F.	Amount
1992			Rs.				Rs.
Jan. 7	To Petty Cash A/c		27				

Travelling Expenses A/c (Folio.....)

Dr. Cr.

Date	Particulars	J.F.	Amount	Date	Particulars	J.F.	Amount
1992			Rs.				Rs.
Jan. 7	To Petty Cash A/c		8				

Furniture A/c (Folio.....)

Dr. Cr.

Date	Particulars	J.F.	Amount	Date	Particulars	J.F.	Amount
1992			Rs.				Rs.
Jan. 7	To Petty Cash A/c		18				

A. Roy A/c (Folio.....)

Dr. Cr.

Date	Particulars	J.F.	Amount	Date	Particulars	J.F.	Amount
1992			Rs.				Rs.
Jan. 7	To Petty Cash A/c		10				

১.৫ অনুশীলনী

1. Sri Moti starts business with Rs. 15,000 on 20th January, 1999 of this he pays Rs. 10,000 into his Bank Account. His transactions during the Month Were as follows :

1999			Rs.
January	21	Purchased office table and chairs for cash	500
"	24	Sold goods for cash	950
"	25	Paid for signboard	225
"	28	Paid auto charges	10
"	30	Paid Wages	150

উপরোক্ত লেনদেনগুলি শ্রীমতির নগদান বইতে লিপিবদ্ধ করুন।

Record the above transactions in Sri Moti's Cash Book.

[*Ans.* : Cash in hand–Rs. 5,065]

2. নিম্নলিখিত লেনদেনগুলি একটি দু-ঘরা নগদান বইতে লিপিবদ্ধ করুন:

Enter the following transactions in a Double Column Cash Book :

2001			Rs.
January	1	Cash in hand	8,900
		Cash at Bank	15,490
"	3	Bought goods for cash	4,300
"	5	Paid for wages	4,100
"	7	Withdrew from Bank for expenses	7,500
		Cash paid to Yusuf	1,950
		Discount allowed	50
"	10	Cash sales	13,500
		Received cash from B. Lal	3,900
		Allowed him discount	100
		Received a cheque from Sneh	700
"	11	Paid Anurag by cheque	980
"		Discount allowed by him	20
"	12	Cash Purchases	2,500
"	14	Withdrew from Bank for Office use	5,000
"	15	Received cheque for Rs. 950 from L, Allowed him Discount	50

2001			Rs.
January	18	Cash seles	7,500
"	19	Paid into Bank L's cheque and cash	4,000
"	21	Cash paid for stationery	120
"	23	Paid commission to Rakesh by cheque	500
"	25	Received cheque for Rs. 1,000 from C and paid the same into Bank	
"	27	L's cheque dishonoured	
"	29	Drew a cheque for Rs. 800 for personal use	
"	31	Paid salaries by cheque Rs. 1,500 and by cash Rs. 500	
31st March, 2001 তারিখের কোনো পরিবারের নিম্নলিখিত জেরগুলি হতে সেই দিনের একটি রেওয়ামিল প্রস্তুত করুন ঃ

From the following Ledger Balances of a household as on 31st March, 2001, prepare a Trial Balance as on that date :

	Rs.
Cash in hand	1,000
Expenses for food grains	9,750
Newspaper subscription	250
Expenses for vegetables	2,750
Expenses for fish, meat, egg, etc.	4,750
Travelling Expenses	2,500
Tiffin expenses	4,750
Dinner table	13,250
Almirah	18,000
Expenses for pulse	1,000
Expenses for oil	1,000
Expenses for spices	1,000
Income from house property	25,000
Income from salary	20,000
Income from agriculture	15,000

সমাধান ঃ

Trial Balance as at 31st March, 2001

Name of Accounts	Debit Rs.	Name of Accounts	Credit Rs.
Cash in hand	1,000	Income from house property	25,000
Expenses for foodgrains	9,750	Income from salary	20,000
Newspaper subscription	250	Income from agriculture	15,000
Expenses for vegetables	2,750		
Expenses for fish, meat, egg, etc	4,750		
Travelling expenses	2,500		
Tiffin expenses	4,750		
Dinner table	13,250		
Almirah	18,000		
Expenses for pulse	1,000		
Expenses for oil	1,000		
Expenses for spices	1,000		
	60,000		60,000

উদাহরণ—৩

30th June, 2001 তারিখের Green Valley Sporting Club -এর নিম্নলিখিত জেরগুলি হতে একটি রেওয়ামিল প্রস্তুত করুন ঃ

From the following balances of Green Valley Sporting Club, prepare a Trial Balance as at 30th June, 2001 :

	Rs.		Rs.
General Fund	10,668	Advertisement in Magazine	1,240
Subscription Received	2,224	Miscellaneous Receipts	84
Donation Collected	1,000	Magazine Expenses	1,824
Cost of Library Books	3,840	Purchase of Investment	2,000
Printing and Stationery	160	Purchase of Sports Materials	6,000
Sale of Magazine	520	Rents and Taxes	144
Honorarium to Secretary	300	Salary and Wages	360
Sports and Games	150	Advertisement	120
Charity	240	Cash in hand	408
Expenses of Annual Sports	280	Interest Received	90

সমাধান ঃ

Trial Balance as at 30th June, 2001

	Debit Rs.		Credit Rs.
Cost of Library Books	3,840	General Fund	10,668
Printing and Stationery	160	Subscription Received	2,224
Honorarium to Secretary	300	Donation Collected	1,000
Sports and Games	150	Sale of Magazine	520
Charity	240	Advertisement in Magazine	1,240
Expenses of Annual Sports	280	Miscellaneous Receipts	84
Magazine Expenses	1,824	Interest Received	90
Purchase of Investments	2,000		
Purchase of Sports Materials	6,000		
Rent and Taxes	144		
Salary and Wages	360		
Advertisement	120		
Cash in hand	408		
	15,826		15,826

উদাহরণ—৪

9th October, 2001 তারিখের অনুষ্ঠিত কোন পারিবারিক উৎসবের জেরগুলি হতে একটি রেওয়ামিল প্রস্তুত করুন ঃ

From the following balances of a family festival held on 9th October, 2001, prepare a Trial Balance :

	Rs.
Savings	2,800
Loan from Provident Fund	8,800
Contribution from Uncle	2,900
Ornaments	4,800
Clothing and Cosmetics	1,135
Bedding and Furniture	3,284
Receipts from Brothers	2,000
Decoration	3,021
Entertainments	4,209
Cash in hand	51

সমাধান ঃ

Trial Balance of a Family Festival as on 9th October, 2001

	Debit Rs.		Credit Rs.
Ornaments	4,800	Savings	2,800
Clothing and Cosmetics	1,135	Loan from Provident Fund	8,800
Bedding and Furniture	3,284	Contribution fom Uncle	2,900
Decoration	3,021	Receipts from Brothers	2,000
Entertainments	4,209		
Cash in hand	51		
	16,500		16,500

উদাহরণ—৫

কোনো ব্যবসায় প্রতিষ্ঠানের 30th September, 2001 তারিখের নিম্নলিখিত জেরগুলি হ'তে একটি রেওয়ামিল প্রস্তুত করুন এবং কারণ দেখান ঃ

Prepare a Trial Balance from the following balances of a Trading Concern as on 30th September, 2001 and give reasons :

	Rs.		Rs.
Capital	40,000	Plant and Machinery	10,700
Purchases	36,000	Stock on 1.10.2000	15,500
Discount Allowed	1,200	Sundry Debtors	20,200
Carriage Inwards	8,700	Sundry Creditors	12,000
Carriage Outwards	2,300	Commission Paid	1,800
Sales	60,000	Cash in hand	100
Return Inward	300	Cash at Bank	10,100
Return Outward	700	Motor Cycle	4,600
Rent and Taxes	1,200	Stock on 30.9.2001	18,300

সমাধান ঃ

Trial Balance as at 30th September, 2001

	Debit (Rs.)	Credit (Rs.)	Reasons
Capital		40,000	দায়
Purchases	36,000		ব্যয়
Discount Allowed	1,200		ব্যয়
Carriage Inward	8,700		ব্যয়
Carriage Outward	2,300		ব্যয়
Sales		60,000	আয়
Return Inward	300		ব্যয়
Return Outward		700	আয়
Rent and Taxes	1,200		ব্যয়
Plant and Machinery	10,700		সম্পত্তি
Stock on 1.10.2000	15,500		সম্পত্তি
Sundry Debtors	20,200		সম্পত্তি
Sundry Creditors		12,000	দায়
Commission Paid	1,800		ব্যয়
Cash in hand	100		সম্পত্তি
Cash at Bank	10,100		সম্পত্তি
Motor Cycle	4,600		সম্পত্তি
	1,12,700	1,12,700	

30.9.2001 তারিখের মজুত পণ্য (Closing Stock) রেওয়ামিলে আসিবে না, কারণ এর জন্য কোনো জাবেদা হয়নি।

উদাহরণ—৬

নীলরতনের খতিয়ানের নিম্নলিখিত জেরগুলি হতে 30.12.2000 তারিখের একটি রেওয়ামিল প্রস্তুত করুন ঃ

From the following Ledger balances of Nilratan, prepare a Trial Balance as at 31.12.2000 :

	Rs.		Rs.
Nilratan's Capital	65,000	Sales	1,33,000
Plant and Machinery	19,000	Trade Expenses	500
Stock on 1.1.2000	14,000	Postage and Telegrams	700
Sundry Creditors	12,000	Insurance Charges	600
Nilratan's Drawings	7,000	Royalty Payable	3,000
Return Inwards	1,500	Salaries and Wages	21,400
Return Outward	1,500	Discount Receivable	3,700
Sundry Debtors	22,100	Rent Received	1,200
Freight and Duty	1,500	Cash at Bank	20,700
Rent, Rates and Taxes	4,500	Purchases	87,000
Cash in hand	6,000	Furniture and Fixture	6,000
Printing and Stationery	900		

সমাধান ঃ

Trial Balance as at 31.12.2000

	Debit Rs.		Credit Rs.
Plant and Machinery	19,000	Nilratan's Capital	65,000
Stock on 1.1.2000	14,000	Sundry Creditors	12,000
Nilratan's Drawings	7,000	Return Outward	1,500
Return Inwards	1,500	Sales	1,33,000
Sundry Debtors	22,100	Discount Receivable	3,700
Freight and Duty	1,500	Rent Received	1,200
Rent, Rates and Taxes	4,500		
Cash in hand	6,000		
Printing and Stationery	900		
Trade Expenses	500		
Postage and Telegrams	700		
Insurance Charges	600		
Royalty Payable	3,000		
Salaries and Wages	21,400		
Cash at Bank	20,700		
Purchases	87,000		
Furniture and Fixture	6,000		
	2,16,400		2,16,400

উদাহরণ—৭

নিম্নে রেওয়ামিলটি ত্রুটিপূর্ণ। কারণ নির্দেশ করে ইহা শুদ্ধ করুন ঃ

The following Trial Balance has been wrongly drawn. You are to rectify it stating reasons for your correction :

Trial Balance for the year ended 31st December, 20000

	Debit (Rs.)	Credit (Rs.)
Capital		20,000
Furniture and Fixtures		2,000
Bank Deposit	15,000	
Interest Received	750	
Miscellaneous Receipts	1,500	
Sundry Creditors		2,500
Sundry Debtors	7,000	
Discount Allowed		500
Discount Received	400	
Purchases	60,000	
Sales		80,000
Return Inward	1,000	
Return Outward		1,500
Carriage Inward	1,500	
Carriage Outward		1,000
Salaries and Wages	5,000	
Miscellaneous Expenses		2,000
Cash in hand	250	
Opening Stock	11,400	
Closing Stock	5,700	
	1,09,500	1,09,500

সমাধান ঃ

Trial Balance as at 31st December, 2000

	Debit Rs.	Credit Rs.	Reasons
Capital		20,000	
Furniture and Fixture	2,000		সম্পত্তি Debit হবে
Bank Deposit	15,000		
Interest Received		750	আয় Credit হবে
Miscellaneous Receipts		1,500	আয় Credit হবে
Sundry Creditors		2,500	
Sundry Debtors	7,000		
Discount Allowed	500		ব্যয় Debit হবে
Discount Received		400	আয় Credit হবে
Purchases	60,000		
Sales		80,000	
Return Inward	1,000		
Return Outward		1,500	
Carriage Inward	1,500		
Carriage Outward	1,000		ব্যয় Debit হবে
Salaries and Wages	5,000		
Miscellaneous Expenses	2,000		ব্যয় Debit হবে
Cash in hand	250		
Opening stock	11,400		
	1,06,650	1,06,650	

বিঃ দ্রঃ— (১) প্রদত্ত রেওয়ামিলের শিরোনাম ঠিক নেই — 'For the year ended'-এর পরিবর্তে 'as on' হবে। কারণ, রেওয়ামিল একটি নির্দিষ্ট তারিখের হিসাবখাতগুলির জের নিয়ে প্রস্তুত করা হয়।

(২) Closing Stock রেওয়ামিলে আসবে না। কারণ, ইহার জন্য কোনো দাখিলা হয়নি।

১.৭ সারাংশ

কোনো বছরের নির্দিষ্ট তারিখে হিসাবের বই-এর নির্ভুলতা যাচাই করার জন্য ক্যাশ বইসহ খতিয়ানের জেরগুলি (Closing Balance 'ডেবিট' (Debit) ও 'ক্রেডিট' (Credit)—এই দুই ভাগে

সাজিয়ে একটি তালিকা বা বিবরণী তৈরি করা হয়। ইহাকে রেওয়ামিল বলে। রেওয়ামিল তৈরি করে যদি দেখা যায় এর 'ডেবিট' দিকের যোগফলের অঙ্ক 'ক্রেডিট' দিকের যোগফলের অঙ্কের সমান হয়েছে, তবে ধরে নেওয়া যায় যে সমস্ত লেনদেনগুলি খতিয়ানে সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে।

১.৮ অনুশীলনী

১.৮.১ বিষয়মুখী প্রশ্নাবলি (Objective Questions)

1. নিম্নলিখিত উক্তিগুলির মধ্যে কোন্‌টি সঠিক তা নির্ণয় করুন :

   State which of the following statements are correct?

   (a) Trial Balance is an account.

   (b) Trial Balance is always prepared at the end of the year.

   (c) Trial Balance is a conclusive proof of accuracy.

   (d) Trial Balance does not disclose all errors.

   (e) Trial Balance helps to detect errors.

   (f) Trial Balance shows the financial position of a business.

2. নিম্নলিখিত কোন্ ভুলগুলির ফলে রেওয়ামিল মিলবে না?

   Which of the following errors will affect the Trial Balance?

   (a) A transaction recorded twice in Journal.

   (b) Discount allowed wrongly debited to Commission Allowed Account.

   (c) Rent received from sub-letting wrongly debited to Rent Account.

   (d) Furniture purchased wrongly debited to Purchase Account.

   (e) Undercasting in Sales Day Book.

3. শূন্যস্থান পূরণ করুন :

   Fill up the gaps :

   (a) All Assets are _____.

(b) All Liabilities are _____.

(c) All Expenses are _____.

(d) All Income are _____.

১.৮.২ তত্ত্বগত প্রশ্নাবলি (Theoretical Questions)

1. রেওয়ামিল কাকে বলে? ইহা কীভাবে এবং কখন প্রস্তুত করা হয়? রেওয়ামিল তৈরি করার উদ্দেশ্য কী? ইহা কি খতিয়ানের একটি হিসাবখাত? রেওয়ামিল প্রস্তুত করা কি অপরিহার্য?

   What is a Trial Balance? How and when is it prepared? What are the objects of preparing it? Is it a Ledger Account? Is the Preparation of Trial Balance indispensable?

2. যে বিভিন্ন ভুল রেওয়ামিলে ধরা পড়ে না, উদাহরণসহ এগুলির উল্লেখ করুন।

   Mention different classes of errors which are not disclosed by a Trial Balance. Give examples.

3. 'রেওয়ামিল হিসাবের গাণিতিক শুদ্ধতার আপাত প্রমাণ মাত্র।' আপনি কি ইহা স্বীকার করেন? উত্তরের যথার্থতা বিচার করুন।

   'A Trial Balance is only a prima facie evidence of arithmetical accuracy of records.' Do you agree? Justify your answer.

4. পরিপূরক ভুল এবং নীতিগত ভুল বলিতে কী বোঝায়? উদাহরণসহ ব্যাখ্যা করুন। এই ভুলগুলি কি রেওয়ামিল মিলকরণে বাধার সৃষ্টি করে?

   What do you mean by Compensating Errors and Errors of Principle? Explain with examples. Do these errors effect the agreement of Trial Balance

১.৮.৩ ব্যাবহারিক প্রশ্নাবলি (Practical Questions)

1. 31st March, 2001 তারিখের কোনো পরিবারের নিম্নলিখিত জেরগুলি হতে সেই দিনের একটি রেওয়ামিল প্রস্তুত করুন ঃ

From the following Ledger Balances of a household as on 31st March, 2001, prepare a Trial Balance as on that date :

	Rs.
Income from Salary	40,000
Income from House Property	30,000
Payments for Foodgrains	20,000
Payments for Vegetables	15,000
Payments for Tiffin	6,000
Payments for Fuel	4,000
Cost of Meat, Fish, Egg, etc.	3,000
Payment of Electric Bill	1,500
Cost of Dinner Sets	16,000
Sale of old Newspaper	200
Sale of old Furniture	2,000
Expenses for Oil and Spices	2,500
Cash in hand	4,200

2. 18th May, 2001 তারিখে অনুষ্ঠিত রামবাবুর মেয়ের বিয়ে উপলক্ষ্যে নিম্নলিখিত জেরগুলি হতে একটি রেওয়ামিল প্রস্তুত করুন ঃ

From the following Balances in connection with marriage of Ram Babu's daughter held on 18th May, 2001, prepare a Trial Balance :

	Rs.
Withdrawal from savings	60,000
Sale of old ornaments	30,000
Payment for cloths and ornaments	27,000
Payment for entertainments	41,000
Decoration and Pandal	7,000
Mike and Electricity	3,000
Travelling expenses	1,000
Loan from Provident Fund	10,000
Gifts from Friends and Relatives	8,000
Cost of Bedding and Furniture	24,000
Puja and Priests	4,000
Cash in hand	1,000

3. 15.8.2001 তারিখে টালিগঞ্জ ক্লাব দ্বারা স্বাধীনতা দিবস উদ্‌যাপন উপলক্ষে নিম্নলিখিত তথ্য হতে একটি রেওয়ামিল প্রস্তুত করুন ঃ

From the following particulars in connection with the celebration of Independence Day by Tallyganj Club on 15.8.2001, prepare a Trial Balance :

	Rs.
Hall Rent	6,000
Printing Charges	4,000
Lighting and Decoration	10,000
Entertainment Expenses	8,000
Subscriptions Received	25,000
Donations Received	22,000
Government Grant	5,000
Travelling Expenses	3,000
Exhibition	4,000
Artists	12,000
Advertisement in Souvenir	6,000
Donation to Governor's Relief Fund	8,000
Cash in hand	3,000

4. 31st March, 2001 তারিখের নিম্নলিখিত জেরগুলি হতে একটি রেওয়ামিল প্রস্তুত করুন ঃ

Prepare a Trial Balance from the following balances as on 31st March, 2001 :

	Rs.		Rs.
Cash in hand	540	Building	30,000
Cash at Bank	2,630	Freehold Land	10,000
Purchases	40,675	Machinery	20,000
Sales	98,780	Patents	7,500
Returns Inward	680	Salaries	15,000
Returns Outward	500	General Expenses	3,000
Wages	10,480	Insurance	600
Fuel and Power	4,730	Drawings	5,245
Carriage on Sales	3,200	Capital	71,000
Carriage on Purchase	2,040	Sundry Debtors	14,500
Stock on 1.4.2000	5,760	Sundry Creditors	6,300

5. 30th September, 2001 তারিখের নিম্নলিখিত জেরগুলি হতে একটি রেওয়ামিল প্রস্তুত করুন ঃ

Prepare a Trial Balance from the following balances as on 30th September, 2001 :

	Rs.		Rs.
Advertisement	25,000	Furniture and Fixture	36,000
Trade Expenses	12,000	Returns Inward	1,900
Land and Building	70,000	Drawings	10,000
Plant and Machinery	30,000	Investment	45,000
Purchases	2,50,000	Bank Balance	10,000
Patent Rights	1,00,000	Sales	4,80,000
Sundry Debtors	1,70,000	Dividends from Investments	3,600
Carriage Outwards	5,000	Loan A/c	1,00,000
Carriage Inwards	3,400	Commission Received	400
Interest paid on Loan	1,800	Capital	1,50,000
Salary	24,000	Sundry Creditors	1,61,500
Wages	32,000	Stock as on 1.10.2000	69,000

6. নিম্নে দেওয়া রেওয়ামিলটি ত্রুটিপূর্ণ। কারণ নির্দেশ করে ইহা শুধ করুন ঃ

The following Trial Balance has been wrongly drawn. You are to rectify it stating reasons for your corrections :

	Debit (Rs.)	Credit (Rs.)
Capital		80,000
Stock at Commencement	25,000	
Discount Allowed		500
Commission Received		700
Fixed Assets		60,000
Sales	90,000	
Purchases		50,000
Returns Outward		1,000
Returns Inward	2,000	
Carriage Inward		600
Carriage Outward		700
Wages and Salaries	27,000	
Bills Receivable	5,000	
Sundry Debtors	10,000	
Bills Payable		8,000
Rent	3,000	
Interest Paid		2,000
Cash in hand	800	
Sundry Creditors	6,900	
Stock at the end	33,800	
	2,03,500	2,03,500

১.৯ উত্তর সংকেত

১.৮.১ বিষয়মুখী প্রশ্নাবলি (Objective Questions)

1. (d), (e)
2. (c), (e)
3. (a) Debit
   (b) Credit
   (c) Debit
   (d) Credit

১.৮.৩ ব্যবহারিক প্রশ্নাবলি (Objective Questions)

Total of Trial Balance–

1. Rs. 72,200
2. Rs. 1,08,000
3. Rs. 58,000
4. Rs. 1,76,580
5. Rs. 8,95,500
6. Rs. 1,86,600

১.১০ গ্রন্থপঞ্জি

1. Goswami and Bardhan–*Higher Secondary Accountancy.*
2. Bhattacharya, S. – *Accountancy.*
3. Shukla, M. C. and Grewal, T. S. – *Advance Accounts.*

একক ২ ❑ চূড়ান্ত হিসাব ও উদ্‌বর্ত-পত্র (Final Accounts and Balance Sheet)

গঠন

২.০ উদ্দেশ্য

২.১ প্রস্তাবনা

২.২ ব্যবসায় প্রতিষ্ঠানের শ্রেণিবিভাগ এবং উহাদের চূড়ান্ত হিসাবের স্তর

২.৩ লেনদেন-এর প্রকৃতিভিত্তিক শ্রেণিবিভাগ

২.৪ ক্রয়বিক্রয় হিসাব (Trading Account)

২.৪.১ ক্রয়বিক্রয় হিসাবের Debit দিক

২.৪.২ ক্রয়বিক্রয় হিসাবের Credit দিক

২.৪.৩ Trading Account-এর একটি ছক

২.৫ উৎপাদন ব্যয় হিসাব (Manufacturing Account)

২.৬ লাভক্ষতির হিসাব (Profit and Loss Account)

২.৬.১ লাভক্ষতির হিসাবের ব্যয়গুলির পর্যায়ক্রম

২.৭ লাভক্ষতির বণ্টন হিসাব (Profit and Loss Appropriation Account)

২.৮ উদ্‌বর্ত-পত্র (Balance Sheet)

২.৯ সম্পত্তির শ্রেণিবিভাগ (Classification of Assets

২.১০ দায়ের শ্রেণিবিভাগ (Classification of Liabilities)

২.১১ উদ্‌বর্ত-পত্রে সম্পত্তি ও দায়সমূহের সাজাবার নিয়ম (Marshalling of Assets and Liabilities in Balance Sheet)

২.১১.১ উদ্‌বর্ত-পত্রে সম্পত্তি ও দায়ের বিন্যাস-সজ্জার পদ্ধতি

২.১২ উদাহরণমালা

২.১৩ অমুনাফাসন্ধানী প্রতিষ্ঠানের হিসাবনিকাশ—পরিবার, ক্লাব ইত্যাদি (Accounting for Non-profit Seeking Concerns–Family, Club, etc.)

২.১৪ পারিবারিক প্রতিষ্ঠানের চূড়ান্ত হিসাব

২.১৫ অনুশীলনী

২.১৫.১ বিষয়মুখী প্রশ্নাবলি (Objective Questions)

২.১৫.২ তত্ত্বগত প্রশ্নাবলি (Theoretical Questions)

২.১৫.৩ ব্যবহারিক প্রশ্নাবলি (Practical Questions)

২.১৬ উত্তর সংকেত

২.১৭ গ্রন্থপঞ্জি

২.০ উদ্দেশ্য

এই এককটি পাঠ করে আপনি জানতে পারবেন—

- সম্পত্তি ও দায় কী এবং এর প্রকারভেদ
- চূড়ান্ত হিসাব কীভাবে তৈরি করা হয়
- উদ্‌বর্ত-পত্র কতরকমভাবে তৈরি করা যায়।

২.১ প্রস্তাবনা

প্রতিটি প্রতিষ্ঠান (মুনাফাভোগী বা অমুনাফাভোগী) সারা বছর লেনদেন করার পর নীট ফল জানতে চায়। এই নীট ফল জানতে হলে লাভক্ষতির হিসাব বা আয়-ব্যয় হিসাব তৈরি করা হয়। এই হিসাব থেকে প্রতিষ্ঠানটির নীট লাভ বা ব্যয়ের তুলনায় আয় কতটা বেশি তা জানা যায় এবং আর্থিক অবস্থা জানতে হলে উদ্‌বর্ত-পত্র তৈরি করতে হয়, কারণ উদ্‌বর্ত-পত্রে প্রতিষ্ঠানটির সম্পত্তি ও দায় সাজানো থাকে। সম্পত্তি ও দায়ের অবস্থা আপনি সহজেই একটি নির্দিষ্ট দিনে প্রতিষ্ঠানটির আর্থিক অবস্থা জানতে পারবেন।

২.২ ব্যবসায় প্রতিষ্ঠানের শ্রেণিবিভাগ এবং উহাদের চূড়ান্ত হিসাবের স্তর

ব্যবসায় প্রতিষ্ঠান দু'প্রকার হতে পারে। যথা—(১) সাধারণ ব্যবসায়ী এবং (২) উৎপাদনকারী।

(১) সাধারণ ব্যবসায়ী ঃ ইহারা পণ্য উৎপাদন করেন না। উৎপাদনকারী বা পাইকারি বিক্রেতার (wholesaler) কাছ থেকে পণ্য ক্রয় করে খুচরা বিক্রয় করে থাকে। এ ধরনের ব্যবসায়ীদের চূড়ান্ত হিসাবের চারটি স্তর আছে, যথা—

(ক) ক্রয়বিক্রয় হিসাব (Trading Account) ঃ এর দ্বারা মোট লাভক্ষতি (Gross Profit or Loss) নির্ণয় করা হয়।

(খ) লাভক্ষতি হিসাব (Profit and Loss Account) ঃ এর দ্বারা নীট লাভ বা ক্ষতি (Net Profit or Loss) নির্ণয় করা হয়।

(গ) লাভক্ষতি বণ্টন হিসাব (Profit and Loss Appropriation Account) ঃ এর দ্বারা লাভক্ষতির বণ্টন দেখান হয়।

(ঘ) উদ্‌বর্ত-পত্র (Balance Sheet) ঃ এর দ্বারা ব্যবসায়ের আর্থিক অবস্থা জানা যায়।

(২) উৎপাদনকারী (Manufacturer) এসব প্রতিষ্ঠান নিজেরাই পণ্য উৎপাদন করেন এবং সে সব পণ্য বিক্রয় করেন। এই সমস্ত প্রতিষ্ঠানের চূড়ান্ত হিসাবের পাঁচটি স্তর আছে। সাধারণ ব্যবসায়ীদের ক্ষেত্রে উল্লিখিত হিসাবের চারটি স্তর ছাড়াও উৎপাদনকারীরা একটি অতিরিক্ত হিসাব রাখেন, যাকে বলা হয় 'উৎপাদন ব্যয় হিসাব' (Manufacturing Account)। এর দ্বারা পণ্য উৎপাদন ব্যয় নির্ণয় করা হয়।

২.৩ লেনদেন-এর প্রকৃতিভিত্তিক শ্রেণিবিভাগ

আর্থিক লেনদেনগুলির প্রকৃতি অনুসারে (১) মূলধনজাতীয় এবং (২) মুনাফাজাতীয়—এই দুই শ্রেণিতে বিভক্ত করা অত্যাবশ্যক। মুনাফাজাতীয় লেনদেন Trading এবং Profit and Loss Account-এ বিবেচনা করা হয় এবং মূলধনজাতীয় লেনদেনগুলি উদ্‌বর্ত-পত্রে দেখান হয়। সুতরাং মূলধনজাতীয় ও মুনাফাজাতীয় লেনদেনগুলি যথাযথ শ্রেণিবিভাগ করতে না পারলে প্রতিষ্ঠানের সঠিক লাভক্ষতি এবং আর্থিক অবস্থা জানা যাবে না। নীচে এগুলি আলোচনা করা হল ঃ

(ক) মূলধনজাতীয় আয় বা প্রাপ্তি (Capital Receipts) ঃ যে সমস্ত প্রাপ্তি বার বার ঘটে না (non-recurring) এবং যার ফল দীর্ঘদিন ধরে ভোগ করা যায়, তাকে মূলধনজাতীয় প্রাপ্তি বলে। যেমন—মালিক কর্তৃক প্রদত্ত মূলধন, স্থির সম্পত্তি বিক্রয়লব্ধ অর্থ, ব্যাঙ্ক থেকে গৃহীত ঋণ। এগুলি উদ্বর্ত-পত্রে দেখান হয় দায়ের দিকে।

(খ) মূলধনজাতীয় ব্যয় (Capital Expenditure) ঃ যে সমস্ত ব্যয় বার বার করতে হয় না এবং যার ফলে স্থির সম্পত্তি পাওয়া যায়, সে সব ব্যয়কে মূলধনজাতীয় ব্যয় বলা হয়। যেমন—ঘরবাড়ি, আসবাবপত্র, যন্ত্রপাতি ইত্যাদি। এই সমস্ত ব্যয় উদ্‌বর্ত-পত্রে দেখান হয় সম্পত্তির দিকে।

(গ) মুনাফাজাতীয় আয় (Revenue Income) ঃ যে সমস্ত আয় বারে বারে ঘটে (recurring) এবং যা বর্তমান হিসাব বছর সংক্রান্ত, তাদের বলা হয় মুনাফাজাতীয় আয়। যেমন—পণ্য বিক্রয়লব্ধ অর্থ, লগ্নিপত্রের উপর সুদ, কমিশন প্রাপ্তি ইত্যাদি। এই সমস্ত আয় লাভক্ষতি হিসাবের (Trading and Profit & Loss Account) Credit-এর দিকে দেখান হয়।

(ঘ) মুনাফাজাতীয় ব্যয় (Revenue Expenditure) ঃ যে সমস্ত ব্যয় বার বার করতে হয় (recurring) অর্থাৎ দৈনন্দিন কার্য পরিচালনার দরুন যাবতীয় ব্যয় হল মুনাফাজাতীয়

ব্যয়। এই সমস্ত ব্যয়ের ফল বর্তমান হিসাব বছরেই শেষ হয়ে যায়। যেমন—পণ্য ক্রয় বাবদ খরচ, মজুরি, বেতন, বাড়ি ভাড়া, যাতায়াত খরচ, ডাকমাশুল, বিমা ইত্যাদি। এই সমস্ত ব্যয় লাভক্ষতি হিসাবের (Trading and Profit & Loss Account) Debit-এর দিকে দেখান হয়।

(গ) বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয় (Deferred Revenue Expenditure) ঃ কোনো কোনো মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ অত্যধিক হতে পারে এবং যার ফল বর্তমান হিসাব বছরের মধ্যে সীমাবদ্ধ না থেকে পরবর্তী কয়েক বছর ধরে স্থায়ী হতে পারে। এরূপ ব্যয়ের এক অংশ বর্তমান হিসাব বছরের ব্যয় মনে করে লাভক্ষতি হিসাবে দেখান হয় এবং বাকি অংশ সাময়িকভাবে মূলধনজাতীয় মনে করে উদ্‌বর্ত-পত্রে সম্পত্তির দিকে দেখান হয়। যেমন—কোনো প্রতিষ্ঠান গঠনের প্রাথমিক ব্যয় (Preliminary Expenses), কোনো নূতন পণ্য বাজারে ছাড়বার সময় বিজ্ঞাপন বাবদ অত্যধিক ব্যয়।

২.৪ ক্রয়বিক্রয় হিসাব (Trading Account)

এই হিসাবের মাধ্যমে কোনো নির্দিষ্ট সময়কালের (period of time) মোট লাভ বা ক্ষতি নির্ণয় করা হয়। সুতরাং এর শিরোনামে 'For' কথাটি উল্লেখ করা হয়।

২.৪.১ ক্রয়-বিক্রয় হিসাবের Debit দিক

ক্রয়বিক্রয় হিসাবের Debit দিকের কয়েকটি বিশেষ বিশেষ বিষয় নীচে উল্লেখ করা হল ঃ

১। Opening Stock ঃ গত বছরের শেষে অবিক্রীত মজুতপণ্য এ বছরের Opening Stock হবে। এর পরিমাণ খতিয়ান থেকে পাওয়া যাবে।

২। Purchases ঃ বর্তমান বছরের ক্রীত যাবতীয় পণ্যের মূল্য খতিয়ানের Purchase Account থেকে পাওয়া যায়। Trading Account-এ Purchase Account-এর জের নেওয়ার সময় এ থেকে ক্রয় ফেরত বাদ দিয়ে নীট ক্রয় Purchase Account-এ দেখান হয়।

৩। Wages ঃ উৎপাদন কার্যে প্রত্যক্ষভাবে নিযুক্ত শ্রমিকদের মজুরি।

৪। Wages and Salaries ঃ এই ক্ষেত্রে Salaries উৎপাদনকর (Productive) মনে করে সবটাই Trading Account-এ দেখান হয়। কিন্তু Salaries and Wages P/L Account-এ দেখান হয়।

৫। Carriage Inward ঃ ক্রীত পণ্য আনয়ন করার খরচ। শুধু Carriage বলা থাকলে একে Carriage Inward ধরে Trading Account-এ দেখাতে হবে। কিন্তু Carriage Outward Profit and Loss Account-এ যাবে।

৬। Freight ঃ ক্রীত পণ্য জাহাজ, রেল অথবা বিমানযোগে আনয়ন করার খরচ।

৭। Custom Duty/Import Duty ঃ পণ্য আমদানি করার জন্য দেয় শুল্ক।

৮। Clearing Charges ঃ আমদানি পণ্য বন্দর থেকে খালাস করার জন্য খরচ।

৯। Excise Duty ঃ দেশের অভ্যন্তরে উৎপাদিত পণ্যের উপর ধার্য শুল্ক।

১০। Royalty ঃ কোনো পেটেন্ট বা খনি ইজারা (Lease) নিলে মালিককে ভাড়া প্রদান করতে হয়। উহা উৎপাদনের উপর অথবা বিক্রয়ের উপর ধার্য হতে পারে। উৎপাদনের উপর ভাড়া Trading Account-এ এবং বিক্রয়ের উপর ভাড়া Profit and Loss Account-এ দেখাতে হবে। শুধু Royalty বলা থাকলে Trading Account-এ যাবে।

১১। Coal, Coke, Fuel, Gas, Power, etc. ঃ পণ্য উৎপাদন করতে কারখানায় এইগুলি ব্যয় হয়।

অতএব দেখা যাচ্ছে যে, পণ্য ক্রয় এবং পণ্য উৎপাদনসংক্রান্ত প্রত্যক্ষ ব্যয়গুলি Trading Account-এ Debit-এর দিকে দেখাতে হবে।

২.৪.২ ক্রয়বিক্রয় হিসাবের Credit দিক

১। Sales ঃ বর্তমান বছরের সমস্ত বিক্রীত পণ্যের মূল্য খতিয়ানের Sales Account থেকে পাওয়া যাবে। Sales Account-এর জের Trading Account-এ নেওয়ার সময় তা থেকে বিক্রয়-ফেরত বাদ দিয়ে নীট বিক্রয় দেখান হয়।

২। Closing Stock ঃ বর্তমান বছরের শেষে যে পরিমাণ পণ্য অবিক্রীত রয়েছে তাকে Closing Stock বলে। ক্রয়মূল্য অথবা বাজার মূল্যের মধ্যে যেটি কম সেই দরে মজুত পণ্যের মূল্যায়ন করতে হবে।

২.৪.৩ Trading Account-এর একটি ছক

Trading Account for the year ended .....

Dr.	Rs.	Cr.	Rs.
To Opening Stock		By Sales	
„ Purchases		*Less* Returns	
Less Returns		„ Closing Stock	
„ Carriage Inward			
„ Wages			
„ Freight			
„ Custom Duty			
„ Clearing Charges			
„ Excise Duty			
„ Royalty			
„ Coal, Coke, Fuel, etc.			
„ Gross Profit			
(Transferred to P/L A/c)			

২.৫ উৎপাদন ব্যয় হিসাব (Manufacturing Account)

উৎপাদনকারী তার উৎপাদিত পণ্যের উৎপাদন ব্যয় নির্ণয় করার জন্য যে বিশেষ হিসাব প্রস্তুত করে, তাকে উৎপাদন ব্যয় হিসাব বলে। উৎপাদনসংক্রান্ত যাবতীয় ব্যয় এতে Debit করা হয়। যথা—

১। ব্যবহৃত কাঁচা মালের মূল্য এবং এর ক্রয়সংক্রান্ত যাবতীয় ব্যয়;

২। উৎপাদনে নিযুক্ত শ্রমিকদের মজুরি;

৩। প্রত্যক্ষ ব্যয় (Chargeable or Direct Expenses), যেমন— Royalty on Production, Cost of Design ইত্যাদি।

উপরিউক্ত এই তিনটি ব্যয়ের সমষ্টিকে বলা হয় মূল উৎপাদন ব্যয় (Prime Cost)।

৪। কারখানার পরোক্ষ ব্যয় (Factory or Works Overhead) ঃ যেমন— Factory Lighting, Factory Rent, Factory Insurance, Fuel and Power, Depreciation, Repairs of Plant, Factory Manager's Salary ইত্যাদি।

মূল উৎপাদন ব্যয় ও কারখানার পরোক্ষ ব্যয়ের সমষ্টিকে বলা হয় মোট উৎপাদন ব্যয় (Gross Cost of Production)।

৫। অসমাপ্ত পণ্য (Work-in-progress or Partly Finished Stock) ঃ বছরের শেষে কারখানায় কিছু পণ্য অসম্পূর্ণ থেকে যায়। একে বলে Closing work-in-progress। ইহাই আবার আগামী বছর শুরুতে হবে Opening work-in-progress. নীট উৎপাদন ব্যয় (Net Cost of Production) নির্ণয় করতে হলে অসমাপ্ত পণ্যের মূল্যায়ন করতে হয়। নীট উৎপাদন ব্যয়কে কারখানার উৎপাদন ব্যয় (Factory or Works Cost) নামেও অভিহিত করা হয়।

উৎপাদন ব্যয়ের হিসাবের জের সব সময় Debit হবে, এর দ্বারা পণ্য উৎপাদনের মোট ব্যয়কে বোঝায়। এই জের Trading Account-এ Debit-এর দিকে স্থানান্তরিত করা হয়।

নিম্নে Manufacturing Account-এর একটি ছক দেওয়া হল ঃ

Manufacturing Account for the year ended.....

Dr.			Cr.	
		Rs.		Rs.
To Raw Materials Consumed:			By Trading Account (Cost of Production Transferred)	.....
Opening Stock	.....			
Add Purchase	.....			
Add Carriage	.....	.....		
Less Returns	.....			
„ Closing Stock	.....	.....		
„ Wages		.....		
„ Chargeable Expenses :				
Royalty on Production	.....			
Cost of Design	.....	.....		
Prime Cost		.....		
„ Factory Overhead :				
Factory Rent	.....			
Depreciation on Plant	.....			
Fuel and Power	.....			
Factory Manager's Salary	.....			
Gross Cost of Production		.....		
„ Work-in-progress :		.....		
Opening Stock	.....			
Less Closing Stock	.....	.....		
Net Cost of Production		.....		.....

২.৬ লাভক্ষতির হিসাব (Profit and Loss Account)

এই হিসাবের মাধ্যমে কোনো নির্দিষ্ট সময়কালের (period of time) নীট লাভ বা ক্ষতি নির্ণয় করা হয়। সুতরাং এর শিরোনাম 'For' কথাটি উল্লেখ করা নয়। Trading Account থেকে মোট লাভ বা ক্ষতি (Gross Profit or Loss) Profit and Loss Account-এর যথাক্রমে Credit বা Debit দিকে প্রথমেই আসবে। এরপর মুনাফাজাতীয় যাবতীয় আয় ও ব্যয় যা Trading Account-এ স্থানান্তরিত হয়নি, সেগুলি Profit and Loss Account-এ যথাক্রমে Credit ও Debit হবে। এখানে লক্ষ্য রাখতে হবে, কেবলমাত্র সংশ্লিষ্ট আর্থিক বছরের আয় ও ব্যয়গুলিই বিবেচনা করতে হবে। কোনো অগ্রিম আয়-ব্যয় অথবা বাকী আয়-ব্যয় থাকলে সেগুলি সমন্বয় করতে হবে

২.৬.১ লাভ-ক্ষতির হিসাবের ব্যয়গুলির পর্যায়ক্রম

Profit and Loss Account-এ যাবতীয় ব্যয়গুলি কি পর্যায়ক্রমে দেখান হবে সে বিষয়ে ধরাবাঁধা কোনো নিয়ম না থাকলেও নিম্নোক্ত ক্রমানুসারে ব্যয়গুলি দেখালে ব্যবসায়িক সিদ্ধান্ত নিতে সুবিধা হয় ঃ

(১) অফিস ও ব্যবস্থাপনা-সংক্রান্ত ব্যয় (Office and Administrative Expenses)

(২) বিক্রয় ও সরবরাহ-সংক্রান্ত ব্যয় (Selling and Distribution Expenses)

(৩) আর্থিক ও অন্যান্য ব্যয় (Financial and Other Expenses)

নিম্নে প্রদর্শিত Profit and Loss Account-এর ছক থেকে বিষয়টি পরিষ্কার হবে ঃ

Trading Account for the year ended .....

Dr. Cr.

	Rs.		Rs.
To Gross Loss (Transferred from Trading A/c)		By Gross Profit (Transferred From Trading A/c)	
,, Office and Administrative Expenses :		,, Interest Received	
Salaries		,, Discount Received	
Rent, Rates and Taxes		,, Commission Received	
		,, Income from Investments	

[Contd.

	Rs.		Rs.
Postage and Telegram		By Bank Interest	
Printing and Stationery		„ Bad Debts Recovered	
Tea and Tiffin		„ Net Loss	
Electric Charges		(Transferred to Capital A/c)	
Telephone			
Trade Expenses			
Audit Fees			
To Selling and Distribution Expenses :			
Salesmen's Salary and Commission			
Advertisement			
Godown Rent			
Packing Expenses			
Carriage Outward			
Sales Tax			
Bad Debts			
Travelling Expenses			
Export Duties			
„ Financial and other Expenses			
Interest on Loan			
Discount Allowed			
Bank Charges			
Depreciation			
„ Net Profit (Transferred to Capital A/c			

২.৭ লাভক্ষতির বন্টন হিসাব (Profit and Loss Appropriation Account)

ব্যবসায়ের নীট লাভ একক মালিকানা প্রতিষ্ঠানের ক্ষেত্রে মালিকের প্রাপ্য। লাভক্ষতি ভাগাভাগি করার কোনো প্রশ্ন নেই। সেজন্য লাভক্ষতি বন্টন হিসাব তৈরি করার প্রয়োজন নেই। কিন্তু অংশীদারি কারবারে অংশীদারদের মধ্যে এবং কোম্পানির ক্ষেত্রে শেয়ার-হোল্ডারদের মধ্যে লাভক্ষতি বন্টন করা হয়। যে হিসাবখাতের মাধ্যমে বন্টনযোগ্য লাভ বা ক্ষতি কীভাবে অংশীদার বা শেয়ার-হোল্ডারদের মধ্যে বন্টন করা হয় তা দেখান হয়, তাকে লাভক্ষতি বন্টন হিসাব বলে। সুতরাং মুনাফা বন্টনের সঙ্গে যে সকল হিসাব সংশ্লিষ্ট, সেগুলি এই Account-এ আসবে।

Profit and Loss Appropriation Account-এর মাধ্যমে কোনো নির্দিষ্ট সময়কালের (period of time) লাভক্ষতির বণ্টন দেখান হয়, সেজন্য ইহার শিরোনামে 'For' কথাটি যোগ করতে হয়।

অংশীদারি প্রতিষ্ঠানের Profit and Loss Appropriation Account-এর ছক দেখান হল

Trading Account for the year ended .....

Dr. Cr.

	Rs.		Rs.
To Reserve		By Net Profit (Transferred from P/L A/c)	
" Interest on Capital		" Interest on Drawings	
" Salary to Partners			
" Commission to Partners			
" Share of Profit (Transferred to Capital)			

২.৮ উদ্‌বর্ত-পত্র (Balance Sheet)

কোনো নির্দিষ্ট দিনে প্রতিষ্ঠানের সঠিক আর্থিক চিত্র জ্ঞাত করার জন্য প্রতিষ্ঠানের সমস্ত সম্পত্তি ও দায়সমূহের যে বিবরণ প্রস্তুত করা হয়, তাকে উদ্‌বর্ত-পত্র (Balance Sheet) বলে। যেহেতু উদ্‌বর্ত-পত্র প্রস্তুত করতে হলে কোনো নির্দিষ্ট দিনের (point of time) সম্পত্তি ও দায়সমূহ বিবেচনা করা হয়, সেজন্য উদ্‌বর্ত-পত্রের শিরোনামে 'as at' শব্দ দুটি ব্যবহার করা হয়।

উদ্‌বর্ত-পত্র কোন হিসাবখাত (Account) নয়। হিসাব বছর শেষে লাভক্ষতি হিসাব করার পর যে সমস্ত হিসাবখাতের জের বন্ধ হয়ে যায়নি, সেই সমস্ত হিসাবের জের নিয়ে যে বিবরণী প্রস্তুত করা হয় তাই উদ্‌বর্ত-পত্র। সেজন্য উদ্‌বর্ত-পত্রে Debit/Credit লেখা হয় না। এই বিবরণীর ডানদিকে সম্পত্তিসমূহ (Assets) এবং বামদিকে মূলধন ও দায়সমূহ (Capital and Liabilities) লেখা হয়।

২.৯ সম্পত্তির শ্রেণিবিভাগ (Classification of Assets)

১। স্থির সম্পত্তি (Fixed Assets) ঃ যে সম্পত্তি দীর্ঘকাল ব্যবহার করা হয়। যেমন— Land, Building, Machinery, Furniture ইত্যাদি।

২। অদৃশ্যমান সম্পত্তি (Intangible Assets) ঃ যে সম্পত্তির বাস্তব অস্তিত্ব নেই। যেমন— Goodwill, Patent Right, Trade Mark ইত্যাদি।

৩। চলতি সম্পত্তি (Current Assets) ঃ যে সম্পত্তি স্বল্প স্থায়ী এবং যাহা দ্রুত নগদ অর্থে রূপান্তরিত করা যায়। যেমন—Stock, Debtors, Cash, Bills Receivable ইত্যাদি।

৪। অলীক সম্পত্তি (Fictitious Assets) ঃ যে সম্পত্তির কোন বাজার মূল্য নেই। যেমন— Preliminary Expenses, Discount on Issue of Shares, Profit and Loss Debit Balance ইত্যাদি।

২.১০ দায়ের শ্রেণিবিভাগ (Classification of Liabilities)

১। অন্তর্দায় (Internal Liabilities) ঃ মালিকের নিকট ব্যবসায়ের সমুদয় ঋণ। যেমন— Capital, Reserve, Profit and Loss Credit Balance ইত্যাদি।

২। বহির্দায় (External Liabilities) ঃ মালিক ব্যতীত বাইরের অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট ব্যবসায়ের সমুদয় ঋণ। যেমন— Creditors, Debentures, Bills Payable, Bank Overdraft ইত্যাদি।

৩। স্থির বা দীর্ঘমেয়াদি দায় (Fixed of Long-term Liabilities) ঃ যে সকল দায় দীর্ঘকাল পরে পরিশোধযোগ্য। যেমন—Debenture, Mortgage Loan ইত্যাদি।

৪। চলতি বা স্বল্পমেয়াদি দায় (Current or Short-term Liabilities) ঃ যে সকল দায় দ্রুত পরিশোধযোগ্য। যেমন—Creditors, Bills Payable, Bank Overdraft ইত্যাদি।

২.১১ উদ্‌বর্ত-পত্রে সম্পত্তি ও দায়সমূহ সাজাবার নিয়ম (Marchalling of Assets and Liabilities in Balance Sheet)

উদ্‌বর্ত-পত্রের মুখ্য উদ্দেশ্য হল, ব্যবসায়ের আর্থিক অবস্থা প্রকাশ করা। সুতরাং উদ্‌বর্ত-পত্রের সম্পত্তি ও দায়গুলি একটি সুসংবদ্ধ নিয়ম অনুযায়ী পর পর দেখান হয়। যাতে এর মাধ্যমে ব্যবসায়ের আর্থিক অবস্থা অতি সহজে ও অল্প সময়ে উপলব্ধি করা যায়।

২.১১.১ উদ্‌বর্ত-পত্রে সম্পত্তি ও দায়ের বিন্যাস-সজ্জার পদ্ধতি

১। স্থায়ী অগ্রাধিকার পদ্ধতি (Permanency Preference Method/Rigidity Method) ঃ সম্পত্তি ও দায়গুলি এদের স্থায়িত্ব অনুযায়ী দেখান হয়। যে সম্পত্তি ও দায় যত বেশি স্থায়ী, তা তত আগে দেখান হয়। যেমন—

Balance Sheet as at.....

Liabilities	Rs.	Assets	Rs.
Fixed Liabilities :		Fixed Assets :	
Capital		Goodwill	
Reserve		Land and Building	
Loan		Plant and Machinery	
Current Liabilities :		Furniture	
Sundry Creditors		Patent Rights	
Bills Payable		Investments	
Bank Overdraft		Current Assets :	
Outstanding Expenses		Stock	
		Sundry Debtors	
		Bills Receivable	
		Cash at Bank	
		Cash in hand	

২। তরল অগ্রাধিকার পদ্ধতি (Liquidity Preference Method) ঃ এই পদ্ধতি স্থায়ী অগ্রাধিকার পদ্ধতির ঠিক বিপরীত। এই পদ্ধতিতে সম্পত্তি ও দায়গুলিকে উহাদের তরলত্ব (Liquidity) অনুযায়ী দেখান হয়। যে সম্পত্তি ও দায় যত শীঘ্র পরিশোধ করতে হবে, তা তত আগে দেখান হয়।

৩। মিশ্র পদ্ধতি (Mixed Method) ঃ এই পদ্ধতি অনুসারে সম্পত্তিগুলি তরল অগ্রাধিকার পদ্ধতি এবং দায়গুলি স্থায়ী অগ্রাধিকার পদ্ধতি অনুসারে দেখান হয়।

২.১২ উদাহরণমালা

উদাহরণ—১

নিম্নের তথ্যগুলি থেকে 30th June, 2001 তারিখে সমাপ্ত বছরের জন্য একটি উৎপাদন ব্যয় হিসাব তৈরি করুন ঃ

From the following particulars, prepare a Manufacturing Account for the year ended 30th June, 2001 :

	Rs.		Rs.
Opening Stock :		Cost of Design	780
Raw Materials	3,200	Materials Returned	1,100
Work-in-progress	1,700	Depreciation :	
Closing Stock :		Factory Premises	750
Raw Materials	4,600	Plant	1,300
Work-in-progress	2,100	Water, Fuel and Power	5,200
Wages	22,500	Supervisor's Salary	9,300
Purchase of Raw Materials	36,350	Repairs to Plant	1,400
Factory Rent	8,100	Salary of Gatekeeper	3,000
Royalty on Production	600	Wages Outstanding	700
Carriage Inwards	400		

সমাধান ঃ

Manufacturing Account for the year ended 30th June, 2001

Dr.					Cr
		Rs.	Rs.		Rs.
To Raw Materials Consumed :				By Trading A/c	87,480
Opening Stock		3,200		(Cost of production	
Add Purchases		36,350		transferred)	
Add Carriage Inward		400			
		39,950			
Less Returns	1,100				
Closing Stock	4,600	5,700	34,250		
" Wages		22,500			
Add Outstanding		700	23,200		
" Chargeable Expenses :					
Royalty on production		600			
Cost of design		780	1,380		
Prime Cost			58,830		

[Contd.

	Rs.	Rs.		Rs.
To Factory Overhead :				
Factory rent	8,100			
Depn. on plant	1,300			
Depn. of factory premises	750			
Water, Fuel and Power	5,200			
Supervisor's salary	9,300			
Gatekeeper's salary	3,000			
Repairs to plant	1,400	29,050		
Gross Cost of Production		87,880		
„ Work-in-progress				
Add Opening stock		1,700		
		89,580		
Less Closing stock		2,100		
New Cost of Production		87,480		87,480

একমালিকী প্রতিষ্ঠানের চূড়ান্ত হিসাব

উদাহরণ—২

কোনো ব্যবসায়ীর নিম্নলিখিত রেওয়ামিল এবং অন্যান্য তথ্যগুলি বিবেচনা করে 31st March, 2001 তারিখে সমাপ্ত বৎসরের ক্রয়বিক্রয়ের হিসাব ও লাভক্ষতির হিসাব এবং উক্ত তারিখের উদ্‌বর্ত-পত্র প্রস্তুত করুন :

Prepare Trading and Profit & Loss Account for the year ended 31st March, 2001 and Balance Sheet as at that date from the folloiwng Trial Balance and other particulars of a Trader :

	Debit Rs.	Credit Rs.
Capital		1,60,000
Drawings	45,000	
Goodwill	90,000	
Building	60,000	
Machinery	40,000	
Bills Receivable and Payable	3,000	33,800
Debtors and Creditors	45,000	70,000
Returns Inward and Outward	2,000	2,650
Carriage Inward	1,000	
Carriage Outward	500	

[Contd.

	Rs.	Rs.
Furniture	4,200	
Wages	25,800	
Salaries	35,000	
Stock on 1.4.2000	40,000	
Purchases and Sales	51,000	2,18,000
Bad Debts	1,200	
Rent	6,100	
Cash in hand	25,400	
General Expenses	9,250	
	4,84,450	4,84,450

অন্যান্য তথ্যসমূহ : Other Particulars :

(i) Closing Stock on 31.3.2001–Rs. 35,000

(ii) Depreciate Machinery and Furniture by 10% and Building by 2.5%

(iii) Provide Rs. 1,500 for wages

(iv) General Expenses prepaid–Rs. 500

(v) Provide 5% on debtors against doubtful debts and 2% against discount

সমাধান :

Trading Account for the year ended 31st March, 2001

Dr. Cr.

		Rs.			Rs.
To Opening Stock		40,000	By Sales	2,18,000	
„ Purchases	51,000		Less Returns	2,000	2,16,000
Less Returns	2,650	48,350	„ Closing Stock		35,000
„ Wages	25,800				
Add Outstanding	1,500	27,300			
„ Carriage Inward		1,000			
„ Gross Profit		1,34,350			
(Transferred to P/L A/c)		2,51,000			2,51,000

Profit and Loss Account for the year ended 31st March, 2001

Dr.			Cr.	
		Rs.		Rs.
To Salaries		35,000	By Gross Profit (Transferred from Trading Account)	1,34,350
" Carriage Outward		500		
" Rent		6,100		
" Bad Debts		1,200		
" Provision for Doubtful Debts 5% of Rs. 45,000		2,250		
" Provision for discount 2% of (Rs. 45,000 – 2,250)		855		
" General Expenses	9,250			
Less Prepaid	500	8,750		
" Depreciation :				
Machinery	4,000			
Furniture	420			
Building	1,500	5,920		
" Net Profit		73,775		
(Transferred to Capital A/c)		1,34,350		1,34,350

Balance Sheet as at 31st March, 2001

Liabilities		Rs.	Assets		Rs.
Capital	1,60,000		Fixed Assets :		
Add Net Profit	73,775		Goodwill		90,000
	2,33,775		Building	60,000	
Less Drawings	45,000	1,88,775	*Less* Depreciation	1,500	58,500
Bills Payable		33,800	Machinery	40,000	
Creditors		70,000	*Less* Depreciation	4,000	36,000
Wages Outstanding		1,500	Furniture	4,200	
			Less Depreciation	420	3,780
			Current Assets :		
			Bills Receivable		3,000
			Stock		35,000
			Debtors	45,000	
			Less Prov For Doubtful Debts	2,250	
				42,750	
			Less Prov. For Discount	855	41,895
			Cash		25,400
			General Expenses Prepaid		500
		2,94,075			2,94,075

উদাহরণ—৩

জয় এবং জয়ন্ত একটি কারবারের অংশীদার। তাহারা মুনাফার 3:2 হারে অংশগ্রহণ করে। 30th June, 2001 তারিখে তাহাদের কারবারের রেওয়ামিল নিম্নরূপ ছিল ঃ

Joy and Jayanta are partners of a business; Shiring profits and losses in the ratio of 3:2. Their Trial Balance on the 30th June, 2001 was a follows.

		Debit Rs.			Credit Rs.
Freehold Premises		90,900	Sundry Creditors		59,000
Stock		60,000	Bills Payable		22,000
Furniture		30,000	Returns		2,500
Sundry Debtors		80,000	Capital Account :		
Plant		75,000	Joy	50,000	
Purchases		2,60,000	Jayanta	40,000	90,000
Bills Receivable		50,000	Sales		4,50,000
Freight		2,500	Commission		35,000
Carriage Inward		1,800	Reserve Account		50,000
Carriage Outward		1,500			
Discounts		1,200			
Returns		1,600			
Salaries		15,000			
Wages		20,000			
Cash at Bank		10,500			
Drawings :					
Joy	5,000				
Jayanta	4,000	9,000			
		7,09,000			7,09,000

নিম্নলিখিত মিলকরণগুলি বিবেচনা করে 30th June, 2001 তারিখে সমাপ্ত বছরের জন্য Trading Account, Profit and Loss Account, Profit and Loss Appropriation Account এবং ঐ তারিখের একটি উদ্‌বর্ত-পত্র প্রস্তুত করুন ঃ

(i) Closing stock Rs. 90,000, (ii) Outstanding liabilities to be provided for Salaries Rs. 5,000, Wages Rs. 4,000, (iii) Depreciate plant at 10% and Furniture at 20%, (iv) of Sundry debtors Rs. 10,000 were bad and a reserve for bad debts was to be raised at 2.5% on the balance of debtors, (v) Interest on capital was to be allowed at 5% p.a., (vi) Interest on drawings was to be charged at 12% p.a., (vii) Partners are entitled to a salary of Rs. 750 per month to Joy and

Rs. 500 per month to Jayanta, (viii) 50% of the divisible profit was to be transferred to reserve.

সমাধান :

In the Books of Joy and Jayanta

Trading Account for the year ended 30th June, 2001

Dr.			Cr.		
		Rs.			Rs.
To Opening Stock		60,000	By Sales	4,50,000	
„ Purchases	2,60,000		*Less* Returns	1,600	4,48,400
Less Returns	2,500	2,57,500	„ Closing Stock		90,000
„ Wages	20,000				
Add Outstanding	4,000	24,000			
„ Freight		2,500			
„ Carriage Inwards		1,800			
„ Gross Profit		1,92,600			
(Transferred to P/L A/c)		5,38,400			5,38,400

Profit and Loss Account for the year ended 30th June, 2001

Dr.			Cr.	
		Rs.		Rs.
To Carriage Outward		1,500	By Gross Profit (Transferred from Trading Account)	1,92,600
„ Discount		1,200		
„ Salaries	15,000			
Add Outstanding	5,000	20,000	„ Commission	35,000
„ Depreciation :				
Plant	7,500			
Furniture	6,000	13,500		
„ Bad Debts		10,000		
„ Reserve for Doubtful Debts		1,750		
„ Net Profit		1,79,650		
(Transferred P/L Appropriation A/c)		2,27,600		2,27,600

Profit and Loss Appropriation A/c for the year ended 30th June, 2001

Dr.		Rs.			Cr. Rs.
To Interest Capital :			By Net Profit (Transferred from Profit and Loss A/c)		1,79,650
Joy	2,500		" Interest on Drawings:		
Jayanta	2,000	4,500	Joy	300	
" Partner's Salaries :			Jayanta	240	540
Joy	9,000				
Jayanta	6,000	15,000			
" Reserve		80,345			
" Capital Accounts :					
Share of Profit					
Joy $= 80345 \times \frac{3}{5} = 48,207$					
Jayanta $= 80345 \times \frac{2}{5} = 32,138$		80,345			
		1,80,190			1,80,190

Balance Sheet as at 30th June,, 2001

Liabilities		Rs.	Rs.	Assets		Rs.	Rs.
Capital Accounts :				Fixed Assets :			
Joy		50,000		Freehold Premises			90,900
Add Interest on Capital		2,500		Plant		75,000	
Salary		9,000		*Less* Depreciation		7,500	67,500
Share of Profit		48,207		Furniture		30,000	
		1,09,707		*Less* Depreciation		6,000	24,000
Less Drawings	5000			Current Assets :			
Interest on Drawings	300	5,300	1,04,407	Stock in trade			90,000
Jayanta		40,000		Sundry Debtors		80,000	
Add Interest on capital		2,000		*Less* Bad Debts		10,000	
Add Salary		6,000		*Less* Reserve for		70,000	
Add Share of Profit		32,138		Doubtful Debts		1,750	68,250
		80,138		Bills Receivable			50,000
Less Drawings	4,000			Cash at Bank			10,500
Interest on Drawings	240	4,240	75,898				
Reserve Account		50,500	1,30,845				
Add this year		80,345					
Current Liabilities :							
Sundry Creditors			59,000				
Bills Payable			22,000				
Outstanding Liabilities:							
Salaries		5,000					
Wages		4,000	9,000				
			4,01,150				4,01,150

বিঃদ্রঃ (১) অংশীদারদের Drawings-এর তারিখ উল্লেখ নেই বলে উহাদের উপর সুদ ছয় মাসের জন্য ধার্য করা হয়েছে।

(২) Reserve Account-এ 80,345 টাকা স্থানান্তরিত করা হয়েছে, উহা নিম্নলিখিতভাবে নিরূপিত হয়েছে ঃ

মুনাফা 1,79,650+540 – (4,500 + 15,000) = Rs. 1,60,690

5% of 1,60,690 = Rs. 80,345

২.১৩ অমুনাফাসন্ধানী প্রতিষ্ঠানের হিসাবনিকাশ—পরিবার, ক্লাব ইত্যাদি (Accounting for Non-profit Seeking Concerns–Family, Club, etc.)

অমুনাফাসন্ধানী প্রতিষ্ঠান বলতে বুঝায়, সে সব প্রতিষ্ঠান যাহারা পণ্য ক্রয়বিক্রয় করে না এবং মুনাফা অর্জন করা যাদের লক্ষ্য নহে। উহাদের উদ্দেশ্য, সেবামূলক কার্যের দ্বারা সমাজের কল্যাণ সাধন করা। যেমন—ক্লাব, স্কুল, কলেজ, পরিবার ইত্যাদি। উহাদের চূড়ান্ত হিসাবের দুটি স্তর আছে—

১। আয়-ব্যয় হিসাব (Income and Expenditure Account)

২। উদ্‌বর্ত-পত্র (Balance Sheet)

(১) আয়-ব্যয় হিসাব ঃ যেহেতু এই প্রকার প্রতিষ্ঠানের উদ্দেশ্য মুনাফা অর্জন করা নয়, অতএব ইহারা লাভক্ষতি হিসাব (Profit and Loss Account) তৈরি করে না। কিন্তু এসব প্রতিষ্ঠানের আয়-ব্যয় আছে। সুতরাং ইহারা লাভক্ষতি হিসাবের পরিবর্তে উদ্বৃত্ত বা ঘাটতি জানার উদ্দেশ্যে আয়-ব্যয় হিসাব (Income-Expenditure Account) প্রস্তুত করে থাকে। ইহাকে বামদিকে অর্থাৎ Debit দিকে চলতি বছরের যাবতীয় মুনাফাজাতীয় ব্যয় এবং ডানদিকে অর্থাৎ Credit দিকে যাবতীয় মুনাফাজাতীয় আয় লেখা হয়। এই হিসাবের জের Credit হলে বুঝায় উদ্বৃত্ত (Surplus) অর্থাৎ ব্যয় হতে আয় বেশি (Excess of Income over Expenditure) এবং জের Debit হলে বুঝায় ঘাটতি (Deficit) অর্থাৎ আয় হতে ব্যয় বেশি (Excess of Expenditure over Income). Income and Expenditure Account হচ্ছে অমুনাফাসন্ধানী প্রতিষ্ঠানের Profit and Loss A/c. এই হিসাব খাতের জের Surplus অথবা Deficit উদ্‌বর্ত-পত্রের Capital Fund-এর সাথে যথাক্রমে যোগ অথবা বিয়োগ করতে হয়।

(২) উদ্‌বর্ত-পত্র ঃ মুনাফাসন্ধানী প্রতিষ্ঠানের উদ্বর্ত-পত্রের সাথে অমুনাফাসন্ধানী প্রতিষ্ঠানের উদ্‌বর্ত-পত্রের বিশেষ কোনো পার্থক্য নেই। যে-কোনো প্রতিষ্ঠানের ক্ষেত্রে পরিচালনার জন্য অর্থের প্রয়োজন। অমুনাফাসন্ধানী প্রতিষ্ঠানের ক্ষেত্রে এরূপ অর্থকে বলা হয় মূলধন তহবিল (Capital Fund, General Fund বা Accumulated Fund)। প্রকারান্তরে Capital Fund মুনাফাসন্ধানী প্রতিষ্ঠানের Capital-এর প্রতিকল্প।

উদাহরণ ঃ

31st December, 2000 তারিখের Tallyganj Club-এর নিম্নলিখিত রেওয়ামিল হতে একটি আয়-ব্যয় হিসাব এবং উক্ত তারিখের একটি উদ্‌বর্ত-পত্র প্রস্তুত করুন ঃ

From the following Trial Balance of Tallyganj Club as at 31st December, 2000, prepare an Income and Expenditure Account and a Balance Sheet as on that date :

	Debit Rs.		Credit Rs.
Building	50,000	Capital Fund	1,40,000
Furniture	5,000	Donation	50,000
Library Books	25,000	Subscription	55,000
Investments	50,000	Entrance Fees	10,000
Salaries	3,600	Interest on Investments	600
Purchase of Books	40,000	Sale of old Furniture	500
Rent and Taxes	3,600	Proceeds of Lectures	8,000
Insurance Premium	1,500		
Printing and Stationery	450		
Sundry Expenses	450		
Purchase of Furniture	7,500		
Purchase of Investments	75,000		
Cash in hand	2,000		
	2,64,100		2,64,100

অতিরিক্ত তথ্যগুলি বিবেচনা করতে হবে ঃ

Additional particulars to be considered–

(a) Accrued Subscription–Rs. 15,000

(b) Outstanding Liabilities for expenses–Rs. 7,500

(c) Insurance Premium paid in advance–Rs. 300

(d) Depreciate Building at 5%, Library Books at 10% and Investments at 5% to be calculated at the opening balance of the assets.

(e) 50% of the Donation is to be capitalised

সমাধান :

Tollyganj Club

Income and Expenditure Account for the year ended 31st December, 2000

Dr. Cr.

Expenditure	Rs.	Rs.	Income	Rs	Rs.
To Salaries		3,600	By Subscription	55,000	
,, Rent and Taxes		3,600	Add Accrued	15,000	70,000
,, Insurance Premium	1,500		,, Interest On Investments		600
Less Prepaid	300	1,200	,, Proceeds of Lectures		8,000
,, Printing and Stationery		450	,, Donation $50,000 \times \frac{50}{100}$		25,000
,, Sundry Expenses	450				
Add Outstanding	7,500	7,950			
,, Depreciation :					
Building	2,500				
Library Books	2,500				
Investments	2,500	7,500			
,, Surplus, being excess of Income over Expenditure		79,300			
Transferred to Capital Fund		1,03,600			1,03,600

Balance Sheet as at 31st December, 2000

Liabilities	Rs.	Rs.	Assets	Rs	Rs.
Capital Fund	1,50,000		Building	50,000	
Add Donation			*Less* Depreciation	2,500	47,500
$50,000 \times \frac{50}{100}$	25,000		Furniture	5,000	
			Add Purchase	7,500	
Add Surplus	79,300	2,54,300		12,500	
			Less Sales	500	12,000

[Contd.

Liabilities	Rs.	Rs.	Assets	Rs	Rs.
Outstanding Liabilities for Expenses		7,500	Library Books	25,000	
			Add Purchase	40,000	
				65,000	
			Less Depreciation	2,500	62,500
			Investments	50,000	
			Add Purchase	75,000	
				1,25,000	
			Less Written off	2,500	1,22,500
			Accrued Subscription		15,000
			Prepaid Insurance		300
			Cash in hand		2,000
		2,61,800			2,61,800

২.১৪ পারিবারিক প্রতিষ্ঠানের চূড়ান্ত হিসাব

উদাহরণ ঃ

শ্রী পি. কে বসুর নিম্নলিখিত তথ্যগুলি থেকে 31st December, 2000 তারিখে সমাপ্ত হওয়া বছরের একটি আয়-ব্যয় হিসাব প্রস্তুত করুন ঃ

